# মিশিগান

# মোটরসাইকেল অপারেটর ম্যানুয়াল

Michigan.gov/SOS

জোসেলিন বেনসন
সেক্রেটারি অব স্টেট

মিশিগান ডিপার্টমেন্ট অব স্টেট, মে ২০২২

এই ম্যানুয়াল মিশিগানের প্রত্যেক ড্রাইভারের যা অবশ্যই জানা উচিত,-এর একটি সহায়িকা, যার মধ্যে সড়কের নিয়মাবলী, চিহ্ন, সংকেত, রোডওয়ে মার্কিং, এবং নিরাপদে গাড়ি চালানোর অনুশীলন অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই ম্যানুয়ালে থাকা তথ্য, গ্রাফিক্স, ও ছবি Motorcycle Safety Foundation এবং Highway Safety Services LLC এবং AAMVA Test Maintenance Subcommittee & Stakeholders Advisory Group-এর সৌজন্যে সরবরাহ করা হয়েছে।

MSF Motorcycle Safety Foundation
2 Jenner, Suite 150, Irvine, CA 92618
949-727-3227 / msf-usa.org

AAMVA আমেরিকান অ্যাসোসিয়েশন অব মোটর ভেহিকল অ্যাডমিনিস্ট্রেটর্স
4401 Wilson Boulevard, Suite 700
Arlington, Va 22203
703-522-4200/aamva.org

## কুইক টিপস: আপনি কি মোটরসাইকেল চালানো উচিত?

মোটর সাইকেল চালানো মানেই এক অনন্য অভিজ্ঞতা। রাইডিং মজাদার ও প্রাণবন্ত, তবুও নিরাপদ রাইডিংয়ের জন্য প্রয়োজনীয় স্কিল, মোটর সাইকেলে গাড়ির মতো ক্র্যাশ সুরক্ষার অভাব রয়েছে, এসব মিলে কোনো ব্যক্তির মোটরসাইকেল চালানো বেছে নেওয়া উচিত কিনা তা নিয়ে সংশয় হতে পারে। কোনো কোনো সম্ভাব্য রাইডারের জটিল ট্রাফিক পরিবেশে সময়মতো ও সুদক্ষ পদক্ষেপ নেওয়ার মতো স্কিলের অভাব থাকে; অন্যান্যদের সূক্ষ্ম বিচারবোধের অভাব থাকে কিংবা তারা ঝুঁকি ব্যবস্থাপনার ধারণাটির বিষয়ে খুব একটা ভালোভাবে জানে না।

MSF বিশ্বাস করে যে মোটরসাইক্লিং সবার জন্য নয়। যদি আপনি একজন রাইডার হওয়ার কথা ভেবে থাকেন, সেক্ষেত্রে, সড়কে নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য আবশ্যক শারিরীক সক্ষমতা ও মানসিক দৃষ্টিভঙ্গি বিষয়ক স্ব-মূল্যায়ন হিসেবে ব্যবহারের জন্য এখানে আপনাকে কিছু প্রশ্ন দেওয়া হলো:

1. আপনি কি আপনার চেনা-জানা অন্যদের তুলনায় বেশি ঝুঁকি নেন? যদি আপনি গাড়ি চালানোর সময় রোমাঞ্চ পেতে চান এবং আপনার কোনো আক্রমণাত্মক বা ঝুঁকিপূর্ণ প্রবণতা থাকে (অন্য গাড়ির খুব কাছ ঘেঁষে গাড়ি চালানো, সিগন্যাল ছাড়াই মোড়ে ঘোরা, মোবাইল ফোনে কথা বলা, অন্য ড্রাইভারদের সাথে রেগে যাওয়া, ইত্যাদি), তাহলে মোটরসাইক্লিং সম্ভবত আপনার জন্য নয় । মোটরসাইক্লিং অনেকেরই সার্বিক জীবনমান উন্নত করলেও, কারো কারো জীবনে এটি বিপর্যয় ডেকে আনতে পারে। দূর্ঘটনা শুধু অন্যদের ক্ষেত্রেই ঘটে, এমন ধারণা পোষণ করলে আপনাকেই বিপদে পড়তে হবে।

2. আপনি কি বাইসাইকেল চালাতে পারেন? এটি আমাদের বেসিক রাইডারকোর্সে তালিকাভুক্ত হওয়ার পূর্বশর্ত এবং সাধারণত এটি থেকে আপনার মোটরসাইকেল চালানোর ক্ষমতা পরিমাপ করা যায়। বাইসাইকেল চালানো, মোটরসাইকেল চালানোর মতোই একটি শারীরিক কাজ, যার সাথে ভারসাম্য ও সমন্বয় জড়িত। এবং সমন্বয়ের সূত্র ধরেই বলতে হয় ...

3. আপনি কি ম্যানুয়াল গিয়ারের গাড়ি চালাতে পারেন? এটি কোনো আবশ্যকীয়তা নয়, তবে এটি চালানো শেখা আরো সহজ করতে পারে কেননা প্রায় সব মোটর সাইকেলেরই ম্যানুয়াল ট্রান্সমিশন রয়েছে। যদি আপনি গিয়ার পাল্টানোর ঝামেলা না নিয়েই পাওয়ার্ড টুহুইলারের স্বাদ নিতে চান, সেক্ষেত্রে আপনি মোটর স্কুটার দিয়ে শুরু করতে পারেন। সাধারণত মোটর স্কুটারের অটোমেটিক ট্রান্সমিশন থাকে এবং এগুলো বিভিন্ন সাইজের হয়, যার মধ্যে আছে ৫০ কিউবিক সেন্টিমিটারের (সিসি) সাধারণ মডেল থেকে শুরু করে ৬৫০ সিসি-র শক্তিশালী মডেল।

4. আপনি কি ভালোভাবে দেখতে পান? মোটর সাইকেল চালানোর জন্য বিশেষ প্রত্যক্ষণ স্কিল থাকা আবশ্যক যা ভালো দৃষ্টিশক্তির উপর নির্ভর করে। আপনি কি সম্প্রতি চোখের পরীক্ষা করিয়েছেন? আপনি কি অনেক দূরের জিনিস অন্যদের তুলনায় দেরিতে দেখতে পান? নিরাপদ রাইডিংয়ের জন্য সামনের জিনিস ভালো দেখতে পাওয়ার ক্ষমতা গুরুত্বপূর্ণ।

5. আপনি কি যান্ত্রিক বিষয়ের প্রতি আগ্রহী? এখনকার মোটরসাইকেল খুবই নির্ভরযোগ্য মেশিন, কিন্তু এগুলোর বোল্ট, নাট, ও কার্যপদ্ধতি সবকিছু চোখের সামনেই থাকে, এবং এসব মোটরসাইকেল মাত্র দুইটি টায়ার দিয়েই আপনার সাথে রাস্তার যোগাযোগ তৈরি করে, তাই আপনাকে আপনার সরঞ্জাম নিরীক্ষণ করতে হবে এবং মাঝে মাঝে ছোটখাটো সমন্বয় করতে হবে। আপনাকে মাস্টার ম্যাকানিক হতে হবে না, কিন্তু এটি আপনাকে টায়ার প্রেশার গেজ এবং রেঞ্চ সম্পর্কে ভালোভাবে জানতে সাহায্য করবে। একজন রাইডারের জানা প্রয়োজন এমন সবকিছুই মোটরসাইকেল মালিকের ম্যানুয়ালে দেওয়া থাকে, এবং যদি আপনি আপনার গাড়ির মালিকের ম্যানুয়াল কখনোই না পড়ে থাকেন, তাহলে এটিও প্রমাণ করে যে মোটরসাইক্লিং আপনার জন্য নয়।

6. আপনি কি নিরাপত্তা বিষয়ে সচেতন? যদি বাড়িতে কোনো ছোটখাটো কারিগরি কাজ করলেই আপনাকে হাতে-পায়ে ব্যান্ডেজ লাগাতে হয়, কিংবা যদি আপনি মনে করেন অ্যালকোহলের মাঝে ডুবে থেকে মোটরযান চালানো কোনো ব্যাপারই নয়, সেক্ষেত্রে মোটরসাইকেল চালানোর অনন্য অভিজ্ঞতাকে আপনি হয়তো আপনার সিদ্ধান্ত-গ্রহণের সাথে মানিয়ে নিতে পারবেন না। কেবল নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিলেই রাইডাররা তাদের পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে পারে। লক্ষ লক্ষ মোটরসাইকেল চালক কোনো রকম দূর্ঘটনা ছাড়াই লক্ষ লক্ষ মাইল পাড়ি দেয়, কেননা তারা নিরাপত্তার বিষয়টি গুরুত্বের সাথে নেয়।

7. আপনি কি ঝুঁকিপূর্ণ মেশিনারি বা অন্যান্য সরঞ্জামকে গুরুত্বের সাথে দেখেন? যেমন, লন মোয়ার বা চেইন স ব্যবহারের সময়, আপনি কি এটি ঠিকমতো চালনা করতে পারেন এবং প্রয়োজনে চোখ/কান/হাতের জন্য সুরক্ষা ব্যবস্থা নেন? যদি আপনি অনুপযুক্ত ব্যবহারের ফলে গুরুতর আঘাত লাগতে পারে এমন সাধারণ মেশিনারি ও সরঞ্জামের সাথে সম্পর্কিত নিরাপত্তার ব্যাপারে উদাসীন হন, তাহলে আপনি হয়তো সুরক্ষা পূর্বসতর্কতা মেনে চলার দিক থেকে মোটরসাইকেল চালানোকে যথেষ্ট গুরুত্বের সাথে বিবেচনা করেন না। সফল রাইডাররা জানেন নিরাপত্তা কোনো ভাগ্যের ব্যাপার নয়, বরং নিরাপত্তা মানে ঝুঁকি কমাতে সঠিক কাজগুলো করা।

8. আপনি কি মনোযোগ ধরে রাখতে পারেন? অমনোযোগী হওয়া দূর্ঘটনার প্রধান কারণ। নিরাপদে মোটর সাইকেল চালানোর জন্য তাৎক্ষণিক কাজের প্রতি গভীর মনোযোগ এবং আপনার চারপাশে ৩৬০ ডিগ্রিতে চলমান সবকিছুর ব্যাপারে সূক্ষ সচেতনতা আবশ্যক। সড়কের ব্যস্ত সময়ে মোটরসাইকেলে বসে দিবাস্বপ্ন দেখলে চলবে না। যেমন, যদি দেখেন আপনি হঠাৎ বিভ্রান্ত হয়ে বারবার ব্রেক করছেন, বা আপনি আগে লক্ষ্য করেননি এমন কোনো গাড়ি বা ট্রাককে আপনাকে পাস করে যেতে দেখে চমকে উঠছেন, তার মানে আপনার পরিস্থিতির সাথে সম্পর্কিত সচেতনতাবোধ পর্যাপ্ত নয়।

9. আপনি কি জরুরি অবস্থায় আপনার গাড়ি নিয়ন্ত্রণ করতে পারেন? ক্র্যাশ এড়ানোর জন্য ড্রাইভারদের প্রায়শই জোরে বা কড়া ব্রেক করার প্রয়োজন হয় না, তবে প্রয়োজন হলে এটি করতে পারার দক্ষতা থাকা গুরুত্বপূর্ণ। মোটরসাইকেলের ক্ষেত্রে, এ ধরনের দক্ষতা থাকা দরকার কেননা অন্যান্য হাইওয়ে ব্যবহারকারীরা ট্রাফিকের সময় মোটরসাইকেল চালকদের গুরুত্ব দিতে চান না, বিশেষ করে চৌরাস্তায়।

10. আপনি কি বাইকে চড়ে বসার আগে সঠিকভাবে বাইক চালানোর পেছনে কিছু সময় বিনিয়োগ করতে চান? আপনার সেরা "প্রথম রাইড" হলো বেসিক রাইডার কোর্স যেখানে আপনি মোটরসাইকেল নিরাপদ চালানোর সাথে পরিচিত হবেন। আপনি এই কোর্স এক্সপেরিমেন্ট হিসেবেও করে দেখতে পারেন, যা আপনাকে ভালো রাইডিংয়ের গতিশীলতা বুঝতে এবং মোটরসাইকেল চালানোর সিদ্ধান্ত আপনার জন্য ঠিক কিনা তা নির্ধারণ করতে সাহায্য করবে।

# সূচিপত্র


**অধ্যায় এক** **মিশিগান মোটরসাইকেল চালকের লাইসেন্সিং**

মোটরসাইকেল এনডোর্সম্যান্ট..... 1
মিশিগান রাইডার শিক্ষা কর্মসূচি..... 7
মিশিগান মোটরসাইকেল নিবন্ধনের আবশ্যকীয়তাসমূহ ..... 9

**অধ্যায় দুই** **মিশিগানের মোটরসাইকেল আইন ..... 11**

এনডোর্সম্যান্ট ও টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট..... 11
মাদক ও অ্যালকোহল..... 12
দেওয়ানি লঙ্ঘন ..... 12
সরঞ্জাম..... 13

**অধ্যায় তিন** **রাইডিং করার অবস্থায় থাকা..... 16**

অ্যালকোহল, অন্যান্য মাদক ও রাইডিং..... 16
MSF – কুইক টিপস: অ্যালকোহল বা অন্যান্য ওষুধের
প্রভাবমুক্ত রাইডিংয়ের গুরুত্ব..... 18

**অধ্যায় চার** **আপনি চালানোর আগে..... 20**

MSF – মোটরসাইকেলের হেলমেট সম্পর্কে আপনাকে যা জানতে হবে..... 23
আপনার মোটরসাইকেলকে জানুন ..... 27
প্রি-রাইড চেক ..... 28
MSF – T-CLOCS নিরীক্ষণ চেকলিস্ট..... 30
MSF – কুইক টিপস: অ্যান্টি-লক ব্রেকিং সিস্টেম (ABS) ..... 31

**অধ্যায় পাঁচ** **মোটরসাইকেলের মৌলিক অপারেশন..... 32**

শুরু করা..... 32
মোড় নেওয়া ..... 34

**অধ্যায় ছয়** **সড়কের কৌশল..... 36**

ঝুঁকি ব্যবস্থাপনা..... 36
স্থান ব্যবস্থাপনা..... 38
MSF – কুইক টিপস: মনে করুন আপনি অদৃশ্য।..... 41
গতি ব্যবস্থাপনা ..... 43

**অধ্যায় সাত** **সড়ক ব্যবস্থাপনা ..... 46**

অধ্যায় আট **বিশেষ রাইডিং পরিস্থিতি** ..... **49**

অধ্যায় নয় **যাত্রী, কার্গো ও গ্রুপ রাইডিং** ..... **53**
MSF – কুইক টিপস: যাত্রী নিয়ে মোটরসাইকেল চালানোর ব্যাপারে নির্দেশনা ..... 56
MSF – কুইক টিপস: গ্রুপ রাইডের জন্য MSF-এর নির্দেশনা ..... 58

অধ্যায় দশ **রাইডারের পারফরম্যান্সকে প্রভাবিত করা বিষয়সমূহ** ..... **62**

অধ্যায় এগারো **তিন-চাকার মোটরযান** ..... **64**
সাইডকারসহ ট্রাইক ও মোটরসাইকেল অপারেটিংয়ের সাধারণ বৈশিষ্ট্যসমূহ ..... 64
ট্রাইকের অনন্য অপারেটিং বৈশিষ্ট্য ..... 65
সাইডকারসহ মোটরসাইকেলের অনন্য অপারেটিং বৈশিষ্ট্যসমূহ ..... 66

অধ্যায় বারো **নমুনা জ্ঞান পরীক্ষার প্রশ্নমালা** ..... **69**

**পরিশিষ্ট** ..... **70**
MSF – কুইক টিপস: নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য সাধারণ নির্দেশিকা .... 71
MSF – অত্যন্ত নিরাপদসেরা দশের তালিকা ..... 72
MSF – মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন রাইডারদের পছন্দ™ নিরাপত্তার জন্য চুক্তি ... 73

অধ্যায় এক

# মোটরসাইকেল চালকের লাইসেন্সিং

**এই অধ্যায়ে রয়েছে**

- মোটরসাইকেল এনডোর্সম্যান্ট
- টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট
- রাইডারের স্কিল পরীক্ষা
- মিশিগান রাইডার শিক্ষা কর্মসূচি
- আপনার ড্রাইভার লাইসেন্সের পুনর্নবীকরণ

মোটরসাইক্লিং মানেই এক অনন্য অভিজ্ঞতা। গাড়ির মতো, মোটরসাইকেলে আপনি শুধু বসেনই না, আপনি এর একটি অংশ হয়ে যান। একজন পরোক্ষ ড্রাইভার হিসেবে নয়, বরং একজন সক্রিয় রাইডার হিসেবে রাস্তার ছন্দের সাথে তাল মিলিয়ে, মসৃণভাবে এঁকেবেঁকে চলা; নির্ভুলভাবে শিফটিং, অ্যাক্সিলারেটিং, এবং ব্রেক করা। কর্মস্থলে আসা-যাওয়া কিংবা সাপ্তাহিক ছুটির দিনে বন্ধুদের সাথে নিয়ে গ্রুপ রাইডে যাওয়া - যে কারণেই হোক না কেন, মোটরসাইক্লিং আপনার সকল অনুভূতিকে চাঙ্গা করে এবং স্বাধীনতার এক প্রবল উদ্দীপনা সৃষ্টি করে।

সেই স্বাধীনতার সাথে সাথেই, দায়িত্বের প্রসঙ্গও চলে আসে। প্রত্যেক রাষ্ট্রেরই কয়েক ধরনের লাইসেন্স এনডোর্সম্যান্ট আবশ্যক যা আপনার দক্ষতা ও জ্ঞানের ন্যূনতম মাত্রা প্রদর্শন করে। আপনার মোটরসাইকেল কিভাবে চালাবেন তা শেখায় পর্যাপ্ত সময় দিন এবং প্রচুর রাইডিংয়ের অভিজ্ঞতা নিন। আপনার শিখন প্রক্রিয়ায় পরামর্শ দেওয়ার জন্য একজন অভিজ্ঞ ও দায়িত্বশীল মোটরসাইক্লিস্টকে খুঁজে নিন। এই পরামর্শ গ্রহণ এবং রাইডিং অভিজ্ঞতা আপনাকে আজকের ট্রাফিক পরিবেশ নিয়ন্ত্রণের জন্য প্রস্তুত করবে এবং দূর্ঘটনার সম্ভাব্য ঝুঁকি প্রতিরোধ করবে। সকল রাইডারকে এন্ট্রি-লেভেল রাইডার শিক্ষা রোর্সে অংশ নিতে উৎসাহিত করা হয় যা মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জনের জন্য আবশ্যক তথ্য ও হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করে। এর মাধ্যমে আপনি আপনার রাইডিং স্কিল এবং মানসিক কৌশল উন্নত করতে শিখবেন, যা আপনাকে আরো নিরাপত্তা সচেতন ও সতর্ক রাইডার করে তুলবে। এই ম্যানুয়াল এবং অন্যান্য মোটরসাইকেল বিষয়ক প্রকাশনা আপনাকে সফল হওয়ার প্রস্তুতি নিতে সাহায্য করবে।

## মোটরসাইকেল এনডোর্সম্যান্ট

(১) কোনো ব্যক্তির, কোনো পাবলিক স্ট্রীট বা হাইওয়েতে, মোটর সাইকেল চালানোর আগে অটোসাইকেল ব্যতীত, তার অপারেটর বা ড্রাইভারের লাইসেন্সে মোটর সাইকেল এনডোর্সম্যান্ট গ্রহণ করতে হবে।
(৪) উপধারা (১) লঙ্ঘনকারী ব্যক্তি নিম্নরূপ শাস্তিযোগ্য লঘু অপরাধের জন্য দোষী হবেন:
প্রথম লঙ্ঘনের ক্ষেত্রে, সর্বোচ্চ ৯০ দিন পর্যন্ত কারাদণ্ড অথবা সর্বোচ্চ ৫০০.০০ ডলার পর্যন্ত জরিমানা, অথবা উভয় দণ্ড।
পূর্বে দোষী সাব্যস্ত হওয়ার পর কোনো লঙ্ঘন ঘটলে, সর্বোচ্চ এক বছরের কারাদণ্ড অথবা সর্বোচ্চ ১,০০০ ডলার জরিমানা, অথবা উভয় দণ্ড।
MCL 257.312a.

আইনে বর্ণিত দণ্ডের পাশাপাশি, আপনার মোটরসাইকেল টো করে জব্দ করা হবে। স্বীকার করুন যে, আপনি তালিকাভুক্ত নন এবং এইমাত্র একজন আইন প্রয়োগকারী কর্মকর্তা আপনাকে রাস্তার পাশে দাঁড় করিয়েছেন।

ট্রাফিক থামানোর পর, আপনি আইনত আপনার মোটরসাইকেল চালিয়ে বাড়ি যেতে পারবেন না, এবং আপনি এটি ছাড়িয়ে নেওয়ার ব্যবস্থা না করা পর্যন্ত মোটরসাইকেলটি রাস্তার পাশেই পার্ক করা থাকবে যার ফলে আপনার বাইক চুরি হয়ে যেতে পারে বা এর ক্ষতি হতে পারে। আপনি অনুমোদনহীন অবস্থায় বাইক চালানোর সময় ধরা পড়ার সম্ভাব্য পরিণতি হলো আপনার বাইক টো করে জব্দ করা।

## তিন-চাকার মোটরসাইকেলের এনডোর্সম্যান্ট

অটোসাইকেল ব্যতীত, তিন-চাকার মোটরসাইকেল চালানোর জন্য ইস্যুকৃত এনডোর্সম্যান্ট, যা তিন-চাকার মোটর সাইকেল চালানোতেই সীমাবদ্ধ এবং এটি দুই-চাকার মোটরসাইকেল চালানোর অনুমতি দেয় না। MCL 257.312b (3). *তিন-চাকার লাইসেন্স রেস্ট্রিকশন কোড: ২০

## মোটরসাইকেল এনডোর্সম্যান্টের জন্য আবেদন

পাবলিক রোডে মোটরসাইকেল চালানোর জন্য, আপনাকে অবশ্যই মোটরসাইকেল এনডোর্সম্যান্টসহ মিশিগানের একটি বৈধ ড্রাইভারের লাইসেন্সের অধিকারী হতে হবে। মোটরসাইকেল এনডোর্সম্যান্টের খরচ নিয়মিত ড্রাইভারের লাইসেন্স ফি-এর সাথে যোগ করা হয়। মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স সফলভাবে সম্পন্ন করে অথবা রাইডারের স্কিল টেস্ট (যাতে সেক্রেটারি অব স্টেট অফিসে গিয়ে লিখিত জ্ঞানমূলক পরীক্ষা প্রদান অন্তর্ভুক্ত) দেওয়ার মাধ্যমে মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জন করা যায় । মোটরসাইকেল এনডোর্সম্যান্ট লাভের আবশ্যকীয়তাগুলো কিশোর-কিশোরী ও প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হয়।

- **Michigan.gov/Motorcycling** ঠিকানায় গিয়ে মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স খুঁজে নিন।
- **Michigan.gov/MotorcycleTest** -এ একটি ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান খুঁজে নিন যা রাইডারের স্কিল পরীক্ষা সরবরাহ করে।

## কিশোর-কিশোরী

মোটরসাইকেল এনডোর্সম্যান্টের জন্য আবেদন করতে, আপনার বয়স অবশ্যই কমপক্ষে ১৬ বছর হতে হবে এবং:

- বৈধ লেভেল ২ বা লেভেল ৩ গ্র্যাডুয়েটেড ড্রাইভার লাইসেন্সের অধিকারী হতে হবে।
- অনুমোদিত মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স সফলভাবে সম্পন্ন করতে হবে।
- সেক্রেটারি অব স্টেট কার্যালয়ে গিয়ে মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স সম্পন্ন করার সনদপত্র দেখাতে হবে এবং ভিশন টেস্টে উত্তীর্ণ হতে হবে। আপনার বয়স ১৮ বছরের কম হলে আপনার মা/বাবা বা আইনি অভিভাবকের স্বাক্ষর আবশ্যক।

## প্রাপ্তবয়স্ক

মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্সে ভর্তি হয়ে মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জন করার জন্য, আপনাকে অবশ্যই:

- মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্সে সফলভাবে উত্তীর্ণ হতে হবে।
- সেক্রেটারি অব স্টেট কার্যালয়ের শিডিউল নিতে হবে। এছাড়াও আপনি যোগ্য হলে Michigan.gov/SOS ঠিকানায় গিয়ে বা কোনো সেলফসার্ভিস স্টেশনের অনলাইন সেবা ব্যবহার করে আপনার লাইসেন্সে CY (মোটরসাইকেল) এনডোর্সম্যান্ট যোগ করে নিতে পারেন।
- ভিশন টেস্টে উত্তীর্ণ হতে হবে।
- মোটরসাইকেল এনডোর্সম্যান্ট ফি পরিশোধ করতে হবে।

## মোটরসাইকেল টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট

কোনো ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত রাইডারের স্কিল পরীক্ষায় অংশ নিয়ে মোটরসাইকেল এনডোর্সম্যান্ট লাভের জন্য, আপনাকে অবশ্যই:

- কমপক্ষে ১৮ বছর বয়সী হতে হবে।
- বৈধ ড্রাইভারের লাইসেন্সের অধিকারী হতে হবে।
- সেক্রেটারি অব স্টেট কার্যালয়ে অনুষ্ঠিত লিখিত জ্ঞানমূলক পরীক্ষা এবং ভিশন টেস্টে উত্তীর্ণ হতে হবে।
- মোটরসাইকেল টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট অর্জন করতে হবে এবং একজন তালিকাভুক্ত রাইডারের তত্ত্বাবধানে ১৮০ দিন পর্যন্ত রাইডিংয়ের অনুশীলন করতে হবে। (১০-বছর সময়কালের মধ্যে শুধুমাত্র দুইটি TIP ইস্যু করা হবে।)
- ডিপার্টমেন্ট অব স্টেট কর্তৃক অনুমোদিত ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রাইডারের স্কিল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

- ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান আপনার পরীক্ষার ফলাফল সেক্রেটারি অব স্টেটের কাছে আপলোড করবে। আপনার এনডোর্সম্যান্ট ইস্যু করিয়ে নেওয়ার জন্য আপনি সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে যেতে পারেন। অথবা যদি আপনি যোগ্য হন, সেক্ষেত্রে অনলাইনে বা সেলফ-সার্ভিস স্টেশনে আপনার এনডোর্সম্যান্টের জন্য আবেদন করতে পারেন।
- মোটরসাইকেল এনডোর্সম্যান্ট ফি পরিশোধ করতে হবে।।

যদি আপনি মোটরসাইকেল রাইডারের স্কিল পরীক্ষায় দুইবার অকৃতকার্য হন, সেক্ষেত্রে রাইডার শিক্ষা কোর্সে অংশ নেওয়া আবশ্যক।

মোটরসাইকেল টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিটের (TIP) উদ্দেশ্য হলো নতুন রাইডারদের মোটরসাইকেল রাইডারের স্কিল পরীক্ষায় অংশ নেওয়ার আগে একজন অভিজ্ঞ মোটরসাইক্লিস্টের নিয়মিত তত্বাবধানে পাবলিক রোডে মোটরসাইকেল চালানো অনুশীলন করার সুযোগ দেওয়া। সহজভাবে বললে TIP একটি স্বল্পমেয়াদী টুল যা মিশিগান মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জনের জন্য ব্যবহৃত হয়। TIP ১৮০ দিন পর্যন্ত বৈধ থাকে এবং এটি রাইডারের স্কিল পরীক্ষার জন্য আবশ্যক। ১০-বছর সময়কালের মধ্যে কেবল দুইটি TIP ইস্যু করা হয়। যদি আপনি আপনার রাইডারের স্কিল পরীক্ষা দেওয়ার আগেই দ্বিতীয় TIP মেয়াদোত্তীর্ণ হয়, সেক্ষেত্রে আপনার মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জন করার জন্য আপনাকে অবশ্যই রাইডারের শিক্ষা কোর্সে উত্তীর্ণ হতে হবে।

মোটরসাইকেল TIP লাভের জন্য আপনার অবশ্যই:

- মিশিগানের বৈধ ড্রাইভারের লাইসেন্স থাকতে হবে।
- ভিশন টেস্ট ও মোটরসাইকেলের জ্ঞানমূলক লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- TIP ফি পরিশোধ করতে হবে।

## ভিশন টেস্ট

আপনার দৃষ্টিশক্তি নূন্যতম মানদণ্ড পূরণ করে কিনা তা নির্ধারণ করতে আপনাকে একটি ভিশন টেস্টে অংশ নিতে হবে। টেস্টে পাশ করার জন্য কারেকটিভ লেন্সের প্রয়োজন হলে, আপনার ড্রাইভারের লাইসেন্স প্রদর্শন করবে যে বাইক চালানোর সময় আপনাকে অবশ্যই কারেকটিভ লেন্স পরতে হবে। যদি আপনি ভিশন টেস্টে অকৃতকার্য হন, সেক্ষেত্রে আপনার চক্ষু-পরিচর্যা বিশেষজ্ঞ অবশ্যই দৃষ্টিশক্তি বিষয়ক একটি বিবৃতি দিবেন। দৃষ্টিশক্তি বিষয়ক বিবৃতিটি সুবিধাজনক হলে ড্রাইভারের লাইসেন্স ইস্যু করা যেতে পারে। মাঝে মাঝে বিশেষ ড্রাইভিং সীমাবদ্ধতা - যেমন শুধুমাত্র দিনে ড্রাইভ করতে পারবেন, দৃষ্টিশক্তি বিষয়ক বিবৃতিতে এমন প্রয়োজন নির্দেশ করা থাকলে, সেটা আবশ্যক করা হবে। দৃষ্টিশক্তি বিষয়ক বিবৃতিটি সুবিধাজনক না হলে, আপনার আবেদন প্রত্যাখ্যান করা হবে।

## জ্ঞানমূলক পরীক্ষা

সেক্রেটারি অব স্টেট কার্যালয়ে গিয়ে মোটরসাইকেল নিরাপত্তা বিষয়ক জ্ঞান পরীক্ষায় অংশ নিতে হবে এবং মোটরসাইকেল TIP ইস্যু হওয়ার আগে এতে উত্তীর্ণ হতে হবে। জ্ঞানমূলক পরীক্ষার প্রশ্নগুলো এই ম্যানুয়ালে থাকা তথ্য, অনুশীলন, ও ধারণার ভিত্তিতে করা হয়। আপনি সড়কের নিয়মকানুন ও নিরাপদ রাইডিংয়ের চর্চাগুলো জানেন এবং বোঝেন - এটাই তাদের প্রয়োজন। যদি আপনি বিভাগ কর্তৃক অনুমোদিত রাইডারের শিক্ষা কোর্সে সফলভাবে উত্তীর্ণ হন তাহলে জ্ঞানমূলক পরীক্ষা ও রাইডারের স্কিল পরীক্ষার আবশ্যকীয়তাগুলোয় ছাড় দেওয়া হয়। MCL 257.309 (10).

## টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিটের সাহায্যে মোটরসাইকেল চালানো

টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট (TIP) আপনাকে আইনত ১৮০ দিন পর্যন্ত মোটরসাইকেল চালানোর অনুমতি দেয়। TIP অনুসারে:

- বাইক চালানোর সময় এই পারমিট আপনার সাথে রাখতে হবে।
- আপনাকে একজন লাইসেন্সপ্রাপ্ত মোটরসাইকেল চালকের নিয়মিত প্রত্যক্ষ তত্বাবধানে বাইক চালাতে হবে যার বয়স কমপক্ষে ১৮ বছর।
- আপনাকে কেবল দিনে বাইক চালাতে হবে – TIP তে রাতের বেলা বাইক চালানোর অনুমতি নেই।
- আপনি বাইকে যাত্রী তুলবেন না।

## রাইডারের স্কিল পরীক্ষা

রাইডারের স্কিল পরীক্ষা ট্রাফিকের মধ্যে মোটরসাইকেল চালানোর জন্য প্রয়োজনীয় দক্ষতার আরেকটি ভালো মাপকাঠি। আপনার নিজের দক্ষতা মূল্যায়ন করাই যথেষ্ট নয়। মানুষ প্রায়ই নিজের দক্ষতা নিয়ে অতিরিক্ত অনুমান করে। এমনকি আপনার দক্ষতার ব্যাপারে সততার সাথে কথা বলা আপনার বন্ধু বা স্বজনদের পক্ষেও সহজ নয়। রাইডারের স্কিল পরীক্ষাটি একজন সত্যায়িত রাইডারের স্কিল পরীক্ষক দ্বারা নিরপেক্ষভাবে স্কোর দেওয়ার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। মিশিগান ডিপার্টমেন্ট অব স্টেট কর্তৃক অনুমোদিত ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান রাইডারের স্কিল পরীক্ষাগুলো সরবরাহ করে। পরীক্ষার ফি পরীক্ষা গ্রহণকারী সংস্থার দ্বারা নির্ধারিত হয় এবং এটি ভিন্ন ভিন্ন হতে পারে, তাই তথ্যের জন্য আপনার এলাকার সেবাদানকারীকে কল করলে খরচের ব্যাপারে জেনে নিতে ভুলবেন না।

## রাইডারের স্কিল পরীক্ষা চলাকালে কী কী প্রত্যাশা করবেন

স্কিল পরীক্ষার জন্য আবশ্যক উপকরণ এবং পরীক্ষার সময় নিম্নে বর্ণনা করা হলো। বরাদ্দকৃত সময় হলো আনুমানিক সর্বনিম্ন। আরো তথ্যের জন্য ডিপার্টমেন্টের ওয়েবসাইট **Michigan.gov/Motorcycling** -এ যান।

- মোটরযান পরিদর্শন – ৫ মিনিট, স্কোর করা হবে না।
- রেঞ্জে বেসিক নিয়ন্ত্রণ দক্ষতা – ১০ মিনিট, স্কোর করা হবে।

রাইডারের স্কিল পরীক্ষার সময়, অনুমোদিত পরীক্ষকরা অবশ্যই:

- প্রত্যেক আবেদনকারীকে পরীক্ষার প্রত্যেক অংশের জন্য আদর্শ নিয়মাবলী পড়ে শোনাবেন (এই উদ্দেশ্যে পরীক্ষককে নির্দেশনার একটি তালিকা দেওয়া হয়)।
- শুধুমাত্র বিভাগ-অনুমোদিত, অফ-স্ট্রিট অনুশীলন ব্যবহার করবেন।

রাইডারের স্কিল পরীক্ষা দেওয়ার আগে, আপনার অবশ্যই:

- আইনানুযায়ী তৈরি ও নিবন্ধিত মোটরসাইকেল থাকতে হবে।
- U.S. DOT- অনুমোদিত, লেবেলযুক্ত এবং সঠিকভাবে বাঁধা হেলমেটসহ উপযুক্ত গিয়ার পরিধান করুন। আপনি অনুমোদিত হেলমেট না পরলে স্কিলের পরীক্ষা দিতে দেওয়া হবে না।

আপনার দক্ষতার পরীক্ষায় মোটরসাইকেল চালানোর জন্য, আপনাকে অবশ্যই DOT-অনুমোদিত হেলমেট পরতে হবে, আপনার অবশ্যই বৈধ মোটরসাইকেল TIP থাকবে এবং আপনাকে অবশ্যই একজন লাইসেন্সপ্রাপ্ত মোটরসাইকেল চালকের নিয়মিত তত্ত্বাবধানে থাকতে হবে যার বয়স কমপক্ষে ১৮ বছর।

ডিপার্টমেন্ট অব স্টেট কর্তৃক অনুমোদিত মোটরসাইকেল দক্ষতা পরীক্ষায় সাতটি অনুশীলন রয়েছে যা আপনার মোটরসাইকেল নিয়ন্ত্রণ করার ক্ষমতার মান নির্ণয় করে, যার মধ্যে আছে স্টার্ট করা, অ্যাক্সিলারেট করা, টার্ন করা এবং ব্রেক করা।
পৃষ্ঠা ৫-এ বর্ণিত, এই পরীক্ষা চারটি রাইডিং অনুশীলন নিয়ে তৈরি যা আপনার মোটরসাইকেল নিয়ন্ত্রণ এবং বিপদে সাড়া দেওয়ার দক্ষতা পরিমাপ করবে এবং এটি শেষ হতে প্রায় ১৫ মিনিট সময় নিবে। (এছাড়াও এই একই সীমার অনুশীলনগুলো প্রাথমিক মোটরসাইকেল শিক্ষা কোর্সে রাইডারের দক্ষতা মূল্যায়ন করতে ব্যবহৃত হবে।)

**ইঞ্জিন স্টল:** সম্পূর্ণ টেস্টের সময় এটি স্কোর করা হয়। আপনি কোনো অনুশীলনের সময় যতবার ইঞ্জিন বন্ধ করে ফেলবেন ততবার পয়েন্ট মূল্যায়ন করা হবে।

দুই-চাকার মোটরসাইকেলের পরীক্ষা দুইবার নেওয়া যেতে পারে। প্রথম চেষ্টা শেষ হওয়ার পর কমপক্ষে ২৪ ঘন্টা না হওয়া পর্যন্ত দ্বিতীয় পরীক্ষার সময় নির্ধারণ করা যাবে না এবং এটি অবশ্যই TIP-এর মেয়াদ শেষ হওয়ার আগে সম্পন্ন করতে হবে।

যদি আপনি দ্বিতীয় চেষ্টাতেও উত্তীর্ণ না হন, তাহলে আপনাকে অকৃতকার্যতার নোটিশ দেওয়া হবে এবং আপনার মিশিগান মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জনের জন্য অবশ্যই MSF বেসিক রাইডার কোর্সে পাশ করার নির্দেশ দেওয়া হবে।

তিন-চাকার মোটরসাইকেল পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে কোনো নির্ধারিত সীমা নেই। প্রতিটি পরীক্ষার মধ্যে ২৪-ঘন্টা অপেক্ষার সময় বহাল থাকবে এবং TIP মেয়াদোত্তীর্ণ হলে কোনো পরীক্ষার সময় নির্ধারণ করা যাবে না।

প্রাথমিক রাইডারের শিক্ষা কোর্স বা রাইডারের স্কিল কোর্সে পাশ করার জন্য এই চারটি মোটরসাইকেল চালানোর দক্ষতার সফল সমাপ্তি আবশ্যক।



1. **কোণ উইভ ও নরমাল স্টপ:** ১২ ফুট পর পর রাখাপাঁচটি কোণের সিরিজের মধ্য দিয়ে উইভ করা এবং পেইন্টেড বক্সের মধ্যে মোটরসাইকেলের সামনের টায়ার দিয়ে স্কিডিং না করে সহজে থামা।




2. **থেমে থাকা থেকে ডানে মোচড় নেওয়া:** থামা অবস্থা থেকে তাৎক্ষণিকভাবে ডানে মোচড় নেওয়া। এরপর, চিহ্নিত এরিয়ায় বামে মোচড় নেওয়া। যারা ৬০০ সিসির বেশি মোটরসাইকেল চালাচ্ছেন তাদের মোচড় সম্পূর্ণ করার জন্য আরো বেশি জায়গা নেওয়ার অনুমতি আছে। ৬০০ সিসি বা তার কম মোটরসাইকেলের ছোট ইউ-টার্ন থাকবে এলাকা।




3. **প্রতিবন্ধকতা এড়ানো:** কোণ দ্বারা চিহ্নিত সোজা পথ বরাবর গতি বৃদ্ধি, তারপর যত তাড়াতাড়ি সম্ভব এবং নিরাপদে মোটরসাইকেল থামান।




4. **প্রতিবন্ধকতা এড়ানো:** কোণ দ্বারা চিহ্নিত সোজা পথ বরাবর গতি বৃদ্ধি, তারপর প্রতিবন্ধকতা লাইন এড়াতে আচমকা পথ পরিবর্তন এবং তারপর অনুশীলনের সাইডলাইন এড়াতে আচমকা পথ পরিবর্তন।

## ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠানগুলোর জন্য ব্যবসায়িক আবশ্যকীয়তা

ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠানগুলো অবশ্যই নির্দিষ্ট ব্যবসায়িক চর্চাগুলো মেনে চলবে এবং ডিপার্টমেন্টের সাথে হওয়া আনুষ্ঠানিক, আইনি চুক্তিতে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠিত মানদণ্ড ও কার্যপ্রক্রিয়া অনুসারে ড্রাইভিং স্কিল পরীক্ষাগুলোর ব্যবস্থা করবে।

## মিশিগান মোটরযান কোড (১৯৪৯ সালের পাবলিক আইন নং ৩০০) অনুসারে, নিম্নলিখিতগুলো গুরুতর অপরাধ:

- যেকোনো ড্রাইভারের লাইসেন্স আবেদনের ব্যাপারে ভুয়া সনদপত্র তৈরি করা।
- পরীক্ষকের মতামত বা সিদ্ধান্তকে প্রভাবিত করার অভিপ্রায় নিয়ে কোনো ব্যক্তি বা ড্রাইভিং পরীক্ষা পরিচালনাকারী এজেন্সিকে ঘুষ দেওয়া বা দুর্নীতিগ্রস্ত করার চেষ্টা করা।
- ডিপার্টমেন্ট অব স্টেটের সাথে সম্পন্ন চুক্তির আওতায় ড্রাইভিং পরীক্ষা পরিচালনাকারী কোনো পরীক্ষা কর্মকর্তা কর্তৃক, এই চুক্তির আওতায় নির্ধারিত পদ্ধতি বা পরীক্ষার মানদণ্ড বদলানো, সংক্ষিপ্ত করা বা অন্য কোনোভাবে পরিবর্তন করা।
- কোনো ব্যক্তি বা কারসাজির মাধ্যমে, মনোনীত পরীক্ষা কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং পরীক্ষার সনদপত্র জাল করা বা পরিবর্তন করা।

এই আইনের অধীনে সংঘটিত গুরুতর অপরাধ প্রথমবার অপরাধের জন্য এক থেকে পাঁচ বছরের কারাদন্ড এবং সর্বোচ্চ ৫,০০০ ডলার জরিমানা দ্বারা দণ্ডনীয়। পরবর্তীতে দোষী সাব্যস্ত হলে অতিরিক্ত শাস্তি প্রদত্ত হয়।

## পরীক্ষায় অসঙ্গতি

মিশিগানের আইন অনুসারে:

- যেকোনো ড্রাইভার টেস্টিং প্রতিষ্ঠান বা মোটরসাইকেল রাইডারের শিক্ষা সরবরাহকারী উদ্দেশ্যমূলকভাবে যেকোনো পরীক্ষা সংক্রান্ত আবশ্যকীয়তা বা প্রক্রিয়া বাদ দিয়ে রাইডিং স্কিল ভুলভাবে উপস্থাপন করলে, বা ড্রাইভারের লাইসেন্সের সাথে জড়িত যেকোনো বেআইনি কাজে অংশ নিলে, গুরুতর শাস্তির আওতাধীন হবে। এর মধ্যে টেস্টিংয়ের অনুমোদন হারানো, ফৌজদারি বিচার এবং টেস্টিংয়ের আবেদনকারী, বিভাগ বা উভয়ের আর্থিক ক্ষতির জন্য ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত রয়েছে।
- এছাড়াও পরীক্ষক বা আবেদনকারীসহ যেকোনো ব্যক্তি, অন্যায়, বেআইনি বা প্রতারণামূলক ড্রাইভার পরীক্ষাকে উৎসাহিত করলে, সুবিধা দিলে বা এতে অংশ নিলে, সে ফৌজদারী বিচারের আওতাভুক্ত হবে।
- অন্যায়ভাবে, বেআইনি বা প্রতারণামূলকভাবে পরীক্ষা নেওয়া হয়েছে এমন কোনো ব্যক্তির সন্ধান পাওয়া গেলে তার পরীক্ষা অবশ্যই আবারো যথাযথভাবে নিতে হবে। পুনরায় পরীক্ষা নেওয়ার ফি আবেদনকারীর কাছ থেকে নেওয়া হতে পারে।
- অনুপযুক্ত, জালিয়াত বা বেআইনি ড্রাইভার লাইসেন্স পরীক্ষার ফলস্বরূপ বেআইনি লাইসেন্স আবেদন করা হয়।

## অন্যায়, বেআইনি, বা জালিয়াতি পরীক্ষা কার্যক্রমের ব্যাপারে অভিযোগ জানানো

যদি আপনি কোনো অন্যায়, বেআইনি বা জালিয়াতি পরীক্ষা কার্যক্রমের ব্যাপারে অবগত হন, তাহলে সেটি অবিলম্বে ডিপার্টমেন্ট অব স্টেটকে জানান। অনুগ্রহ করে জড়িত ব্যক্তি বা সংস্থার নাম, ঘটনার তারিখ এবং পর্যবেক্ষণ করে দেখা বা আলোচিত কার্যক্রমের বিস্তারিত বিবরণ দিতে ভুলবেন না। সব আইনসংগত প্রতিবেদনের তদন্ত করা হবে। লিখিত বিবৃতি আবশ্যক হতে পারে। এই তথ্য জমা দেওয়ার ঠিকানা:

Michigan Department of State
Driver Education and Testing Section
Richard H. Austin Building
430 W. Allegan St., 3rd Floor
Lansing, MI 48918
ফোন 517-241-6850
ফ্যাক্স 517-335-3155
MDOS-drivertesting@Michigan.gov

## দ্য মিশিগান রাইডার এডুকেশন প্রোগ্রাম

মিশিগান রাইডার এডুকেশন প্রোগ্রাম (MI-REP) পরিচালনা মিশিগান ডিপার্টমেন্ট অব স্টেটের ট্রাফিক নিরাপত্তা মিশনের একটি গুরুত্বপূর্ণ দিক। মিশিগানের কর্মসূচি নিরবচ্ছিন্ন ও ব্যাপক প্রশিক্ষণ নিশ্চিত করতে মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন (MSF) কর্তৃক প্রতিষ্ঠিত নিরাপত্তা মানদণ্ডগুলো ব্যবহার করে। সকল মোটরসাইকেল রাইডারকে মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জনের জন্য অবশ্যই একটি মোটরসাইকেল রাইডারের শিক্ষা ক্লাস সম্পন্ন করতে হবে অথবা জ্ঞানমূলক পরীক্ষা ও রাইডারের স্কিল পরীক্ষায় পাশ করতে হবে, যা পাবলিক স্ট্রীট ও হাইওয়েতে বৈধভাবে মোটরসাইকেল চালানোর জন্য আবশ্যক। যেসব রাইডার সফলভাবে অনুমোদিত রাইডারের শিক্ষা কোর্স সম্পন্ন করে তারা মোটরসাইকেল এনডোর্সম্যান্ট অর্জনের জন্য স্টেটের সকল আবশ্যকীয়তা পূরণ করে। কোর্সগুলো নবীন ও অভিজ্ঞ রাইডারদের জন্য ডিজাইন করা হয়েছে। MI-REP রাইডারদের ভাল বিচার-বুদ্ধি, দক্ষতা ও অভিজ্ঞতার জন্য ভিত্তি স্থাপনে সাহায্য করে যা নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য আবশ্যক। রাইডিংয়ে ফিরে আসা বা অভিজ্ঞ রাইডাররাও নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলো পুনর্নবীকরণ বা উন্নত করার মাধ্যমে প্রশিক্ষণ থেকে উপকৃত হতে পারে। কিছু কিছু বীমাকারী এই কোর্সগুলো সম্পন্নকারী রাইডারদের জন্য মোটরসাইকেল বীমা প্রিমিয়ামের উপর ডিসকাউন্ট দেয়। আপনার নিকটস্থ মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স খুঁজে পেতে Michigan.gov/Motorcycling ভিজিট করুন।

## মোটরসাইকেল রাইডারদের শিক্ষা কোর্স

মোটরসাইক্লিং মৌসুম জুড়ে পুরো স্টেটের বেসরকারী ও সরকারি পৃষ্টপোষকরা মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স সরবরাহ করে। সরবরাহকারীর উপর নির্ভর করে, ফি ভিন্ন ভিন্ন হয়। MI-REP বিভিন্ন স্কিল লেভেলের জন্য কয়েকটি মোটরসাইকেল রাইডারের শিক্ষা কোর্স সরবরাহ করে। সকল মোটরসাইকেল রাইডার শিক্ষা কোর্স স্বীকৃত রাইডার কোচের মাধ্যমে শেখানো হয়।

- **বেসিক রাইডার কোর্স (BRC):** BRC-তে ক্লাসরুম নির্দেশনা এবং BRC প্রশিক্ষণ মোটরসাইকেল ব্যবহার করে রাইডিং রেঞ্জে অনুশীলনের সময় থাকে। BRC করার জন্য আপনার মোটরসাইকেলের মালিক হওয়ার দরকার নেই। তিন দিনের নির্দেশনা ও অনুশীলনের পর, একটি লিখিত জ্ঞানমূলক পরীক্ষা এবং রেঞ্জে রাইডিং স্কিলের পরীক্ষা নেওয়া হয়। BRC সমাপনী সার্টিফিকেট পেতে এবং মোটরসাইকেল এনডোর্সম্যান্টের জন্য আবেদন করার জন্য আপনাকে অবশ্যই সফলভাবে উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

- **৩-হুইল বেসিক রাইডার কোর্স (3WBRC):** ৩-হুইল বেসিক রাইডার কোর্স মোটরসাইক্লিস্টদের জন্য তিন চাকার মোটরসাইকেল চালানোর বিষয়ে শেখার জন্য চমৎকার জায়গা। এই কোর্সে চার ঘন্টা ক্লাসরুম কার্যক্রম এবং আট ঘন্টা পর্যন্ত অন-সাইকেল রাইডিং অনুশীলন অন্তর্ভুক্ত রয়েছে। 3WBRC সফলভাবে সম্পন্ন করার জন্য আপনাকে অবশ্যই লিখিত জ্ঞানমূলক পরীক্ষায় এবং রাইডার স্কিল পরীক্ষায় পাস করতে হবে। কিছু বীমা কোম্পানি সমাপনী সার্টিফিকেট প্রাপ্ত আরোহীদের মোটর সাইকেল বীমার ক্ষেত্রে ছাড় দেয়। বেশিরভাগ 3WBRC-এর জন্য শিক্ষার্থীদের তাদের নিজস্ব তিন চাকার মোটরসাইকেল ব্যবহার করতে হয়, ক্লাসে ভর্তি হওয়ার আগে সরবরাহকারীর সাথে কথা বলুন। আপনি যদি নিজের তিন চাকার মোটরসাইকেল ব্যবহার করেন তাহলে এটি অবশ্যই সঠিকভাবে বীমাকৃত, টাইটেলড এবং নিবন্ধিত হতে হবে, বৈধ লাইসেন্স প্লেট প্রদর্শিত থাকতে হবে এবং সুরক্ষা পরিদর্শন পাস করতে হবে। দুই চাকার মোটরসাইকেল চালানোর জন্য তিন চাকার মোটরসাইকেল এনডোর্সম্যান্ট ব্যবহার করা যাবে না।

- **বেসিক রাইডার কোর্স টু (BRC2) এবং রিটার্নিং রাইডার বেসিক কোর্স (RRBRC),** এই দুইটি কোর্স ইতোমধ্যে মৌলিক দক্ষতা রয়েছে এমন রাইডারদের জন্য। এগুলো BRC এর অনুরুপ, তবে গতি বেশি এবং আপনাকে অবশ্যই আপনার নিজের মোটরসাইকেল আনতে হবে।

এই কোর্সগুলোর সফল সমাপ্তি আপনাকে রাইডার স্কিল পরীক্ষা দেওয়ার পরিবর্তে মোটর সাইকেল এনডোর্সম্যান্ট পাওয়ার জন্য সেক্রেটারি অব স্টেট অফিসে যাওয়ার অনুমতি দেয়। এই একদিনের প্রোগ্রামে বেসিক রাইডার কোর্স (BRC)-এর ইলিমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে। এগুলো রাইডিং স্কিল অনুশীলন এবং পুনর্নবীকরণের জন্য চমৎকার রিফ্রেশার। এতে অতীতের রাইডিং অভিজ্ঞতা এবং বর্তমান জ্ঞানের উপর ভিত্তি করে সুরক্ষার ধারণা নিয়ে আলোচনা করার জন্য অনানুষ্ঠানিক ক্লাসরুম কম্পনেন্ট অন্তর্ভুক্ত আছে।

- **অ্যাডভান্সড রাইডার কোর্স (ARC)** একটি একদিনের কোর্স যা রাইডারের মৌলিক দক্ষতার পরিপূরক এবং ব্যক্তিগত ঝুঁকি মূল্যায়নে সাহায্য করে।এতে উপলব্ধি ও বিপদ সচেতনতা উন্নত করার জন্য বেশ কয়েকটি ইন্টারেক্টিভ কার্যক্রমসহ দ্রুত গতির ক্লাসরুম সেগমেন্ট অন্তর্ভুক্ত আছে। রেঞ্জ অনুশীলন মৌলিক দক্ষতা এবং সংঘর্ষ এড়ানোর দক্ষতা উভয়ই উন্নত করে। ব্রেক এবং কর্নার করার সূক্ষ্মতা উন্নতিতে জোর দেওয়া হয়। কোর্সটি যেকোনো ধরনের রাস্তার মোটরসাইকেলের আরোহীদের জন্য উপকারী। ARC এমন রাইডারদের জন্য যাদের ইতোমধ্যে এনডোর্সম্যান্ট রয়েছে এবং যারা তাদের রাইডিং স্কিলকে ঝালিয়ে নিতে চায়। শিক্ষার্থীদের অবশ্যই তাদের নিজস্ব মোটরসাইকেল এবং বীমার প্রমাণ সরবরাহ করতে হবে। মোটরসাইকেল অবশ্যই সঠিকভাবে বীমাকৃত, টাইটেলড এবং নিবন্ধিত হতে হবে, বৈধ লাইসেন্স প্লেট প্রদর্শিত থাকতে হবে এবং সুরক্ষা পরিদর্শন পাস করতে হবে।

## স্টেটের বাইরের মোটরসাইকেল রাইডার প্রশিক্ষণ কর্মসূচির জন্য পারস্পরিকতা

যে মিশিগান রাইডার তার মোটর সাইকেল অনুমোদনের জন্য আবেদন করছেন, যিনি মিশিগানের বাইরে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন, তাকে অবশ্যই এনডোর্সম্যান্ট ইস্যু করার আগে সেক্রেটারি অব স্টেট অফিসে তার স্টেটের বাইরের মোটরসাইকেল রাইডার সুরক্ষা সমাপনী কার্ড জমা দিতে হবে। এই ক্ষেত্রে মোটরসাইকেল রাইডার স্কিল পরীক্ষা বা মোটরসাইকেল রাইডার শিক্ষা কোর্স পাস করার আবশ্যকীয়তা মওকুফ করা যেতে পারে। আরো তথ্যের জন্য, **Michigan.gov/Motorcycling** ভিজিট করুন

## প্রতিবন্ধী এবং ভিন্নভাষী ব্যক্তিদের জন্য স্বাচ্ছন্দ্যবিধান

Mi-REP এবং এর মোটরসাইকেল রাইডার শিক্ষা প্রশিক্ষণ স্পনসররা আমেরিকানস উইথ ডিসেবিলিটিজ অ্যাক্ট এবং মিশিগান পার্সনস উইথ ডিসেবিলিটিস সিভিল রাইটস অ্যাক্ট মেনে চলে। আপনার যদি থাকার জায়গার প্রয়োজন হয় অথবা আপনাকে সেবাদানে অস্বীকৃতি জানানো হয়, তাহলে 888-SOS-MICH (767-6424) নম্বরে কল করুন। কম শ্রবণশক্তি সম্পন্ন এবং বধির গ্রাহকদের 711 নম্বরে মিশিগান রিলে সার্ভিসে বা 313-437-7035 নম্বরে বা doddbhh@michigan.gov ঠিকানায় মিশিগান বধির, বধিরঅন্ধ এবং কম শ্রবণ শক্তি সম্পন্ন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। একজন বধির বা কম শ্রবণশক্তি সম্পন্ন ব্যক্তি রাইডার শিক্ষা কোর্সের সময় সাংকেতিক ভাষার দোভাষী ব্যবহার করতে পারেন। যদি আপনি 888-SOS-MICH (767-6424) নম্বরে কল করেন তবে ডিপার্টমেন্ট অব স্টেট তথ্য কেন্দ্র দোভাষীদের একটি তালিকা সরবরাহ করতে পারে। শিক্ষার্থী ক্লাসরুমে এবং রেঞ্জে নির্দেশনা অনুবাদ করার জন্য একজন বিদেশী ভাষার দোভাষী আনতে পারে। সকল দোভাষীর বয়স কমপক্ষে ১৬ বছর হতে হবে। দোভাষীকে অবশ্যই প্রশিক্ষণ সাইটে রাইডারকোচের কাছে ড্রাইভারের লাইসেন্স বা অন্যান্য ছবিসহ পরিচয়পত্র উপস্থাপন করতে হবে। রাইডারকোচকে অবশ্যই দোভাষীর নাম এবং সনাক্তকরণের তথ্য রেকর্ড করতে হবে।

## রাইডার শিক্ষা প্রদানকারীদের জন্য ব্যবসায়িক আবশ্যকীয়তা

রাইডার শিক্ষা প্রদানকারীদের অবশ্যই মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন এবং Mi-REP কর্তৃক প্রতিষ্ঠিত নির্দিষ্ট ব্যবসায়িক অনুশীলন ও স্ট্যান্ডার্ড মেনে চলতে হবে। রাইডার শিক্ষা প্রদানকারীদের অবশ্যই:

- সেবা প্রদান করার আগে ডিপার্টমেন্ট অব স্টেট কর্তৃক অনুমোদিত হতে হবে।
- কেবল মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন-স্বীকৃত রাইডাররকোচের কর্মী হতে হবে।
- ব্যবসায়ের একটি প্রতিষ্ঠিত অবস্থান থাকবে এবং সকল অনুমোদিত পরীক্ষার স্থান ব্যবহার করতে লিখিত অনুমতি অর্জন করবে।
- মুদ্রিত ফি ও রিফান্ড নীতি প্রকাশ করবে এবং রসিদ সরবরাহ করবে। সরকারি প্রদানকারীর ক্ষেত্রে স্টেটের আইন এবং বেসরকারি প্রদানকারীর ক্ষেত্রে প্রদানকারী নিজে পরীক্ষার ফি নির্ধারণ করবে।
- দায় বীমা থাকবে।

## মিশিগান মোটরসাইকেল নিবন্ধনের আবশ্যকীয়তাসমূহ

মিশিগানের বাসিন্দারা পাবলিক রোডে বৈধভাবে বাইক চালানোর জন্য তাদের মোটরসাইকেল অবশ্যই সেক্রেটারি অব স্টেটের কাছে নিবন্ধন করবে।

আপনার মোটরসাইকেলের জন্য মিশিগান নিবন্ধন পেতে, সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে সাক্ষাতের সময় নির্ধারণ করুন। সাক্ষাতের সময় আপনাকে নিম্নলিখিত জিনিসগুলো নিয়ে আসতে হবে:

- আপনার আইডি।
- কমপক্ষে ২০,০০০/৪০,০০০ ডলার পাবলিক লায়াবিলিটি এবং ১০,০০০ ডলার সম্পত্তির ক্ষতি কভারেজের জন্য বীমার প্রমাণ।
- আপনার মোটরসাইকেলের টাইটেল।
- নিবন্ধন ফি-এর পেমেন্ট। সেক্রেটারি অব স্টেটের কার্যালয় নগদ অর্থ, চেক, মানি অর্ডার এবং American Express, Discover, MasterCard ও Visa ক্রেডিট ও ডেবিট কার্ড গ্রহণ করে।

### আপনার মোটরসাইকেল নিবন্ধনের নবায়ন

আপনার মোটরসাইকেলের নিবন্ধন মেয়াদোত্তীর্ণ হওয়ার ৬০-৯০ দিন আগে আপনি নবায়নের নোটিশ পাবেন। নবায়নের সময় বীমার প্রমাণ আবশ্যক কিনা তা আপনার নোটিশে উল্লেখ করা থাকবে।

১ অক্টোবর, ২০২২ থেকে, অনলাইনে নিবন্ধন আপনাকে প্রতি বছরের পরিবর্তে প্রতি দুই বছরে আপনার মোটরসাইকেল নিবন্ধন করার বিকল্প সুবিধা প্রদান করবে।

দুই-বছরের নিবন্ধন বেছে নেওয়া মোটরসাইকেল মালিকদের নিবন্ধন ফি-এর কোনো পরিবর্তন হবে না কিন্তু নবায়নের সময় তাদের কাছে দুইটি নিবন্ধনের ফি চার্জ করা হবে (প্রতি বছরের জন্য একটি করে)।

### আপনার ড্রাইভার লাইসেন্সের নবায়ন

লাইসেন্সের উপরে ডানদিকের কোণে প্রদর্শিত মেয়াদোত্তীর্ণের তারিখ অনুযায়ী, আপনার ড্রাইভারের লাইসেন্স চার বছর পর্যন্ত বৈধ এবং এটি আপনার জন্মদিনে মেয়াদোত্তীর্ণ হবে।

আপনার লাইসেন্স মেয়াদোত্তীর্ণ হওয়ার ৬০-৯০ দিন আগে আপনি নবায়নের নোটিশ পাবেন। বিলম্ব ফি এড়াতে ঠিক সময়ে নিবন্ধন করুন। মেয়াদোত্তীর্ণ লাইসেন্স নিয়ে গাড়ি চালানো বেআইনি।

### সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করা

মিশিগানের আইন অনুযায়ী সেক্রেটারি অব স্টেটকে ড্রাইভারের লাইসেন্স বা স্টেট আইডি ইস্যু করার আগে সোশ্যাল সিকিউরিটি নম্বর সংগ্রহ করে যাচাই করতে হবে। সোশ্যাল সিকিউরিটি নম্বর শিশু সহায়তা সংগ্রহ এবং পরিচিতি প্রতিষ্ঠায় সাহায্য করতে ব্যবহৃত হয়। যদি আপনি বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর বা SSA-এর প্রমাণ দেখাতে পারেন তাহলে সেটি আপনার অযোগ্যতা প্রদর্শন করবে, এবং আপনার ড্রাইভারের লাইসেন্স বা স্টেট আইডির প্রক্রিয়া করা হবে না। এছাড়াও, ভুল বা বিভ্রান্তিকর SSA তথ্য প্রদান আপনাকে এক-থেকে-পাঁচ বছরের কারাদণ্ড, ৫০০ থেকে ৫,০০০ ডলার পর্যন্ত জরিমানা, বা উভয়ের আওতাভুক্ত করতে পারে। আপনার লাইসেন্স বা পারমিটও স্থগিত করা হবে।

### আপনার ড্রাইভার লাইসেন্স অনলাইনে নবায়ন

আপনি আমাদের অনলাইন সেবা ব্যবহার করে ড্রাইভার লাইসেন্স নবায়ন করার যোগ্য কিনা তা **Michigan.gov/SOS** ঠিকানায় গিয়ে দেখুন। American Express, Discover, MasterCard বা Visa বা ই-চেকের মাধ্যমে ফি পরিশোধ করুন। ডেবিট ও ক্রেডিট কার্ড ব্যবহার করার জন্য প্রক্রিয়াকরণ ফি কাটা হবে।

### আপনার ড্রাইভার লাইসেন্স মেইলের মাধ্যমে নবায়ন

আপনি আপনার ড্রাইভার লাইসেন্স মেইলের মাধ্যমে নবায়নের যোগ্য কিনা তা আপনার নবায়ন নোটিশে উল্লেখ করা থাকবে। চেক বা মানি অর্ডারের মাধ্যমে ফি পরিশোধ করুন। সিলকৃত ফেরত খামে আপনার নবায়নের নোটিশ ও পেমেন্ট ফেরত দিন।
আপনার নবায়নের নোটিশ পাঠানোর ক্ষেত্রে চিঠি বিতরণের জন্য কমপক্ষে দুই সপ্তাহ সময় দিন।

### আপনার ড্রাইভার লাইসেন্স স্বশরীরে উপস্থিত হয়ে নবায়ন

স্টেট আইনে পরিবর্তনের আওতায়, আপনি আপনার ড্রাইভার লাইসেন্স প্রতি ১২ বছরের পরিবর্তে প্রতি ৮ বছরে সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে গিয়ে নবায়ন করতে পারেন। লাইসেন্স নবায়ন করতে আপনাকে সেক্রেটারি অব স্টেটের অফিসে অবশ্যই যেতে হবে কিনা তা আপনার নবায়ন নোটিশে নির্দেশ করা থাকবে। নতুন ছবি তোলা হবে এবং দৃষ্টিশক্তি পরীক্ষা করা হবে। সকল সেক্রেটারি অব স্টেট কার্যালয় নগদ অর্থ, চেক, মানি অর্ডার, American Express, Discover, MasterCard ও Visa ডেবিট ও ক্রেডিট কার্ড গ্রহণ করে। ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহারের সময় প্রক্রিয়াকরণ ফি দিতে হবে।

### ঠিকানা পরিবর্তন

মিশিগানের আইন অনুযায়ী আপনার বাসস্থানের ঠিকানাই আপনার ড্রাইভার লাইসেন্সের ঠিকানা হবে, যার সাথে আপনার ভোটার নিবন্ধন কার্ডের ঠিকানার মিল থাকবে। আপনি ঠিকানার পরিবর্তন অনলাইনে

**Michigan.gov/SOS** ঠিকানায়, মেইলের মাধ্যমে (ফরম অনলাইনে উপলভ্য রয়েছে) বা সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে গিয়ে জমা দিতে পারবেন। এই সেবার জন্য কোনো ফি দিতে হবে না।

## অফিসের সময়

- সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার, ও শুক্রবার, সকাল ৯টা থেকে বিকাল ৫টা। ইস্টার্ন টাইম (সকাল ৮ টা – বিকাল ৪ টা সেন্ট্রাল টাইম)
- বুধবার, বেলা ১১ টা থেকে সন্ধ্যা ৭ টা ইস্টার্ন টাইম, (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা সেন্ট্রাল টাইম)
- তুলনামূলক ছোট অফিসগুলো দুপুরের খাবারের বিরতির সময় বন্ধ থাকতে পারে এবং স্টেটের ছুটির দিনে সকল অফিস বন্ধ থাকবে

## নবায়নের সময়ের টিপস:

- অনলাইন – অনলাইনে নবায়ন সুবিধাজনক এবং নবায়ন করা সময়-সাশ্রয়ী ব্যাপার। উপলভ্য সবগুলো সার্ভিস অপশন দেখতে সেক্রেটারি অব স্টেটের ওয়েবসাইট **Michigan.gov/SOS** -এর অনলাইন সেবায় যান।
- সেলফ সার্ভিস স্টেশন – ১৬০ টিরও বেশি সেলফ সার্ভিস স্টেশন মিশিগান জুড়ে এবং কিছু রিটেইল স্থানে অবস্থিত, যেমন মেইজার, ক্রোগার এবং 7-ইলেভেন। ট্রান্সঅ্যাকশন হতে গড়ে দুই মিনিটেরও কম সময় লাগে এবং আপনার ট্যাব ও মোটরসাইকেলের নিবন্ধন অবিলম্বে ইস্যু করা হয়।
- চিঠি – আপনার সুবিধার জন্য আপনার পুনর্নবীকরণের নোটিশসহ ঠিকানাযুক্ত ফেরত খাম সরবরাহ করা হয়।
- স্বশরীর উপস্থিত হয়ে – স্বশরীরে উপস্থিত হয়ে পুনর্নবীকরণ করতে সেক্রেটারি অব স্টেটের যেকোনো কার্যালয়ে যাওয়ার শিডিউল নিন। শিডিউলবিহীন গ্রাহকদের অফিসের সময়সূচি এবং কাজের চাপের উপর ভিত্তি করে সেবাদান করা হবে, অথবা কর্মীরা আপনাকে পুনরায় ভিজিটের সময় নির্ধারণে সহায়তা করতে পারেন।
- ডেবিট ও ক্রেডিট কার্ড – সকল সেক্রেটারি অব স্টেটের অফিস, অনলাইন ও সেলফসার্ভিস স্টেশনের লেনদেনে American Express, Discover, MasterCard ও Visa গ্রহণ করা হয়। প্রক্রিয়াকরণের জন্য ফি নেওয়া হবে।
- নগদ অর্থ, চেক বা মানি অর্ডার – মেইলের মাধ্যমে বা সেক্রেটারি অব স্টেটের কার্যালয়ে গিয়ে নবায়ন করলে চেক বা মানি অর্ডার ব্যবহার করা হতে পারে। অফিসগুলো নগদ অর্থও গ্রহণ করে।
- সেলফ সার্ভিস স্টেশন বা সেক্রেটারি অব স্টেটের অফিসে নবায়ন করা হলে মোটরযান ও মোটরসাইকেল নিবন্ধন ও ট্যাব সাথে সাথে ইস্যু করা হয়। মেইলের মাধ্যমে নবায়নকৃত নিবন্ধন ও ট্যাব ৩০ দিনের মধ্যে পৌঁছাবে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার নবায়নের নোটিশ দেখুন, অনুগ্রহ করে সেক্রেটারি অব স্টেটের ওয়েবসাইট Michigan.gov/SOS -এ যান বা 888-SOS-MICH (767-6424) নম্বরে কল করুন।

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

প্রশ্নের জন্য সঠিক উত্তরটি (A, B বা C) নির্বাচন করুন।

1. মিশিগানে পাবলিক রোডে বৈধভাবে মোটরসাইকেল চালানোর জন্য, আপনার অবশ্যই থাকতে হবে:
   A. ড্রাইভারের লাইসেন্স।
   B. পেশাদার ড্রাইভারের লাইসেন্স।
   C. মোটরসাইকেল এনডোর্সম্যান্ট (CY)।

2. যে ব্যক্তির মোটরসাইকেল টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট রয়েছে তার অবশ্যই:
   A. মোটরসাইকেল চালানোর সময় সেটি সবসময় বহন করবে।
   B. ১৮ বছর বা তার বেশি বয়সী একজন লাইসেন্সপ্রাপ্ত মোটরসাইক্লিস্টের নিরবচ্ছিন্ন প্রত্যক্ষ তত্ত্বাবধানে বাইক চালাবেন।
   C. কখনোই রাতে গাড়ি চালাবেন না বা যাত্রী তুলবেন না।
   D. উপরের সবগুলো।

3. মিশিগানের আইনে কয়টি মোটরসাইকেল টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিটের অনুমতি দেওয়া হয়?
   A. রাইডার সফলভাবে রাইডারের স্কিল পরীক্ষায় পাশ না করা পর্যন্ত যতগুলো প্রয়োজন ততোগুলো।
   B. ১০-বছর সময়কালের মধ্যে দুইটি পারমিট।
   C. প্রতি বছরে দুইটি পারমিট।

1. C – পৃষ্ঠা ২, মোটরসাইকেল এনডোর্সম্যান্টের জন্য আবেদন
2. D – পৃষ্ঠা ৩, টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট (TIP) দিয়ে মোটরসাইকেল চালানো
3. B – পৃষ্ঠা ৩, টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট (TIP) দিয়ে মোটরসাইকেল চালানো

অধ্যায় দুই

# মিশিগানের মোটরসাইকেল আইন

এই অধ্যায় মোটরসাইকেল ব্যবহার সম্পর্কিত মিশিগানের কম্পাইলড আইনের (MCL) সংকলন। এগুলো পূর্ণাঙ্গ MCL নয় এবং এগুলো এখানে আপনার সুবিধার জন্য রেফারেন্স হিসেবে সরবরাহ করা হয়েছে। এই আইনগুলো পরিবর্তনশীল, সর্বশেষ হালনাগাদকৃত আইন দেখতে মিশিগান লেজিসলেচারের ওয়েবপেজ **Legislature.MI.gov**-এ যান

## দুই ও তিন চাকার মোটরযানের ধরন

"মোটরসাইকেল" অর্থ এমন মোটরযান যাতে আরোহীর ব্যবহারের জন্য স্যাডল বা সিট রয়েছে এবং মাটির সংস্পর্শে ৩টির বেশি চাকায় চলার জন্য ডিজাইন করা হয়নি তবে ট্র্যাক্টর ব্যতিক্রম।
**MCL 257.31**

"মপড" অর্থ এমন ২ বা ৩ চাকার মোটরযান যাতে ১০০ কিউবিক সেন্টিমিটার পিস্টন ডিসপ্লেসমেন্ট অতিক্রম করে না এমন মোটর থাকে, সমতল পৃষ্ঠে প্রতি ঘন্টায় ৩০ মাইলের বেশি গতিতে মোটরযানকে চালিত করতে পারে না এবং এর পাওয়ার ড্রাইভ সিস্টেমে চালককে গিয়ার শিফট করার প্রয়োজন হয় না।
**MCL 257.32b**

"অটোসাইকেল" অর্থ এমন মোটরসাইকেল যা সেফটি বেল্ট, রোলবার বা রোল হুপস, হ্যান্ডেলবার বা স্টিয়ারিং হুইল এবং মোটরসাইকেলে আবশ্যক এমন সরঞ্জাম নিয়ে গঠিত, একসাথে রাস্তার সংস্পর্শে ৩ টির বেশি চাকা থাকে না এবং এটি স্ট্র্যাডল সিট দিয়ে তৈরি নয়।
**MCL 257.25a**

# এনডোর্সম্যান্ট ও টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট

## টেম্পোরারি ইন্সট্রাকশন পারমিট (TIP) দিয়ে মোটরসাইকেল চালানো

একজন ব্যক্তি TIP-এর মাধ্যমে ১৮০ দিন পর্যন্ত মোটরসাইকেল চালাতে পারে এবং তাকে অবশ্যই:

- পারমিট সাথে রাখতে হবে।
- একজন লাইসেন্সপ্রাপ্ত মোটরসাইকেল চালকের বিরতিহীনভাবে প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকতে হবে যার বয়স কমপক্ষে ১৮ বছর।
- রাতে মোটরসাইকেল চালাতে পারবে না।
- যাত্রী নিয়ে মোটরসাইকেল চালাতে পারবে না।

১০-বছর সময়কালের মধ্যে একজন ব্যক্তি দুইটির বেশি TIP-এর যোগ্য হবে না।
**MCL 257.306(5)**

## মোটরসাইকেল এনডোর্সম্যান্ট

কোনো ব্যক্তির, কোনো পাবলিক স্ট্রীট বা হাইওয়েতে, মোটর সাইকেল চালানোর আগে অটোসাইকেল ব্যতীত, তার অপারেটর বা ড্রাইভারের লাইসেন্সে মোটর সাইকেল এনডোর্সম্যান্ট গ্রহণ করতে হবে।
**MCL 257.312a(1)**

(৪) উপধারা (১) লঙ্ঘনকারী ব্যক্তি নিম্নরূপ শাস্তিযোগ্য লঘু অপরাধের জন্য দোষী হবেন:

- প্রথম লঙ্ঘনের ক্ষেত্রে, সর্বোচ্চ ৯০ দিনের কারাদণ্ড অথবা সর্বোচ্চ ৫০০ ডলার পর্যন্ত জরিমানা, অথবা উভয় দণ্ড।
- পূর্বে দোষী সাব্যস্ত হওয়ার পর কোনো লঙ্ঘন ঘটলে, সর্বোচ্চ ১ বছরের কারাদণ্ড অথবা সর্বোচ্চ ১,০০০ ডলার জরিমানা, অথবা উভয় দণ্ড।

**MCL 257.312a**

## তিন-চাকার মোটরসাইকেল

৩-চাকার মোটরসাইকেল চালানোর জন্য ইস্যুকৃত এনডোর্সম্যান্ট, অটোসাইকেল ব্যতীত, যা ৩-চাকার মোটর সাইকেল চালানোতেই সীমাবদ্ধ এবং এটি ২-চাকার মোটরসাইকেল চালানোর অনুমতি দেয় না।
**MCL 257.312b(3)**

## মাদক ও অ্যালকোহল

### নেশাগ্রস্ত অবস্থায় মোটরযান চালানো

মিশিগানে মোটরযান চালানো অবৈধ:

- অ্যালকোহল, অবৈধ মাদক এবং নির্দিষ্ট প্রেস্ক্রাইব ওষুধের ফলে নেশাগ্রস্থ বা অক্ষম অবস্থায়।
- ০.০৮ বা তার বেশি (নেশাগ্রস্থ অবস্থায় চালানো) ব্লাড অ্যালকোহল কন্টেন্ট (BAC) সহ অথবা ০.১৭ বা তার বেশি BAC (উচ্চ BAC) সহ।
- কোনো শিডিউল ১ ড্রাগ বা কোকেনের উপস্থিতিসহ। এই গ্রুপে অন্তর্ভুক্ত গাঁজা, এক্সট্যাসি, হ্যালুসিনোজেনস, ডিজাইনার অ্যাম্ফিটামিন ও হেরোইন।

মাতাল ড্রাইভাররা মিশিগানের মাতাল অবস্থায় ড্রাইভিং আইনের অধীনে দ্রুত ও কঠোর শাস্তির সম্মুখীন হয়। আইন অনুসারে:

- গ্রেফতারের ৭৭ দিনের মধ্যে মাতাল অবস্থায় গাড়ি চালানোর মামলার রায় আদালতকে দিতে হবে।
- প্রথমবার অপরাধের জন্যও অবশ্যই ছয় মাসের জন্য ড্রাইভিং লাইসেন্স স্থগিত হবে। স্থগিতের ৩০ দিন অতিবাহিত হওয়ার পর চালক একটি সীমাবদ্ধ লাইসেন্স পাওয়ার যোগ্য হতে পারে।
- মাতাল হয়ে গাড়ি চালানোর জন্য দ্বিতীয়বার দোষী সাব্যস্ত হলে পাঁচ দিন থেকে এক বছরের জেল, ৩০ থেকে ৯০ দিনের কমিউনিটি সার্ভিস বা উভয় দন্ড হতে পারে। মাতাল হয়ে গাড়ি চালানোর ফলে কারো মৃত্যু হলে গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হতে পারে।
- মাতাল হয়ে গাড়ি চালানোর ফলে কারো মারাত্মক আঘাত লাগলে গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হতে পারে।
- ড্রাইভিং সংক্রান্ত অপরাধের জন্য ড্রাইভার লাইসেন্স স্থগিত বা বাতিল করার পাশাপাশি প্রথমবার অপরাধের জন্য ৫০০ ডলার এবং অতিরিক্ত অপরাধের জন্য ১,০০০ ডলার পর্যন্ত জরিমানা আবশ্যক।
- অভ্যাসগত অ্যালকোহল সংক্রান্ত অপরাধীদের জন্য হার্ডশিপ আপিল প্রযোজ্য নয়।
- আপনার ড্রাইভিং লাইসেন্স স্থগিত, বাতিল বা সীমাবদ্ধ করা হলে ১২৫ ডলার পুনর্বহাল ফি আবশ্যক।

### গাঁজা এবং মোটরসাইকেল চালানো

মিশিগান অথবা আপনি যে স্টেটে রাইডিং করছেন সেখানে ওষুধি গুণ এবং বিনোদনমূলক ব্যবহারের জন্য গাঁজা বৈধ হতে পারে, তবে নেশাগ্রস্থ অবস্থায় মোটরযান চালানো বৈধ নয় এবং এটি ঝুঁকিপূর্ণ কারণ মাদকটি স্থান, সময় ও গতি সম্পর্কে আপনার উপলব্ধি বিকৃত করতে পারে।

এটি মোটরসাইকেল আরোহীদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ, যাদের ক্রমাগত জটিল ট্র্যাফিক পরিস্থিতির সূক্ষ্ম মূল্যায়ন করতে হবে এবং নিরাপদে নেভিগেট করার জন্য এবং পর্যাপ্ত সুরক্ষা মার্জিন বজায় রাখতে সূক্ষ্ম রাইডার নিয়ন্ত্রণের জন্য সেকেন্ডের কম সময়ে সিদ্ধান্ত নিতে হবে।

নিরাপদে থাকুন। আপনি যদি গাঁজার ফলে নেশাগ্রস্থ হন তাহলে আপনার মোটরসাইকেল বা কোনো মোটরযান চালাবেন না। আপনি যদি আপনার গন্তব্যে গাঁজার প্রভাবে থাকার পরিকল্পনা করেন তাহলে বিকল্প পরিবহন অনুসন্ধান করুন। অ্যালকোহলের মতো, গাঁজার কারণে অক্ষম চালকদের নেশাগ্রস্থ অবস্থায় রাইডিংয়ের জন্য দোষী সাব্যস্ত করা হবে এবং অনুরূপ কঠোর শাস্তির আওতায় আনা হবে।

## দেওয়ানি লঙ্ঘন

### রেজিস্ট্রেশন (লাইসেন্স) প্লেট; গাড়ির সাথে সংযুক্তি; পঠনযোগ্যতা

(1) এই উপধারা এবং উপধারা (৬) ব্যতীত যা কিছুই থাকুক না কেন, মোটরযানের জন্য ইস্যুকৃত নিবন্ধন প্লেট গাড়ির পিছনের দিকে সংযুক্ত করতে হবে।

(2) রেজিস্ট্রেশন প্লেট সর্বদা সুরক্ষিতভাবে যে মোটরযানের জন্য ইস্যু করা হয়েছে সেটিতে অনুভূমিকভাবে আটকে রাখতে হবে যেন প্লেটটির দুলতে থাকা রোধ করা যায়। প্লেট মাটি থেকে ১২ ইঞ্চির বেশি উচ্চতায়, প্লেটের নিচ থেকে পরিমাপ করা হবে, এমন স্থানে ও অবস্থানে সংযুক্ত করতে হবে, যা স্পষ্টভাবে দৃশ্যমান। প্লেটটি বাহ্যিক বস্তু মুক্ত, যা নিবন্ধনের তথ্যকে অস্পষ্ট বা আংশিকভাবে অস্পষ্ট করে এবং স্পষ্টভাবে পঠনযোগ্য অবস্থায় রাখতে হবে।

**MCL 257.225**

### মা-বাবা বা অভিভাবক

অপ্রাপ্তবয়স্কের মা-বাবা বা অভিভাবক মোটর সাইকেলের জন্য প্রযোজ্য আইন লঙ্ঘনের জন্য সন্তানকে অনুমোদন অথবা জেনেশুনে অনুমতি দেবেন না।

**MCL 257.656**

### মিশিগানে, হেলমেট আবশ্যক যদি আপনি:

- স্টেট-অনুমোদিত মোটরসাইকেল রাইডার শিক্ষা কোর্স গ্রহণ করছেন। (Michigan.gov/Motorcycling)
- স্টেট-অনুমোদিত রাইডার স্কিল পরীক্ষা দিচ্ছেন। (Michigan.gov/Motorcycletest)
- ২১ বছর বয়সের নিচে হন।

**MCL 257.658(5)**

### মোটরসাইকেলের হেলমেট আবশ্যক নয় যদি আপনার বয়স ২১ বছর বা তার বেশি হয় এবং আপনি:

- দুই বছরেরও বেশি সময় ধরে আপনার মোটরসাইকেল এনডোর্সম্যান্ট (CY) থাকে অথবা স্টেট অনুমোদিত মোটরসাইকেল রাইডার শিক্ষা কোর্স পাস করেছেন।
- প্রথম পক্ষের মেডিকেল সুবিধা কমপক্ষে ২০,০০০ ডলার থাকতে হবে (আরোহীসহ মোটরসাইকেল চালকের অবশ্যই প্রতিবার ব্যক্তি প্রতি কমপক্ষে ২০,০০০ ডলার থাকতে হবে।)

**MCL 257.658(5)**

### হেলমেট ব্যবহার; মপড

১৯ বছরের কম বয়সী মপড চালককে ক্র্যাশ হেলমেট পরতে হবে।

**MCL 257.658(4)**

### ক্র্যাশ হেলমেটের স্ট্যান্ডার্ড

প্রয়োজনে, সকল হেলমেট অবশ্যই U.S. ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (DOT) স্ট্যান্ডার্ড পূরণ করতে হবে।

**মিশিগান প্রশাসন কোড, R 28.951**

### মোটরসাইকেলের সিটে বসা; একাধিক আরোহী

(1) মোটর সাইকেল চালককে অবশ্যই সেই মোটরযানের সাথে সংযুক্ত স্থায়ী ও স্বাভাবিক সিটে দুই পা ফাঁক করে বসতে হবে।

(2) মোটর সাইকেল বা মপড এক সাথে যে সংখ্যক আরোহীর জন্য ডিজাইন ও তৈরি করা হয়েছে তার চেয়ে বেশি ব্যক্তি বহন করার জন্য ব্যবহার করা যাবে না।

**MCL 257.658**

### মালামাল বহন করা

মপড বা মোটরসাইকেল চালক এমন কোনো প্যাকেজ, বান্ডেল বা বস্তু বহন করবেন না যা ড্রাইভারকে গাড়ির হ্যান্ডেলবারে উভয় হাত রাখতে বাধা দেয়।।

**MCL 257.661**

### যানবাহন চলাচলের স্বাভাবিক প্রবাহে হস্তক্ষেপ

(1) কোনো ব্যক্তি, অনুমতি ব্যতীত, ব্যারিকেড, বস্তু বা ডিভাইস অথবা তার লোকজনের মাধ্যমে এই স্টেটের কোনো পাবলিক স্ট্রীট বা হাইওয়েতে যানবাহন বা পথচারী ট্র্যাফিকের স্বাভাবিক প্রবাহকে অবরুদ্ধ, প্রতিবন্ধকতা, ব্যাহত, বা অন্য কোনোভাবে হস্তক্ষেপ করবে না।

**MCL 257.676b**

### সীমিত অ্যাক্সেসের মহাসড়ক

কোনো ব্যক্তি ১২৫ কিউবিক সেন্টিমিটারের কম ইঞ্জিনের মোটরসাইকেল বা মপড সীমিত অ্যাক্সেস হাইওয়েতে চালাতে পারবেন না।

**MCL 257.679a**

## সরঞ্জাম

### সিট ও পা-দানি

মোটরসাইকেলে পর্যাপ্ত আসন এবং প্রতিটি নির্ধারিত বসার অবস্থানের জন্য সুরক্ষিতভাবে সংযুক্ত পা-দানি থাকতে হবে। স্থায়ী শারীরিক অক্ষমতার কারণে এটি করতে সক্ষম না হলে, কোনো যাত্রী মোটরসাইকেলে চড়তে পারবেন না যদি না তার পা পা-দানির উপর রাখতে পারেন।

**MCL 257.658a(1)**

### মোটরসাইকেলের হ্যান্ডেলবার

কোনো ব্যক্তি এই স্টেটের কোনো পাবলিক হাইওয়েতে এমন কোনও মোটরসাইকেল বা মপড চালাতে পারবেন না যার হ্যান্ডেলবার বসে না যাওয়া স্যাডলের সর্বনিম্ন বিন্দু থেকে চালকের হ্যান্ডেল গ্রিপের সর্বোচ্চ বিন্দু পর্যন্ত ৩০ ইঞ্চির বেশি।

**MCL257.661a**

### হেড লাইট; সংখ্যা; মডিউলেটর; উচ্চতা

(2) কোনো মোটরসাইকেল বা মপডে কমপক্ষে ১ টি এবং এই অধ্যায়টির সাথে সামঞ্জস্য রাখলে ২ টির বেশি হেড লাইটসহ সজ্জিত করা যাবে না।

(3) মোটরসাইকেল বা মপডের হেড লাইট উচ্চ তীব্রতা থেকে নিম্ন তীব্রতায় মডুলেট করার জন্য এমনভাবে ওয়্যার বা সাজাতে হবে যেন হয় এর আপার বিম অথবা এর লোয়ার বিম কাজ করে, তবে দুটো একসাথে নয়। মোটর সাইকেলে বা মপডে ২টি হেড লাইটসহ ইনস্টলকৃত হেড লাইট মডুলেটর এমন পদ্ধতিতে সংযোগ করতে হবে যেন হেড লাইটগুলো বিভিন্ন রেটে মডিউল না করা অথবা একে অপরের সাথে সিঙ্ক্রোনাইজেশনে না থাকা রোধ করা যায়। মোটরসাইকেল বা মপডে ইনস্টলকৃত হেড লাইট মডুলেটর 49 CFR 571.108-এ নির্ধারিত স্ট্যান্ডার্ড পূরণ করবে।

(4) মোটরযানে থাকা প্রতিটি হেড লাইট, হেড লাইটের কেন্দ্র থেকে যে পৃষ্ঠের উপর যানটি দাঁড়িয়ে আছে পর্যন্ত ৫৪ ইঞ্চির কম এবং ২৪ ইঞ্চির বেশি উচ্চতায় থাকতে হবে।

**MCL 257.685**

## ক্লিয়ারেন্স/মার্কার বাতি ও রিফ্লেক্টর; রং

(a) যেগুলো মোটরযানের সামনে বা সামনের দিকের পাশে লাগানো হয়েছে সেগুলো অ্যাম্বার রং প্রদর্শন বা প্রতিফলিত করবে।

(b) যেগুলো মোটরযানের পিছনে বা পিছনের দিকের পাশে লাগানো হয়েছে সেগুলো লাল রং প্রদর্শন বা প্রতিফলিত করবে।

(c) যেকোনো মোটরযানের পিছনে লাগানো সকল লাইটিং ডিভাইস এবং রিফ্লেক্টর লাল রং প্রদর্শন বা প্রতিফলিত করবে, স্টপ লাইট বা অন্যান্য সিগন্যাল ডিভাইস ব্যতীত, যা লাল বা অ্যাম্বার হতে পারে এবং লাইসেন্স প্লেটকে আলোকিত করা আলো সাদা হবে।

**MCL 257.689**

## স্পট লাইট; ফগ লাইট

(a) মোটরসাইকেলে ১ টির বেশি স্পট লাইট লাগানো যাবে না, এবং প্রতিটি আলোকিত স্পট লাইট অন্য কোনো মোটরযানে পৌছানোর সময় এমনভাবে লক্ষ্যযুক্ত এবং ব্যবহার করতে হবে যেন বিমের কোনো অংশ নিকটবর্তী ড্রাইভারের চোখে এসে না পড়ে। স্পট লাইট সাদা বা অ্যাম্বার আলো ব্যতীত অন্য কোনো রং নিঃসরণ করতে পারবে না।

(b) কোনো মোটরযান সামনে ২টির বেশি ফগ লাইট দিয়ে সজ্জিত করা যাবে না যা ১২ ইঞ্চির চেয়ে কম উচ্চতায় অথবা ৩০ ইঞ্চির বেশি উচ্চতায় লাগানো থাকে।

**MCL 257.696**

## পিছনের স্টপ লাইট

মোটরসাইকেল বা মপডে ১ টি পিছনের স্টপ লাইট থাকতে হবে।

**MCL 257.697b**

## সাইড, ফেন্ডার, রানিং, কার্টেসি এবং ব্যাকিং লাইট; রিফ্লেক্টর; ফ্ল্যাসিং, অসিলেটিং বা রোটেটিং লাইট; দেওয়ানি লঙ্ঘন অনুযায়ী লঙ্ঘন

কোনো লাইট বা রিফ্লেক্টর হওয়ার জন্য ডিজাইন করা অংশ, সামনে থেকে দৃশ্যমান হলে সাদা বা অ্যাম্বার আলো প্রদর্শন বা প্রতিফলিত করবে; উভয় দিক থেকে দৃশ্যমান হলে অ্যাম্বার বা লাল আলো প্রদর্শন বা প্রতিফলিত করবে; এবং পিছন থেকে দৃশ্যমান হলে লাল আলো প্রদর্শন বা প্রতিফলিত করবে, আইনে অন্যভাবে উল্লেখ থাকা ব্যতীত।

**MCL 257.698(4)**

## ব্রেক ইকুইপম্যান্ট

(b) মহাসড়কে পরিচালিত মোটরসাইকেল বা মপডে কমপক্ষে ২টি ব্রেক, ১টি সামনের চাকায় এবং ১ টি পিছনের চাকায় লাগানো থাকতে হবে, যা হাত বা পা দ্বারা পরিচালিত হতে পারে।

**MCL 257.705**

## হর্ন বা অন্যান্য সতর্কীকরণ ডিভাইস

(a) মোটর সাইকেল বা মপড মহাসড়কে পরিচালিত হলে একটি হর্ন থাকতে হবে এবং ২০০ ফুটের কম দূরত্ব থেকে স্বাভাবিক অবস্থায় শ্রবণযোগ্য শব্দ নিঃসরণ করতে সক্ষম হতে হবে, কিন্তু হর্ন বা অন্যান্য সতর্কীকরণ ডিভাইস অযৌক্তিকভাবে জোরে বা তীক্ষ্ণ শব্দ বা হুইসেল বাজাতে পারবে না।

**MCL 257.706**

## মাফলার, ইঞ্জিন এবং এক্সজস্ট সিস্টেম

(1) মোটরসাইকেল বা মপডে ভালোমতো কর্মক্ষম এবং অব্যাহত ক্রিয়ারত একটি মাফলার থাকতে হবে অত্যধিক বা অস্বাভাবিক শব্দ এবং বিরক্তিকর ধোঁয়া রোধ করার জন্য। কোনো ব্যক্তি মাফলারের মধ্যে থাকা কোনো ব্যাফেল অপসারণ, ধ্বংস বা নষ্ট করতে পারবে না, অথবা কোনো ব্যক্তি কোনো

হাইওয়ে বা রাস্তায় মোটরসাইকেল বা মপডের মাফলার কাটআউট, বাইপাস বা অনুরূপ ডিভাইস ব্যবহার করতে পারবে না।

**MCL 257.707**

## নয়েজের সীমা; নিষেধাজ্ঞা

(1) ১লা এপ্রিল, ১৯৭৮ তারিখের পর, এমন মোটরযান হাইওয়ে বা রাস্তায় পরিচালিত বা চালানো যাবে না যদি মোটরযান সাবডিভিশন (খ)(iii)-এ প্রদত্ত ব্যতীত ৫০ ফুট দূরত্বে নিম্নলিখিত সীমার ১ টির বেশি মোট নয়েজ উৎপন্ন করে: (খ) মোটরসাইকেল বা মপড:

i. ৮৬ DBA যদি হাইওয়ে বা রাস্তায় সর্বোচ্চ আইনসম্মত গতি প্রতি ঘন্টায় ৩৫ মাইলের বেশি হয়।
ii. ৮২ DBA যদি হাইওয়ে বা রাস্তায় সর্বোচ্চ আইনসম্মত গতি প্রতি ঘন্টায় ৩৫ মাইলের বেশি না হয়।
iii. ৭৫ ইঞ্চিতে স্টেশনারি রান-আপ পরীক্ষায় ৯৫ DBA।

**MCL 257.707c**

DBA: "a-ওয়েটেড নেটওয়ার্কে ডেসিবল" অর্থ সাউন্ড লেভেল মিটারের a-ওয়েটেড নেটওয়ার্কে পরিমাপকৃত ডেসিবল, আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউটের স্ট্যান্ডার্ড S 1.4-1971-এ যেমনটি উল্লেখ করা হয়েছে।

**MCL 257.707a**

## আয়না

সকল মোটরযানে ড্রাইভারের পাশে বাইরে রিয়ারভিউ আয়নাসহ তৈরি করতে হবে যা ড্রাইভারকে মোটরযানের ড্রাইভার সাইড থেকে পিছনে দেখার জন্য পজিশনিং করা হবে। রিয়ারভিউ আয়না মোটরসাইকেলের চালক কর্তৃক পরিহিত হেলমেট বা ভাইজারে লাগানো যেতে পারে যদি হেলমেট চালকের মাথার সাথে সুরক্ষিতভাবে সংযুক্ত থাকে।

**MCL 257.708**

## উইন্ডশিল্ড, গগলস, চশমা বা ফেস শিল্ড

কোনো ব্যক্তি প্রতি ঘন্টায় ৩৫ মাইলের বেশি গতিতে মোটরসাইকেল চালালে যেটিতে উইন্ডশিল্ড নেই, তাকে স্বচ্ছ লেন্সসহ গগলস, চশমা, বা স্বচ্ছ ফেস শিল্ড পরিধান করতে হবে যা ভাঙ্গবে না এবং এটির সাইজ বায়ুবাহিত বস্তু ও রাস্তার বিভিন্ন আবর্জনা থেকে তার চোখকে রক্ষা করার জন্য পর্যাপ্ত।

**MCL 257.708a**

## টায়ার

(f) কোনো ব্যক্তি মহাসড়কে এমন মোটরযান চালাবেন না যদি সেই মোটরযানে ব্যবহৃত কোনো টায়ার উপধারা (h) অনুযায়ী অনিরাপদ হয়।

(h) একটি টায়ার অনিরাপদ যদি এতে নিম্নলিখিত শর্তের যেকোনো একটি থাকে:

(i) বেল্টিং ম্যাটেরিয়াল, টায়ার কর্ড, বা প্লাইয়ের কোনো অংশ উন্মুক্ত হয়ে যায়।
(ii) কর্ড বা ট্রেড আলাদা হয়ে যাওয়ার লক্ষণ থাকে
(iii) টায়ারের পরিধির চারপাশে ৩ বা ততোধিক স্থানে ২ বা ততোধিক সংলগ্ন বিশাল গ্রুভে ন্যূনতম ট্রেড লেভেল বা এর নিচে ক্ষয় থাকে। অনুমোদিত ন্যূনতম ট্রেড লেভেল নিম্নরূপ: মোটরসাইকেল এবং মপড: ১/৩২-ইঞ্চি সামনে ও পিছনে।
(iv) "হাইওয়েতে ব্যবহারের জন্য নয়," "শুধুমাত্র রেসিংয়ের জন্য," "শুধুমাত্র খামারে ব্যবহারের জন্য," বা "হাইওয়েতে ব্যবহারের জন্য অনিরাপদ" চিহ্ন থাকে।
(v) মূল ট্রেড ডিজাইনের গভীরতার নিচে রিগ্রুভ বা রিকাট করা, বিশেষ উদ্দেশ্যে ডিজাইন করা টায়ার ব্যতীত যে টায়ারে এই উদ্দেশ্যে অতিরিক্ত আন্ডারট্রেড রাবার সরবরাহ করা হয়েছে এবং টায়ার সে অনুযায়ী চিহ্নিত করা হয়েছে।

**MCL 257.710**

অধ্যায় তিন

# রাইডিং করার অবস্থায় থাকা

মোটরসাইকেল চালানোতে আপনার পূর্ণ মনোযোগ দরকার। দায়িত্বশীল রাইডাররা রাইডিংয়ের পরিবেশের প্রতি মনোযোগ দেয়, সম্ভাব্য বিপদ সনাক্ত করে, এড়িয়ে যাওয়ার পথ খোঁজে এবং ভালো সিদ্ধান্ত নেয়।

## অ্যালকোহল, অন্যান্য মাদক ও রাইডিং

মোটর সাইকেল দুর্ঘটনা, বিশেষ করে প্রাণঘাতী দুর্ঘটনার বড় কারণ হলো অ্যালকোহল। গবেষণায় দেখা গেছে, মোটরসাইকেল দুর্ঘটনায় নিহত সব আরোহীর প্রায় ৪০ শতাংশই মদ্যপান করেছেন। অ্যালকোহল বা অন্যান্য ওষুধে "প্রভাবিত থাকা অবস্থায়" রাইডিং প্রতিটি রাইডারের জন্য শারীরিক ও আইনী বিপদ ডেকে আনে। অ্যালকোহল এবং অন্যান্য ওষুধের প্রভাব সম্পর্কে জানার মাধ্যমে, আপনি দেখতে পাবেন যে রাইডিং ও অ্যালকোহল একসাথে করার জিনিস নয়।

### অ্যালকোহল এবং অন্যান্য অক্ষমকারী মাদকের প্রভাব

অ্যালকোহল এবং অন্যান্য মাদক অক্ষম করে আপনার:

- **বিচারশক্তি** – অ্যালকোহল এবং অন্যান্য অক্ষমকারী মাদক আপনার মস্তিষ্কের এমন অঞ্চলকে প্রভাবিত করে যা বিচার নিয়ন্ত্রণ করে। আপনি ট্র্যাফিক পরিস্থিতি অথবা বিপজ্জনক বা অপ্রত্যাশিত রাইডিং পরিস্থিতি এড়াতে প্রয়োজনীয় কৌশল সম্পর্কে ভালো সিদ্ধান্ত নিতে পারবেন না।
- **দৃষ্টি** – অ্যালকোহল এবং কিছু ধরনের ওষুধ আপনার দৃষ্টি ঝাপসা করতে পারে, আপনার ফোকাস করার ক্ষমতা হ্রাস করতে পারে এবং ডাবল ভিশন বা সবকিছু দুটি করে দেখার কারণ হতে পারে।
- **প্রতিক্রিয়ার সময়** – অ্যালকোহল এবং অন্যান্য অক্ষমকারী মাদক আপনার তথ্য প্রক্রিয়াকরণ ক্ষমতাকে ধীর করে দেয় এবং কোনো পরিস্থিতিতে আপনার দ্রুত প্রতিক্রিয়া জানানোর ক্ষমতাকে প্রভাবিত করে।

অ্যালকোহল বা অন্যান্য ওষুধের প্রভাবে থাকা অবস্থায় রাইডিং প্রতিটি রাইডারের জন্য শারীরিক ও আইনী বিপদ ডেকে আনে।

### অ্যালকোহল কিভাবে কাজ করে

অন্যান্য পানীয়ের বিপরীতে, অ্যালকোহল সরাসরি পাকস্থলী এবং ক্ষুদ্রান্ত্রের প্রাচীরের মাধ্যমে শোষিত হয়, রক্তপ্রবাহে চলে যায় এবং সারা শরীর ও মস্তিষ্কে পৌছায়। বিচারশক্তিই প্রথম প্রভাবিত হয়।

অ্যালকোহল দ্রুত শোষিত হয় এবং কোনো ব্যক্তির পান করার পর ৩০ থেকে ৭০ মিনিটের মধ্যে পরিমাপ করা যেতে পারে।

**অ্যালকোহলের মাত্রা**

সাধারণ অ্যালকোহলযুক্ত পানীয় প্রায় অর্ধেক আউন্স অ্যালকোহলের সমান। এটি অ্যালকোহলের আনুমানিক পরিমাণ যা পাওয়া যায়:

- শোধিত মদের এক শটে, অথবা
- ৫-আউন্সের এক গ্লাস ওয়াইনে, অথবা
- ১২-আউন্স বিয়ারে।

## আমার রক্তে অ্যালকোহলের ঘনত্বে (BAC) কী প্রভাব ফেলে?

BAC একজন ব্যক্তির রক্তে থাকা অ্যালকোহলের পরিমাণকে বোঝায়। সকল স্টেটে, ০.০৮ শতাংশ বা তার বেশি BAC থাকা একজন প্রাপ্তবয়স্ককে নেশাগ্রস্ত বলে মনে করা হয়। তবে, অক্ষমতা প্রথম ড্রিংক থেকেই শুরু হয়। এমনকি ০.০৮-এর নিচেও আপনি অক্ষম হতে পারেন এবং অক্ষমভাবে রাইডিংয়ের জন্য দোষী সাব্যস্ত হতে পারেন। একজন ব্যক্তির BAC কত দ্রুত বৃদ্ধি পায় তা বেশ কয়েকটি কারণের সাথে পরিবর্তিত হয়:

- ড্রিংকের সংখ্যা যত বেশি ড্রিংক করবেন BAC তত বাড়বে।
- কত দ্রুত ড্রিংক করছেন। অ্যালকোহল দ্রুত পান করলে আপনি দীর্ঘ সময় ধরে এটি পানের চেয়ে বেশি BAC-তে পৌঁছাবেন।
- আপনার লিঙ্গ। নারীদের সাধারণত পুরুষদের তুলনায় শরীরের ওজনের প্রতি পাউন্ডে কম পানি এবং বডি ফ্যাট বেশি থাকে। অ্যালকোহল অন্যান্য কোষের মতো সহজে ফ্যাট কোষে যায় না, তাই নারীদের রক্তে বেশি অ্যালকোহল থাকে ।
- আপনার ওজন। আপনার ওজন যত বেশি হবে, আপনার শরীরে তত বেশি পানি থাকবে। এই পানি অ্যালকোহলকে পাতলা করে এবং BAC হ্রাস করে।
- পাকস্থলীতে খাবার।. আপনি যদি খাবার খেয়ে থাকেন তবে ধীরে শোষিত হবে।

## সজ্ঞানে রাইড করুন

সবচেয়ে নিরাপদ এবং সবচেয়ে দায়িত্বশীল অপশন হলো মদ পান না করে গাড়ি চালানো। কারণ একবার আপনি শুরু করার পর, প্রথমেই আপনার বিচারশক্তি প্রভাবিত হবে এবং আপনার "না" বলার ক্ষমতা কমে যায়।

আপনি যদি মদ্যপানের পরিকল্পনা করেন তাহলে আপনার মোটরসাইকেল বাড়িতে রেখে যান এবং অন্য পরিবহন খুঁজুন যাতে আপনি অক্ষম হয়ে চালানোর জন্য প্রলুব্ধ না হন। অথবা, আপনি যেখানে পান করার পরিকল্পনা করছেন সেখানে আগে থেকে কল করুন এবং জিজ্ঞাসা করুন যে আপনার মোটরসাইকেল এক রাত রাখার জন্য কোনো নিরাপদ জায়গা রয়েছে কিনা যাতে আপনি বাড়িতে আসার বিকল্প উপায় খুঁজতে পারেন - যেমন ট্যাক্সি বা মনোনীত ড্রাইভার।

আপনার শরীর থেকে অ্যালকোহল অপসারণের জন্য কোনো শর্টকাট নেই। আপনি যে "প্রতিকার" সম্পর্কে শুনেছেন তার কোনোটিই - ঠান্ডা পানিতে গোসল, গরম কফি বা শারীরিক ব্যায়াম - আপনার শরীরকে অ্যালকোহল দ্রুত বিপাক করতে বাধ্য করবে না। সজ্ঞানে ফেরার জন্য একমাত্র প্রমাণিত প্রতিকার হলো সময়। মনে রাখবেন - আপনার শরীর প্রতি ঘন্টায় প্রায় একটি ড্রিংক প্রক্রিয়া করতে পারে।

## অন্যান্য অক্ষমকারী মাদক এবং রাইডিং

সকল মাদক আপনার নিরাপদে চালানোর ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। এটি অনেক প্রেসক্রিপশন করা ওষুধ, ওভার-দ্য-কাউন্টার এবং অবৈধ মাদকের ক্ষেত্রে সত্য। যদি আপনি নিশ্চিত না হন যে, কোনো ওষুধ গ্রহণ এবং রাইডিং নিরাপদ কিনা, তাহলে আপনার ডাক্তার বা ফার্মাসিস্টকে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জিজ্ঞাসা করুন। অন্যান্য ওষুধ গ্রহণ করা কালীন কখনই অ্যালকোহল পান করবেন না। এই ওষুধ অ্যালকোহলের প্রভাব বহুগুণ করতে পারে অথবা এর নিজস্ব অতিরিক্ত প্রভাব ফেলতে পারে। এই প্রভাব কেবল আপনার মোটরসাইকেল চালানোর ক্ষমতাই হ্রাস করে না, বরং গুরুতর স্বাস্থ্য সমস্যা, এমনকি মৃত্যুর কারণ হতে পারে।

### স্বাস্থ্য

এমন অনেক স্বাস্থ্যগত অবস্থা রয়েছে যা আপনার রাইডিং প্রভাবিত করতে পারে, এমনকি ছোটখাটো সমস্যাও। আপনার ডাক্তারকে জিজ্ঞাসা করুন কোন স্বাস্থ্যগত অবস্থা আপনাকে মোটর সাইকেল চালানোর ক্ষেত্রে প্রভাবিত করতে পারে।

### আবেগ

আবেগ আপনার চিন্তা করার ক্ষমতাতে হস্তক্ষেপ করতে পারে, মানসিক বিভ্রান্তি তৈরি করতে পারে, ঝুঁকি নেওয়া বৃদ্ধি করতে পারে, মনোযোগের অভাব তৈরি করতে পারে এবং তথ্য প্রক্রিয়া করার ক্ষমতা ব্যাহত করতে পারে। আপনি যদি অত্যধিক উদ্বিগ্ন, উত্তেজিত, ভীত, রাগান্বিত বা বিষণ্ন হন, তাহলে আপনি মোটরসাইকেল চালানোর জন্য আপনার পূর্ণ মনোযোগ দিতে সক্ষম নাও হতে পারেন।

**কুইক টিপস: অ্যালকোহল বা অন্যান্য ওষুধের প্রভাবমুক্ত রাইডিংয়ের গুরুত্ব**

**তত্ত্ব:** অ্যালকোহল ও মোটরসাইকেল বেমানান

- ০.০১ থেকে ০.০৪%-এর BACতে, বিচার ক্ষমতা হ্রাস পেতে শুরু করে, মদ্যপানকারী তার নিজস্ব ক্রিয়াকলাপে কম গুরুত্ব দেয়, প্রতিক্রিয়ার সময় ধীর হয়ে যায় এবং মানসিক শিথিলতার লক্ষণ দেখা দিতে পারে।
- ০.০৫ থেকে ০.০৭%-এর BAC-তে, বিচার ক্ষমতা যথেষ্ট থাকে না, চিন্তা ও যৌক্তিক ক্ষমতা স্পষ্ট থাকে না, এবং জটিল স্কিল সম্পাদন করার ক্ষমতা হ্রাস পায়।
- ০.০৮% বা তার বেশি BAC-তে, বিচার ও যৌক্তিক ক্ষমতা গুরুতরভাবে বাধাগ্রস্ত হয় এবং ব্যক্তি ত্রুটি ছাড়া সাধারণ সহজ কাজ সম্পন্ন করতে পারে না।

**প্রমাণ: সাম্প্রতিক গবেষণা পরিসংখ্যান** (NHTSA, ফ্লোরিডা, কেনটাকি, এবং অস্ট্রেলিয়া প্রদত্ত)

- কারো শরীরে কোনো অ্যালকোহল থাকার ফলে ক্র্যাশ হওয়ার সম্ভাবনা পাঁচগুণ বেড়ে যায়।
০.০৫ থেকে ০.০৭%-এর BAC-তে, বিচার ক্ষমতা যথেষ্ট থাকে না, চিন্তা ও যৌক্তিক ক্ষমতা স্পষ্ট থাকে না, এবং জটিল স্কিল সম্পাদন করার ক্ষমতা হ্রাস পায়।
- ০.০৫%-এর চেয়ে বেশি BAC থাকার ফলে প্রায় চল্লিশ গুণ ক্র্যাশ হওয়ার ঝুঁকি বেড়ে যায়।
- ক্র্যাশের কারণে নিহত মোটরসাইক্লিস্টদের ৪৬ শতাংশই অ্যালকোহল ব্যবহার করেছিলেন।
- সকল প্রাণঘাতী অ্যালকোহল-সম্পর্কিত মোটরসাইকেল দুর্ঘটনার এক চতুর্থাংশ মোটর সাইকেল আরোহীরা রাস্তা থেকে বেরিয়ে গেছে, উল্টে গেছে অথবা অন্য কোনো বস্তুকে আঘাত করা ছাড়াই মোটরসাইকেল থেকে পড়ে গেছে।

**ব্যাখ্যা: অ্যালকোহল আপনার "SEE" ক্ষমতায় প্রভাব ফেলে**

SEE[sm] হলো মোটরসাইকেল আরোহীদের সুরক্ষা মার্জিন বজায় রাখার পাশাপাশি ট্রাফিক পরিস্থিতিতে সঠিকভাবে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত ও সক্ষম হতে সহায়তা করার জন্য MSF-এর কৌশলের সংক্ষিপ্ত রূপ। SEE-এর মানে:

- এমন সমস্যা সার্চ (অনুসন্ধান) যার ফলে বিপদ হতে পারে।
- বিপদ কিভাবে ঝুঁকি তৈরি করতে পারে সেটা ইভালুয়েট (মূল্যায়ন করা) ; একসাথে একাধিক বিপদকে মোকাবিলা করার জন্য অগ্রাধিকার দেওয়া।
- সুরক্ষা মার্জিন বজায় রাখতে কার্যটি এক্সিকিউট (সম্পাদন করা) ।

অ্যালকোহল আপনার দৃষ্টি **(অনুসন্ধান)**, সিদ্ধান্ত / সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা **(মূল্যায়ন)**, এবং সমন্বয় / প্রতিক্রিয়ার সময় **(সম্পাদন)** হ্রাস করে নিরাপদ মোটরসাইকেল চালানোর এই তিনটি মানব উপাদানকে প্রভাবিত করে।

**পরামর্শ: আগে থেকে পরিকল্পনা করুন**

- রাইডারকে কখনোই অ্যালকোহলের সাথে রাইডিং মেশানো যাবে না। এমনকি BAC এর কম, বৈধ সীমাও মোটরসাইকেল চালানোর সময় আপনার ঝুঁকি বাড়িয়ে তোলে।
- যে রাইডাররা বাড়ি থেকে দূরে আছেন এবং পান করার সিদ্ধান্ত নেন তারা হয় (১) তাদের BAC চালানোর আগে শূন্যে ফিরে না আসা পর্যন্ত অপেক্ষা করুন, এমনকি যদি এর কারণে এক রাত বাইরে থাকতেও হয়, অথবা (২) মোটরসাইকেল একটি নিরাপদ স্থানে রাখুন এবং বাড়িতে ফেরার বিকল্প পরিবহন খুঁজুন।

*BAC = রক্তে অ্যালকোহলের মাত্রা

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

1.আপনি যদি রাইডিংয়ের আগে কেবল একটি ড্রিংক করেন:

A. মদ্যপান ও রাইডিংয়ের জন্য আপনাকে গ্রেফতার করা যাবে না।

B. আপনার রাইডিং স্কিল প্রভাবিত হবে না।

C. এটি আপনার মোটরসাইকেল চালানোর ক্ষমতাকে প্রভাবিত করতে পারে।

2.কত শতাংশ BAC-তে নেশাগ্রস্থ বলে মনে করা হয়?

A. ০.০২ শতাংশ।

B. ০.০৪ শতাংশ।

C. ০.০৮ শতাংশ।

1.C – ১৭ পৃষ্ঠা, আমার রক্তে অ্যালকোহলের ঘনত্বে (BAC) কী প্রভাব ফেলে?
2.C – ১৭ পৃষ্ঠা, আমার রক্তে অ্যালকোহলের ঘনত্বে (BAC) কী প্রভাব ফেলে?

অধ্যায় চার:

# আপনি চালানোর আগে

**This section covers**

- প্রতিরক্ষামূলক গিয়ার নির্বাচন এবং পরিধান
- MSF – মোটরসাইকেলের হেলমেট সম্পর্কে আপনাকে যা জানতে হবে
- আপনার মোটরসাইকেলকে জানুন
- প্রি-রাইড চেক T-CLOCS
- MSF এন্টি-লক ব্রেকিং সিস্টেম

একজন দায়িত্বশীল রাইডার লক্ষ্য রাখেন:

1. সুরক্ষামূলক রাইডিং গিয়ার পরায়।
2. মোটরসাইকেলের সাথে পরিচিত হতে।
3. মোটরসাইকেল পরিদর্শন করতে।
4. অক্ষমতা মুক্ত থাকতে (অ্যালকোহল এবং মাদক মুক্ত)।

## প্রতিরক্ষামূলক গিয়ার নির্বাচন এবং পরিধান

আপনি যখনই মোটরসাইকেল চালাবেন তখন আপনাকে পরতে হবে:

- U.S. ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (DOT) অনুমোদিত হেলমেট।
- মুখ ও চোখের সুরক্ষা।
- মোটরসাইকেলের প্রতিরক্ষামূলক রাইডিং গিয়ার (গ্ল্যাভস, ফুল প্যান্ট, জ্যাকেট, মজবুত জুতা)।

## হেলমেট ব্যবহার

দূর্ঘটনার তথ্য থেকে দেখা যায় যে মাথায় আঘাত লাগা মোটরসাইকেল চালকদের বেশিরভাগ গুরুতর ও প্রাণঘাতী আঘাতের জন্য দায়ী। গবেষণায় আরো দেখা গেছে যে হেলমেট পরা আরোহীদের দুর্ঘটনায় মাথায় সামান্য ও কম গুরুতর আঘাত লেগেছে।

তথ্যগুলো বিবেচনা করুন:

- হেলমেট আপনার রাইডিং অভিজ্ঞতাকে আরো উপভোগ্য করে তোলে।
- হেলমেট আপনাকে বিভিন্ন জিনিস (বায়ু, পোকা, ময়লা ইত্যাদি) থেকে রক্ষা করে।
- DOT-অনুমোদিত হেলমেট দৃষ্টি সীমাবদ্ধ করে না অথবা গুরুত্বপূর্ণ শব্দ হ্রাস করে না।
- ক্র্যাশ অনিশ্চিতভাবে যেকোনো সময় ঘটতে পারে, এমনকি ছোট রাইডেও অথবা যাত্রা শুরু করার কয়েক মিনিটের মধ্যে।
- গতি যাই হোক না কেন, হেলমেট মাথার আঘাতের তীব্রতা হ্রাস করবে।

**হেলমেট ব্যবহার এবং মোটরসাইকেল চালক**
মোটরসাইকেল চালককে অনুমোদিত ক্র্যাশ হেলমেট পরতে হবে যদি না তিনি:

- কমপক্ষে ২১ বছর বয়সী হন,
- প্রথম পক্ষের মেডিকেল সুবিধা বীমায় কমপক্ষে ২০,০০০ ডলার থাকে, এবং
- কমপক্ষে দুই বছরের জন্য মোটর সাইকেল এনডোর্সম্যান্ট আছে, অথবা অনুমোদিত মোটরসাইকেল রাইডার শিক্ষা কোর্স পাস করেছেন। MCL 257.658(5).

**হেলমেট ব্যবহার; মোটরসাইকেলের যাত্রী**
মোটরসাইকেলের যাত্রীকে অনুমোদিত ক্র্যাশ হেলমেট পরতে হবে যদি না তিনি:

- কমপক্ষে ২১ বছর বয়সী হন, এবং
- মোটরসাইকেল অপারেটরের আবশ্যক বীমা ছাড়াও প্রথম পক্ষের মেডিকেল সুবিধা বীমায় কমপক্ষে ২০,০০০ ডলার থাকে। MCL 257.658(5).

**হেলমেট ব্যবহার; মপড**
১৯ বছরের কম বয়সী মপড চালককে ক্র্যাশ হেলমেট পরতে হবে। MCL 257.658(4).

## হেলমেট নির্বাচন

আপনার মোটরসাইকেলের হেলমেট কেনার সময় প্রথমে সুরক্ষা বিবেচনা করতে হবে। তিনটি প্রাথমিক ধরনের হেলমেট রয়েছে: ফুল ফেস, থ্রি-কোয়ার্টার এবং হাফ। ফুল-ফেস হেলমেট সবচেয়ে বেশি মাথার সুরক্ষা দেয় কারণ এটি মাথা ও মুখ পুরো ঢেকে রাখে। এই ডিজাইনে ফ্লিপ করা যায় এমন ফেস শিল্ড থাকে যা চোখকে রক্ষা করে। থ্রি কোয়ার্টার হেলমেট রাইডারদের মাথায় ভালো সুরক্ষা প্রদান করে এবং একই মৌলিক উপাদান দিয়ে নির্মিত হয়, তবে ফুল ফেস হেলমেটের মতো মুখ ও চিবুকের সুরক্ষা দেয় না। আপনি যদি থ্রি-কোয়ার্টার হেলমেট পরেন তাহলে আপনাকে

অনুমোদিত স্ন্যাপ-অন ফেস শিল্ড বা গগলস ব্যবহার করতে হবে। হাফ হেলমেট সবচেয়ে কম পরিমাণে সুরক্ষা দেয়।

**হেলমেট**

ফুল ফেস হেলমেট

থ্রি-কোয়ার্টার

হাফ হেলমেট

আপনি যে স্টাইলই বেছে নিন না কেন, নিশ্চিত করুন যে হেলমেটটি:

- ক্র্যাশ হেলমেট স্ট্যান্ডার্ড পূরণ করে এবং DOT অনুমোদিত। কোনো হেলমেট U.S ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা আপনি বলতে পারবেন যদি এর প্রস্তুতকারকের নাম এবং/অথবা ব্র্যান্ড, মডেল এবং "DOT, FMVSS No. 218, সার্টিফাইড" লেবেল থাকে। মিশিগানে মোটরসাইকেল হেলমেটের DOT স্ট্যান্ডার্ড পূরণ আবশ্যক। (মিশিগান প্রশাসন কোড, R 28.951)
- ফাটল, ঢিলা প্যাডিং বা পুরাতন স্ট্র্যাপের মতো কোনো সুস্পষ্ট ত্রুটি নেই।
- সুরক্ষিতভাবে আটকানো যায়।

**হেলমেটের জন্য DOT সার্টিফিকেশন লেবেল**

এক্সটেরিওর সার্টিফিকেশন লেবেল
১৩ মে, ২০১৩ তারিখের আগে তৈরি মোটরসাইকেল হেলোমেটের জন্য:

DOT

এক্সটেরিওর সার্টিফিকেশন লেবেল
১৩ মে, ২০১৩ বা এর পরে তৈরি মোটরসাইকেল হেলোমেটের জন্য:

প্রস্তুতকারকের
নাম এবং/বা ব্র্যান্ডমডেল
ডেজিগনেশন DOT
FMVSS নং 218
সার্টিফাইড

## হেলমেট ফিট হওয়া

হেলমেট আরামদায়কভাবে ফিট হতে হবে, তবে আলতোভাবে। খুব ঢিলা হেলমেট বাতাসে উঠে যেতে পারে অথবা পড়ে গেলে আপনার মাথা থেকে বেরিয়ে আসতে পারে। খুব টাইট হলে আঁচড় লাগতে পারে অথবা মাথা ব্যাথার কারণ হতে পারে। হেলমেট বেছে নেওয়ার সময়, ফিট ও স্বাচ্ছন্দ্যের আইডিয়া পেতে বেশ কয়েকটি ব্র্যান্ড এবং সাইজ চেষ্টা করুন।

ভালো ফিটের জন্য এখানে কয়েকটি টিপস দেওয়া হলো:

- চিক প্যাড অস্বস্তিকরভাবে আপনার গাল চেপে ধরা ছাড়াই স্পর্শ করবে।
- আপনার টেম্পল এবং আইব্রো প্যাডের মধ্যে কোনো ফাঁক থাকবে না।
- হেলমেটে যদি নেক রোল থাকে, তাহলে এটি হেলমেট আপনার ঘাড়ের পিছন থেকে দূরে ঠেলে দেবে না।
- ফুল ফেস হেলমেটে, চিন পিসে চাপ দিন। হেলমেট বা ফেস শিল্ড আপনার নাক বা চিবুক স্পর্শ করবে না।

আপনি যে হেলমেটের বিষয়েই সিদ্ধান্ত নিন না কেন, আপনি যখন রাইডিং করবেন তখন সুরক্ষিতভাবে সেটা আপনার মাথায় আটকান। অন্যথায়, আপনি যদি কোনো ক্র্যাশে সম্পৃক্ত হন তাহলে আপনাকে রক্ষা করার সুযোগ পাওয়ার আগে এটি আপনার মাথা থেকে বেরিয়ে আসার সম্ভাবনা রয়েছে।

## মুখ ও চোখের সুরক্ষা

মুখের সুরক্ষা ছাড়া, কোনো বস্তু আপনার চোখ, মুখ বা মুখের ভিতর আঘাত করতে পারে। ফুল ফেস হেলমেট রাইডিংয়ের সময় এবং ক্র্যাশের ক্ষেত্রে মুখ ও চোখের সর্বাধিক সুরক্ষা দেয়। প্লাস্টিকের শ্যাটার রোধী ফেস শিল্ড আপনার চোখ ও মুখকে বাতাস, ধুলো, ময়লা, বৃষ্টি, পোকামাকড় এবং সামনের গাড়ি থেকে ছুটে আসা নুড়ি থেকে রক্ষা করতে সাহায্য করতে পারে। এই বিঘ্নগুলো বেদনাদায়ক হতে পারে এবং রাস্তা থেকে আপনার পূর্ণ মনোযোগ সরিয়ে নিতে পারে।
যাই ঘটুক না কেন, রাস্তায় আপনার চোখ রাখুন এবং হ্যান্ডেলবারে আপনার হাত রাখুন।

ফেস শিল্ড প্রায় যেকোনো হেলমেটে ফিট হওয়ার জন্য বিভিন্ন ডিজাইনে পাওয়া যায়। আপনি যে ফেস শিল্ড বেছে নিয়েছেন তা আপনার হেলমেটের জন্য ডিজাইন করা হয়েছে এবং চশমা বা সানগ্লাসে হস্তক্ষেপ করে না এটা নিশ্চিত হোন। কার্যকারিতার জন্য, চোখ বা ফেস শিল্ড সুরক্ষা অবশ্যই:

- আঁচড়বিহীন হতে হবে।
- ফাটা বা ভাঙা প্রতিরোধী হতে হবে।
- উভয় দিকে পরিষ্কারভাবে দেখা যাবে।
- আঁটসাঁটভাবে আটকানো যায়, যাতে এটি উড়ে না যায়।

- ঘোলা হওয়া কমাতে বাতাস চলাচল করে।
- প্রয়োজনে চশমা বা সানগ্লাসের জন্য পর্যাপ্ত জায়গা থাকে।

উইন্ডশিল্ড বাতাস ও ময়লা থেকে আপনার চোখকে রক্ষা করবে না; চশমা বা সানগ্লাসও করবে না। উইন্ডশিল্ড ফেস শিল্ডের বিকল্প নয়। চশমা আপনার চোখ থেকে পানি পড়া বন্ধ করবে না, এবং আপনি যখন রাইডিংয়ের সময় আপনার মাথা ঘোরাবেন তখন এটি উড়ে যেতে পারে। গগলস আপনার চোখকে রক্ষা করে, যদিও এটি ফেস শিল্ডের মতো আপনার মুখের বাকি অংশ রক্ষা করবে না। গগলস পার্শ্ব দৃষ্টিও হ্রাস করতে পারে। রঙিন চোখের সুরক্ষা বা শিল্ড রাতে বা অন্য কোনো সময় যখন সামান্য আলো থাকে তখন পরা যাবে না।

### উইন্ডশিল্ড, গগলস, চশমা বা ফেস শিল্ড

কোনো ব্যক্তি প্রতি ঘন্টায় ৩৫ মাইলের বেশি গতিতে উইন্ডশিল্ড বিহীন মোটরসাইকেল চালালে, তাকে স্বচ্ছ লেন্সসহ গগলস, চশমা, বা স্বচ্ছ ফেস শিল্ড পরিধান করতে হবে যা শ্যাটার রোধী এবং এর সাইজ বায়ুবাহিত বস্তু ও রাস্তার বিভিন্ন আবর্জনা থেকে তার চোখকে রক্ষা করার জন্য পর্যাপ্ত।
MCL 257.708a.

### কানের সুরক্ষা

দীর্ঘমেয়াদী বাতাসের শব্দের মধ্যে থাকা শ্রবণশক্তির স্থায়ী ক্ষতির কারণ হতে পারে। সঠিকভাবে পরিধান করা কানের সুরক্ষা বাতাসের শব্দ হ্রাস করতে পারে এবং আপনার যাত্রাকে আরো উপভোগ্য করে তুলতে পারে, পাশাপাশি আপনাকে গাড়ির হর্ন এবং সাইরেনের মতো গুরুত্বপূর্ণ শব্দ শুনতে দেয়। আপনি বিভিন্ন স্টাইল, ডিসপোজেবল ফোম প্লাগ থেকে শুরু করে পুনরায় ব্যবহারযোগ্য কাস্টম-মোল্ডেড ডিভাইসের মধ্য থেকে যেকোনোটি বেছে নিতে পারেন।

## সুরক্ষামূলক রাইডিং গিয়ার

মোটরসাইকেল আরোহীদের জন্য ডিজাইন করা রাইডিং গিয়ারটি দুর্ঘটনার ক্ষেত্রে, সেই সাথে তাপ, ঠান্ডা, বৃষ্টি, ময়লা এবং মোটরসাইকেলের গরম বা চলমান অংশ থেকে সুরক্ষা প্রদান করে। শক্তিশালী সিন্থেটিক বা চামড়া উপকরণ সর্বোত্তম সুরক্ষা প্রদান করে। রিফ্লেক্টর ম্যাটেরিয়ালসহ উজ্জ্বল রঙের পোশাক পরা আপনাকে অন্যান্য রোডওয়ে ব্যবহারকারীদের কাছে আরো দৃশ্যমান করে তুলবে।

শক্তিশালী সিন্থেটিক বা চামড়ার উপকরণ সর্বোত্তম সুরক্ষাপ্রদান করে।

- জ্যাকেট ও প্যান্ট সম্পূর্ণরূপে বাহু ও পা ঢেকে রাখতে হবে এবং টেকসই উপাদান দিয়ে তৈরি হতে হবে। জিন্স পর্যাপ্ত সুরক্ষা প্রদান করে না। ডিহাইড্রেশন রোধ করতে গরম আবহাওয়াতেও জ্যাকেট পরুন। অনেক মোটরসাইকেল রাইডিং জ্যাকেট আপনাকে অত্যধিক গরম থেকে রক্ষা করার জন্য ডিজাইন করা হয়েছে, এমনকি গ্রীষ্মের দিনেও।
- সুরক্ষামূলক জুতা, গোড়ালি এবং পায়ের নিচের অংশের জন্য সুরক্ষা দেয়। এগুলো আপনার গোড়ালি ঢেকে রাখতে এবং সাপোর্ট দেওয়ার জন্য যথেষ্ট উঁচু ও শক্তিশালী হতে হবে। চামড়ার বুট হলে সবচেয়ে ভালো হয়। সোল শক্ত, টেকসই স্লিপ প্রতিরোধী উপাদান দিয়ে তৈরি হতে হবে। স্যান্ডেল, স্নিকার্স এবং অনুরূপ জুতো ব্যবহার পরিহার করতে হবে কারণ এগুলো সামান্য সুরক্ষা দেয় এবং নিয়ন্ত্রণে হস্তক্ষেপ করতে পারে। হিল ছোট রাখুন যাতে অমসৃণ পৃষ্ঠে আটকে না যায়। ফিতা গুজে রাখুন যাতে আপনার মোটরসাইকেলে জড়িয়ে না যায়।
- গ্ল্যাভস ভালো গ্রিপ দেয় এবং আপনার হাত সুরক্ষিত রাখতে সাহায্য করে। আপনার গ্ল্যাভস ফুলফিঙ্গার এবং চামড়া বা অনুরূপ টেকসই পদার্থ দিয়ে তৈরি হতে হবে।
- মোটরসাইকেল চালানোর জন্য ডিজাইন করা রেইন কোট উচ্চ গতিতে ছিঁড়ে যাওয়া অথবা ফুলে ওঠা প্রতিরোধ করে। আপনি ভেজা ও শীতল রাইডারের চেয়ে অনেক বেশি আরামদায়ক এবং সতর্ক থাকবেন। এক বা দুই পিসের আলাদা স্টাইল পাওয়া যায়। রিফ্লেক্টিভ স্ট্রাইপ বা হাই ভিজিবিলিটি কমলা বা হলুদ রং থাকা রেইন কোট সবচেয়ে ভালো।

আবহাওয়ার পরিস্থিতি যাই হোক না কেন, সর্বদা সুরক্ষা গিয়ার পরুন যা আপনাকে আরামদায়ক রাখবে, যা আপনাকে আপনার রাইডিংয়ে মনোনিবেশ করতে সক্ষম করবে।

MSF MOTORCYCLE SAFETY FOUNDATION

## সাইকেলের সুরক্ষা তথ্য

# মোটরসাইকেলের হেলমেট সম্পর্কে আপনার যা জানতে হবে

## হেলমেটের কাজ

বেশিরভাগ স্পোর্টের মতো ক্রিয়াকলাপের নিজস্ব উপযুক্ত সুরক্ষা গিয়ার ও সরঞ্জাম রয়েছে। মোটরসাইক্লিংও তার ব্যতিক্রম নয়। প্রত্যেক রাইডার ও যাত্রীকে গোড়ালি লম্বা জুতা, ফুল প্যান্ট, ফুল হাতা জ্যাকেট, ফুল-ফিঙ্গার মোটরসাইকেলের গ্ল্যাভস এবং DOT (U.S. পরিবহন বিভাগ) স্ট্যান্ডার্ড অনুযায়ী নির্মিত হেলমেট পরতে হবে।

হেলমেট কাজ করে। হেলমেটের কার্যকারিতা বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে নিশ্চিত করা হয়েছে, বরং হেলমেট নিয়ে ভ্রান্ত ধারণা - "হেলমেটে ঘাড় ভেঙে যায়, দৃষ্টিসীমা কমে যায় এবং কানে শোনা যায় না" - পুরোপুরি অস্বীকার করা হয়েছে। সুরক্ষা-সচেতন রাইডাররা প্রতিবার চালানোর সময় সচেতন, দায়িত্বশীল অপশন হিসেবে হেলমেট পরেন; আমরা জানি, আপনিও তাই করবেন।

## হেলমেট আপনার জন্য কী করে

প্রথমত, এটি মোটরসাইকেল চালানোর সময় আপনি পরতে পারেন এমন সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রতিরক্ষামূলক গিয়ার। আপনি যখন আপনার চাবি নিচ্ছেন তখন এর কথা ভাবুন: চাবি নিন; হেলমেট নিন। দুটোই একসাথে নিন। হেলমেট ব্যবহার মোটরসাইকেল আরোহীর নিরাপত্তার জন্য "সর্ব রোগের ঔষধ" নয়, তবে ক্র্যাশ হলে, হেলমেট আপনার মস্তিষ্ক, আপনার মুখ এবং আপনার জীবন রক্ষা করতে সাহায্য করতে পারে।

অন্যান্য মোটরসাইকেল-নির্দিষ্ট সুরক্ষামূলক গিয়ার, রাইডার শিক্ষা কোর্স, যথাযথ লাইসেন্সিং এবং জনসচেতনতার সাথে মিলিত হয়ে, হেলমেটের ব্যবহার আঘাত হ্রাস করার একটি উপায়।

আপনি আশা করেন যে আপনার হেলমেটে কখনো প্রভাব পড়বে না। কিন্তু দূর্ঘটনা ঘটেই থাকে। আমরা ধারণা করতে পারি না যে কখন বা কী ধরনের হবে। আপনার নিজেকে বলবেন না, "আমি শুধু দোকানের দিকে যাচ্ছি," আর আপনার হেলমেট পরলেন না।

দ্বিতীয়ত, আরামদায়ক হবার কারণে ভালো একটি হেলমেট মোটরসাইকেল চালানোকে আরো মজাদার করে তোলেঃ আরেকটি সত্যি। এটি আপনার কানে বাতাসের গর্জনের শব্দ, আপনার মুখ এবং চোখে বাতাসের ঝাপটা হ্রাস করে এবং বাতাসের মধ্য দিয়ে উড়ে যাওয়া পোকা এবং অন্যান্য বস্তু থেকে রক্ষা করে। এটি এমনকি আবহাওয়ার অবস্থার পরিবর্তন থেকে স্বাচ্ছন্দ্যে ভূমিকা রাখে এবং রাইডারের ক্লান্তি হ্রাস করে।

তৃতীয়ত, হেলমেট পরা প্রদর্শন করে মোটরসাইক্লিস্টরা দায়িত্বশীল ব্যক্তি; আমরা নিজেদেরকে এবং মোটরসাইকেল চালানোকে গুরুত্বসহকারে গ্রহণ করি। হেলমেট পরা, আইন যাই বলুক না কেন, রাইডিংয়ের প্রতি আপনার মনোভাবের প্রক্ষেপণ। এবং এই মনোভাবটি অন্যান্য রাইডার এবং যারা রাইডার নন তারা একইভাবে দেখেন।

## হেলমেট কিভাবে এবং কেন কাজ করে

বিভিন্ন হেলমেট বিভিন্ন কাজ করে। নির্মাণ ও ভারী শিল্পের সাথে জড়িত ব্যক্তিদের মাথায় হার্ড হ্যাট, ক্রীড়াবিদদের মাথায় ফুটবল হেলমেট এবং সামরিক ব্যক্তিদের মাথায় Kevlar® ক্যাপ রয়েছে। কোনটিই একটা আরেকটার সাথে বদলযোগ্য নয়। মোটরসাইকেলের হেলমেটের কার্যক্রম খুবই নির্দিষ্ট ও বিশেষায়িত। এগুলো বছরের পর বছর ধরে যত্ন সহকারে এবং বৈজ্ঞানিকভাবে উন্নত হয়েছে।

**চারটি মৌলিক উপাদান মোটরসাইকেলের হেলমেটে সুরক্ষা প্রদানের জন্য একসাথে কাজ করে: বাইরের শেল; ইমপ্যাক্ট অ্যাবজরবিং লাইনার; কমফোর্ট প্যাডিং; এবং ভালো রিটেনশন সিস্টেম।**

আমরা প্রথমে **বাইরের শেল** দেখব, সাধারণত শক্তিশালী ফাইবার কম্পোজিট বা পলিকার্বনেটের মতো থার্মোপ্লাস্টিকজাত থেকে তৈরি করা হয়। এটি শক্ত জিনিস, তবে এটি যখন কোনো কিছুকে শক্তভাবে আঘাত করে তখন যেন সংকুচিত হয় এই উদ্দেশ্যে ডিজাইন ও তৈরি করা হয়েছে। এই কাজটি আপনার মাথায় পৌঁছানোর আগে বল হ্রাস করার জন্য ধাক্কার শক্তি ছড়িয়ে দেয়, তবে এটি আপনাকে রক্ষা করার জন্য একা কাজ করে না।

শেলের অভ্যন্তরে সমান গুরুত্বপূর্ণ **ধাক্কা-শোষণকারী লাইনার**রয়েছে, যা সাধারণত এক্সপ্যান্ডেড পলিস্টিরিন (সাধারণত স্টাইরোফোম হিসেবে বিবেচিত) দিয়ে তৈরি। এই ঘন স্তর আবৃত এবং শক শোষণ করে যখন হেলমেট থেমে যায় কিন্তু আপনার মাথা গতিশীল থাকতে চায়।

শেল ও লাইনার উভয়ই জোরে আঘাত পেলে সংকুচিত হয়, হেলমেটের উপাদানের মধ্য দিয়ে ধাক্কার বল ছড়িয়ে দেয়। যত বেশি ধাক্কার বল বিচ্যুত বা শোষিত হয়, আপনার মাথা ও মস্তিষ্কে পৌঁছানোর এবং ক্ষতি করার জন্য এটি তত কম থাকে। কিছু হেলমেট ধাক্কার ফলে স্তরে স্তরে বিভক্ত হয়ে যায় । অন্যগুলো ফেটে যেতে পারে এবং ভেঙে যেতে পারে যদি গুরুতর আঘাত সহ্য করতে বাধ্য হয়; এই উপায়ে হেলমেট শক শোষণ করতে কাজ করে। এটি তার নির্ধারিত কাজ করছে। ক্র্যাশের ফলে অ-স্থিতিস্থাপক লাইনারে ধাক্কাজনিত ক্ষতি খালি চোখে অদৃশ্য হতে পারে; স্বাভাবিক মনে হতে পারে, তবে এর সুরক্ষামূলক ক্ষমতা সামান্যই থাকে এবং এটি বদলাতে হবে।

**কমফোর্ট প্যাডিং** হলো নরম ফোম ও কাপড়ের স্তর যা আপনার মাথার উপর থাকে। এটি আপনাকে আরামদায়ক রাখতে এবং হেলমেট আলতোভাবে ফিট হতে সাহায্য করে। কিছু হেলমেটে প্যাডিং পরিষ্কার করার জন্য বেরও করা যায়।

**রিটেনশন সিস্টেম**, বা চিন স্ট্র্যাপ, খুব গুরুত্বপূর্ণ। এটি এমন জিনিস যা ক্র্যাশের সময় আপনার মাথায় হেলমেট ধরে রাখে। শেলের প্রতিটি পাশে স্ট্র্যাপ সংযুক্ত থাকে। প্রতিবার যখন আপনি হেলমেট পরবেন, স্ট্র্যাপ নিরাপদে আটকান। এতে কয়েক সেকেন্ড সময় লাগে। আপনার হেলমেট সুরক্ষিতভাবে আটকানো ব্যতীত রাইডিং সিটবেল্ট না বেঁধে গাড়ি চালানোর মতো প্রশ্নবিদ্ধ।

## মৌলিক গঠন




## সুরক্ষামূলক/আরামদায়ক বৈশিষ্ট্য

## দেখুন এবং দৃশ্যমান থাকুন। প্রস্তুত থাকুন। রাইড উপভোগ করুন।

## হেলমেট নির্বাচন করা

রঙ, ডিজাইন ও দাম কোন হেলমেট কিনতে হবে সে সম্পর্কে আপনার সিদ্ধান্তের একটি অংশ হতে পারে, তবে সুরক্ষা ও স্বাচ্ছন্দ্য সম্পর্কে প্রথমে চিন্তা করুন। ফুল-ফেস হেলমেট সবচেয়ে বেশি সুরক্ষা দেয় কারণ এটি মুখ পুরো ঢেকে রাখে। এতে সাধারণত সরানো যায় এমন ফেস শিল্ড থাকে যা বন্ধ থাকলে চোখের সুরক্ষা দেয়।

থ্রি-কোয়ার্টার খোলা মুখের হেলমেটও কিছু রাইডারের পছন্দ। এটি একই মৌলিক উপাদান দিয়ে নির্মিত হয়, তবে ফুল ফেস হেলমেটের মতো মুখ ও চিবুকের সুরক্ষা দেয় না। আপনি যদি খোলা মুখের হেলমেট ব্যবহার করেন তাহলে রাইডিংয়ের সময় আপনার কাছে স্ন্যাপ-অন ফেস শিল্ড থাকতে হবে, অথবা একজোড়া গগলস কিনতে হবে যা পাথর বা অন্যান্য ময়লার ছুটে আসা সহ্য করতে পারে। প্রেসক্রিপশন করে দেওয়া চশমা বা সানগ্লাস যথেষ্ট সুরক্ষা দেয় না, এবং এগুলো সরে বা উড়ে যেতে পারে।

"ছোটখাটো" হাফ-হেলমেট আপনার মাথারও কম সুরক্ষা দেয়। ধাক্কার খেলে এটি আপনার মাথা থেকে বেরিয়ে আসার সম্ভাবনা বেশি। সুতরাং, "সংক্ষিপ্ত", হাফ-শেল হেলমেটের সুপারিশ করা হয় না। পাতলা বা লাইনারহীন নোভেলটি হেলমেট – পরিহার করতে হবে।

আজকাল বিভিন্ন দামে অনেক ভালো হেলমেট পাওয়া যায়। আপনার ডিলারের হেলমেট ডিসপ্লে একবার ঘুরে দেখলে আপনি বুঝতে পারবেন যে আপনি যেরকম চান সেরকম হেলমেট সহজেই পাওয়া যায়। অনেক নির্মাতারা তাদের হেলমেটের রং নতুন মোটরসাইকেলের মডেলের সাথে মিল রেখে করছেন। আর ভারী বা অদ্ভুত হেলমেটের দিন শেষ। এগুলো ওজনে হালকা, আধুনিক উপকরণ দিয়ে তৈরি এবং প্রতি বছর উন্নত হয়। নির্মাতারা এগুলো কম ব্যয়বহুল, শক্তিশালী এবং আরো আরামদায়ক করার জন্যও কাজ করছে।

হেলমেট নির্বাচন করার সময় আপনাকে যা জানতে হবে তা হলো এটি ন্যূনতম সুরক্ষা স্ট্যান্ডার্ড পূরণ করে। একটি ভালোভাবে তৈরিকৃত, নির্ভরযোগ্য হেলমেট খুঁজে বের করার উপায় হলো হেলমেটের ভিতরে বা বাইরে DOT স্টিকার অনুসন্ধান করা। স্টিকারটির অর্থ হেলমেটটি U.S. পরিবহন বিভাগের সুরক্ষা পরীক্ষার স্ট্যান্ডার্ড মেনে চলে। হেলমেটে Snell স্টিকারও থাকতে পারে, যার অর্থ হেলমেটটি Snell Memorial Foundation কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ডও মেনে চলে।

প্রতিটি প্রতিষ্ঠানের পরীক্ষার জন্য কঠোর পদ্ধতি রয়েছে:

ধাক্কা – হেলমেটের শক-শোষণ ক্ষমতা।
অনুপ্রবেশ – হেলমেটের ধারালো বস্তুর আঘাত সহ্য করার ক্ষমতা।
রিটেনশন – চিন স্ট্র্যাপ প্রসারিত বা ছেড়া ছাড়াই আবদ্ধ থাকার ক্ষমতা।
পার্শ্ব দৃষ্টি – হেলমেটের প্রতি পাশে ১০৫ ডিগ্রি সর্বনিম্ন পার্শ্ব দৃষ্টি থাকা আবশ্যক। (বেশিরভাগ মানুষের ব্যবহারযোগ্য পার্শ্ব দৃষ্টি প্রতি পাশে প্রায় ৯০ ডিগ্রি।)

হাইওয়েতে ব্যবহারের জন্য সকল নতুন প্রাপ্তবয়স্কদের হেলমেটের সাইজ অবশ্যই DOT স্ট্যান্ডার্ড পূরণ করতে হবে। হেলমেট বিক্রেতা ও ডিলারদের অবশ্যই নিশ্চিত করতে হবে তারা যে সকল হেলমেট বিক্রি করছে সেগুলোতে DOT স্টিকার আছে। আপনার হেলমেটের পছন্দ যাই হোক না কেন, নিশ্চিত হয়ে নিন যে সেটিতে এই সার্টিফিকেশন রয়েছে। আপনি নিম্নমানের বা অন্য উদ্দেশ্যে ডিজাইন করা হেলমেট চান না। যদি কেউ এটি ছাড়াই আপনাকে বিক্রি করার চেষ্টা করে, তাহলে এটি কিনবেন না। যদি আপনার হেলমেটে কোনো DOT স্টিকার না থাকে, তাহলে এর বয়স যাই হোক না কেন, এটি পরবেন না।

Snell কয়েক দশক ধরে হেলমেট পরীক্ষা করছে। হেলমেট প্রস্তুতকারকদের Snell স্ট্যান্ডার্ড ব্যবহার করা ঐচ্ছিক। DOT স্ট্যান্ডার্ডের বিপরীতে, (সম্প্রতি ২০১০ সালে) হেলমেট ডিজাইন ও প্রযুক্তির উন্নতি অনুযায়ী Snell টেস্টিং সংশোধন করা হয়েছে।

উভয় সংস্থাই পরীক্ষার অবস্থার অধীনে, মোটর সাইকেল চালকদের জন্য বিপজ্জনকপরিস্থিতি তৈরি করার চেষ্টা করে। তাদের পরীক্ষার পদ্ধতি ভিন্ন, তবে অভিপ্রায় একই: জীবন রক্ষাকারী, শক-শোষণকারী সর্বনিম্ন মান নিশ্চিত করে তারা হেলমেটকে স্বীকৃতি দেয়।

যেহেতু মাথায় আঘাত লাগা বেশিরভাগ মোটরসাইকেলজনিত মৃত্যুর জন্য দায়ী, তাই সুরক্ষা অত্যাবশ্যক। (১৯৮৭-৮৮ সালে ক্যালিফোর্নিয়ায় মোটরসাইকেল চালক ও যাত্রীদের জন্য ৪২ শতাংশ ডেথ সার্টিফিকেটে মাথায় আঘাতের বিষয়টি উল্লেখ করা হয়েছিল; Romano PS, McLoughlin E. (1991). Helmet use and fatal motorcycle injuries in California, 1987-88. Journal of Head Trauma Rehabilitation. May 1991; 6(2):21-37.) এমনকি সেরা হেলমেটও আঘাতের বিরুদ্ধে কোনো গ্যারান্টি দিতে পারে না। তবে, হেলমেট ছাড়া আপনার মাথায় গুরুতর আঘাতের সম্ভাবনা হেলমেট পরিহিত আরোহীর তুলনায় বেশি থাকে।

## সঠিকভাবে ফিট হয় এমন হেলমেট খুঁজে পাওয়া



| ইঞ্চি | সেমি | হ্যাটের সাইজ | হেলমেটের সাইজ |
|---|---|---|---|
| ২০ ১/৮ - ২০ ১/২ | ৫১ - ৫২ | ৬ ৩/৮ - ৬ ১/২ | XX-ছোট |
| ২০ ৭/৮ - ২১ ১/৪ | ৫৩ - ৫৪ | ৬ ৫/৮ - ৬ ৩/৪ | X-ছোট |
| ২১ ৫/৮ - ২২ | ৫৫ - ৫৬ | ৬ ৭/৮ - ৭ | ছোট |
| ২২ ৩/৮ - ২২ ৭/৮ | ৫৭ - ৫৮ | ৭ ১/৮ - ৭ ১/৪ | মাঝারি |
| ২৩ ১/৪ - ২৩ ৫/৮ | ৫৯ - ৬০ | ৭ ৩/৮ - ৭ ১/২ | বড় |
| ২৪ - ২৪ ৩/৮ | ৬১ - ৬২ | ৭ ৫/৮ - ৭ ৩/৪ | X-L |
| ২৪ ৭/৮ - ২৫ ১/৪ | ৬৩ - ৬৪ | ৭ ৭/৮ - ৮ | XX-L |

### সাইজ

আপনার হ্যাটের সাইজের সাথে মিলে এমন হেলমেট কেনার চেয়ে অথবা "ছোট, মাঝারি বা বড়" অনুমান করা ছাড়াও হেলমেট ফিট হওয়ার আরো অনেক বিষয় আছে। তবে, শুরু করার জন্য হ্যাটের সাইজ বিবেচনা করা ভালো। আপনি যদি আপনার সাইজ না জানেন, তবে আপনি উপরের চার্টটি ব্যবহার করতে পারেন। আপনার মাথার বৃহত্তম পরিধি মাপুন –সাধারণত আপনার ভ্রুর ঠিক উপরে, আপনার কানের উপরে এবং পিছনে চারপাশে। এটি বেশ কয়েকবার চেষ্টা করুন যাতে আপনি সবচেয়ে বড় সংখ্যা পান। যদি আপনার মাথার সাইজ তালিকার সংখ্যার মধ্যে পড়ে তাহলে প্রথমে ছোট সাইজ থেকে করুন এবং আপনার মাথার সাথে সামঞ্জস্য হওয়ার জন্য সময় দিন। বেশিরভাগ হেলমেট XXS, XS, S, M, L, XL বা XXL হিসেবে চিহ্নিত এবং বিক্রি করা হয়, তাই আপনাকে সাইজের সমতুল্য মানের জন্য প্রস্তুতকারকের সাথে যোগাযোগ করার প্রয়োজন হতে পারে। হেলমেটের সাইজ নির্মাতা এবং মডেলের ধরন অনুযায়ী ভিন্ন হয়।

### হেলমেট যাচাই করে দেখার সর্বোত্তম উপায়

- চিন স্ট্র্যাপের মাধ্যমে ধরুন। সামনের অংশ নিচের দিকে রেখে হেলমেটের নিচের পাশ আপনার দিকে থাকবে।
- স্ট্র্যাপের ভিতরের দিকে বৃদ্ধাঙ্গুল রেখে আঙ্গুলের মাথা দিয়ে হেলমেট ব্যালেন্স করুন।
- হেলমেটের সাইড প্রসারিত করুন এবং চিন স্ট্র্যাপ ব্যবহার করে আপনার মাথায় পরুন।

হেলমেট আলতোভাবে ফিট হতে হবে এবং এটি সঠিকভাবে জায়গায় না বসা পর্যন্ত কিছুটা আঁটসাঁট লাগতে পারে। নিশ্চিত হয়ে নিন যে এটি আপনার মাথায় সমানভাবে বসেছে। এটি হ্যাটের মতো আপনার মাথার উপর কাত থাকা যাবে না। মনে রাখবেন, যদি আপনার হেলমেট খুব বড় হয় তাহলে বেশ কয়েকটি জিনিস ঘটতে পারে: এটি আপনার মাথার উপর এবং উপরে ও নিচে চলে যাবে যা আপনি চান না; এতে নয়েজ হতে পারে এবং বাতাস ঢুকতে পারে; সবচেয়ে খারাপ দিক হলো, এটি ক্র্যাশের সময় খুলে আসতে পারে!

হেলমেট মাথায় দেওয়া অবস্থায়, স্ট্র্যাপগুলো বাঁধার আগে আরো কয়েকটি ফিট চেক করুন।

- চিক প্যাড অস্বস্তিকরভাবে আপনার গাল চেপে ধরা ছাড়াই স্পর্শ করবে।
- আপনার টেম্পল এবং আইব্রো প্যাডের মধ্যে কোনো ফাঁক থাকবে না।
- হেলমেটে যদি নেক রোল থাকে, তাহলে এটি হেলমেট আপনার ঘাড়ের পিছন থেকে দূরে ঠেলে দেবে না।
- ফুল ফেস হেলমেটে, চিন পিসে চাপ দিন। হেলমেট বা ফেস শিল্ড আপনার নাক বা চিবুক স্পর্শ করবে না। এমন হলে, বাতাসের চাপের গতিতে এটি আরো এরকম করবে।

স্ট্র্যাপ সুরক্ষিতভাবে আটকানো এবং হেলমেট মাথায় থাকা অবস্থায়, এটি আপনার হাত দিয়ে এক পাশ থেকে অন্য পাশে এবং উপরে ও নিচে নাড়ান। যদি এটি সঠিকভাবে ফিট হয় তাহলে হেলমেট সরানোর সাথে সাথে আপনার ত্বক নড়বে। আপনার মনে হবে যে আপনার মাথার উপর সামান্য হলেও চাপ প্রয়োগ করা হচ্ছে। এছাড়াও, মনে রাখবেন যে হেলমেট কমফোর্ট লাইনার সংকুচিত হওয়ার কারণে কিছুটা ঢিলা হয়ে যায়। নতুন হেলমেট পরলে সেটা আপনার স্বাচ্ছন্দ্য মত শক্ত থাকা উচিত।

এখন, চিন স্ট্র্যাপ সুরক্ষিতভাবে বাঁধা অবস্থায় আপনার মাথা সোজা করে, আপনার মাথা থেকে হেলমেট সামনের দিকে ঘোরানোর চেষ্টা করুন। আপনি এটি খুলতে পারার কথা নয়। যদি আপনি খুলতে পারেন তাহলে হেলমেটটি বড়।

হেলমেট খুলে ফেলুন। আপনার মাথায় কি কোথাও ব্যথা অনুভব করছেন? আপনার কপালে কি কোনো লাল দাগ আছে? প্রেসার পয়েন্ট অস্বস্তিকর হতে পারে এবং দীর্ঘ যাত্রার পরে মাথা ব্যাথার কারণ হতে পারে, তাই নিশ্চিত হয়ে নিন যে আপনার হেলমেটের ফলে এমন কিছু হচ্ছে না। যদি সেরকম হয়, তাহলে পরবর্তী বৃহত্তম সাইজেরটি বেছে নিন অথবা ভিন্ন ব্র্যান্ডের হেলমেট দেখুন। সব মানুষের মাথা একই আকৃতির হয় না; হেলমেটও না।

আপনি যদি তারপরও হেলমেটের ফিট সম্পর্কে অনিশ্চিত হন, তাহলে এটি আরামদায়ক কিনা তা দেখার জন্য দোকানে কিছুক্ষণের জন্য পরে থাকুন। মূল্য যাই হোক না কেন, হেলমেট একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। নিশ্চিত হয়ে নিন যে আপনি যেটি বেছে নিয়েছেন তা আপনার জন্য সঠিক।



## হেলমেটের কেয়ার

আপনার হেলমেটের জন্য প্রস্তুতকারকের যত্নের নির্দেশাবলী অনুসরণ করুন। শুধুমাত্র সুপারিশকৃত হালকা সাবান ব্যবহার করুন। পেট্রোলিয়াম-ভিত্তিক যেকোনো পরিষ্কার করার তরল এড়িয়ে চলুন, বিশেষত যদি আপনারটি পলিকার্বোনেট হেলমেট হয়। শক্তিশালী ক্লিনিং এজেন্টের সংস্পর্শে হেলমেট বিনষ্ট হয়ে যেতে পারে এবং প্রতিরক্ষামূলক মান হারাতে পারে।

আপনার হেলমেটের ফেস শিল্ড পরিষ্কার রাখুন। সাধারণত, হালকা সাবান ও গরম পানিসহ নরম কাপড় দিয়ে ভালো কাজ হয়। স্ক্র্যাচ/দাগ লেগে গেলে, এটি প্রতিস্থাপন করুন। স্ক্র্যাচযুক্ত ফেস শিল্ড দিয়ে দেখা কষ্টকর। রাতে, এটি বিপজ্জনকভাবে আপনার দৃষ্টি এবং আগত লাইটে আপনার দৃষ্টি বিকৃত করতে পারে।

হেলমেট দেখতে কঠিন ও শক্ত মনে হয়, তবে এটি ভঙ্গুর আইটেম হিসেবে হ্যান্ডেল করতে হবে। এর মানে হলো আপনি আপনার হেলমেট শক্ত স্থানে ফেলবেন না। এতে আপনার হেলমেট নষ্ট হয়ে যেতে পারে। মনে রাখবেন, এর কাজ হলো ধাক্কা শোষণ করা, যা এর অখণ্ডতা ও কার্যকারিতাকে প্রভাবিত করতে পারে।

গ্যাসোলিন, তরল পরিষ্কারক, নির্গত ধোঁয়া বা অত্যধিক তাপের কাছে হেলমেট সংরক্ষণ করা বুদ্ধিমানের কাজ নয়। এর ফলে হেলমেটের উপকরণের ক্ষয় হতে পারে এবং পরিধানকারী প্রায়ই ক্ষতিটি খেয়াল করে না। হেলমেটের সাথে থাকা তথ্য পড়ুন যাতে আপনি কিভাবে এটির যত্ন নিতে হয় সেটা জানেন।

আপনার হেলমেটে রং করা, সাজানো, পিনস্ট্রাইপিং বা স্টিকার লাগানো সম্পর্কে অবশ্যই নির্দেশাবলী পড়ুন।

আপনার হেলমেট খোলার পর, এটি একটি সমতল, নিরাপদ জায়গায় রাখুন । আপনি এটি মাটিতে রাখতে পারেন, র‍্যাকের উপর সুরক্ষিতভাবে রাখতে পারেন, অথবা শেলফের ভিতরে রাখতে পারেন। কিছু বাইকে, জ্বালানি ট্যাঙ্কে রাখলে এটি ধোঁয়ার সংস্পর্শে আসতে পারে। আপনি যদি এটি সিটে রাখেন, তবে এটি যেন না পড়ে যায় সেটা খেয়াল রাখুন।

আপনি যদি রাইডিংয়ের সময় কোনো যোগাযোগের ডিভাইস ব্যবহার করার পরিকল্পনা করেন, তাহলে এমন মডেল খুঁজুন যাতে বাইরের শেলে স্পিকার ড্রিল করে বসানোর প্রয়োজন না হয়। আপনি স্পিকার কেনার আগে, হেলমেটের ব্যবহার নিয়ন্ত্রণকারী আপনার স্টেটের আইন যাচাই করুন। কিছু স্টেট এগুলো নিষেধ করে।

## আপনার হেলমেট বদলানো

আপনার হেলমেট কোনো দুর্ঘটনায় সম্পৃক্ত হলে, এটি বদলান; এটি সম্ভবত কিছু ধাক্কার প্রভাব শোষণ করেছে। কিছু হেলমেট প্রস্তুতকারক নিরীক্ষণ করে এবং সম্ভব হলে, ক্ষতিগ্রস্থ হেলমেট মেরামত করে। আপনার হেলমেট পড়ে গেলে এবং এটি ক্ষতিগ্রস্থ হতে পারে মনে করলে, এই সেবার সুবিধা নিন।

বেশিরভাগ হেলমেট নির্মাতারা কয়েক বছর অন্তর অন্তর আপনার হেলমেট বদলানোর পরামর্শ দেয়। আপনি যদি তার আগে কোনো ক্ষতির লক্ষণ লক্ষ্য করেন, তাহলে এটি আরো তাড়াতাড়ি বদলান।

আপনার হেলমেট ক্ষতিগ্রস্থ না হলে, কয়েক বছর পর পর কেন বদলাতে হবে? এর প্রতিরক্ষামূলক গুণাবলী সময় ও ব্যবহারের সাথে সাথে খারাপ হতে পারে। চিন স্ট্র্যাপটি সংযুক্ত করার স্থানে ছিঁড়ে যেতে পারে বা ঢিলা হতে পারে; শেল ফেটে যেতে পারে বা ক্ষতিগ্রস্থ হতে পারে। সবচেয়ে ভালো কারণ হলো হেলমেট উন্নত হতে থাকে। সম্ভাবনা রয়েছে আপনি কয়েক বছরের মধ্যে যে হেলমেট কিনবেন তা এখনকারটির তুলনায় আরো ভালো হবে - শক্তিশালী, হালকা এবং আরো আরামদায়ক হবে। এর দামও কমতে পারে!

আপনি কখন আপনার বর্তমান হেলমেটটি কিনেছিলেন তা মনে করতে পারছেন না? চিন স্ট্র্যাপ বা স্থায়ী লেবেল পরীক্ষা করুন। নতুন হেলমেটে অবশ্যই উৎপাদনের মাস ও তারিখ স্ট্যাম্পযুক্ত থাকতে হবে। যদি কোনো তারিখ না থাকে তাহলে আপনার অবশ্যই আপনার হেলমেট প্রতিস্থাপন করতে হবে - এখনই!

## হেলমেটের ক্ষেত্রে রাষ্ট্রীয় আবশ্যকীয়তা

### প্রতিফলন

অনেক স্টেটে হেলমেটে নির্দিষ্ট পরিমাণ রেট্রোরিফ্লেক্টিভ উপাদান থাকা আবশ্যক। প্রস্তুতকারকের তথ্য ভালভাবে পড়ুন। আপনার স্থানীয় মোটরযান বিভাগ আপনাকে আপনার স্টেটে আবশ্যক রেট্রোরিফ্লেক্টিভ উপাদানের লোকেশন ও স্কয়ার ইঞ্চির সংখ্যা সম্পর্কে সঠিক তথ্য দিতে পারে।

### হেলমেট বিষয়ক আইন

অনেক স্টেটে আপনার মাথায় সঠিকভাবে আটকিয়ে হেলমেট পরা বাধ্যতামূলক। তবে এটি বলাই বাহুল্য, কারণ একজন দায়িত্বশীল, সুরক্ষা-মনস্ক মোটর সাইকেল চালক হিসেবে, আপনি রাইডিংয়ের সময় প্রতিবার ও সর্বত্র হেলমেট পরবেন।

## আরো তথ্য প্রাপ্তি

এখন আপনি জেনেছেন যে হেলমেট কেনার সময় অনেক বিষয় বিবেচনা করতে হবে। যতটা পারবেন তথ্য সংগ্রহ করুন। হেলমেট প্রস্তুতকারকদের সাথে যোগাযোগ করুন এবং তাদের লিটারেচার পড়ুন। আপনার সিদ্ধান্তে সহায়তা করার জন্য হালনাগাদকৃত তথ্যের জন্য সাম্প্রতিক মোটরসাইকেল-প্রেমী ম্যাগাজিনের সাথে পরামর্শ করুন। আপনি যে দুইটি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারেন:

**ন্যাশনাল হাইওয়ে ট্রাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন**
ট্রাফিক ইনজুরি কন্ট্রোল প্রোগ্রাম অফিস
1200 New Jersey Ave, SE West Building
Washington, D.C. 20590
888-327-4236; nhtsa.gov

**Snell Memorial Foundation, Inc.**
3628 Madison Avenue, Suite 11
North Highlands, CA 95660
916-331-5073; smf.org; info@smf.org

আপনার মাথা রক্ষা করার বিষয়ে তথ্য সংগ্রহ করার সময়, অন্যান্য ব্যক্তিগত সুরক্ষা গিয়ার সম্পর্কে ভালো টিপস নেবেন না কেন? MSF-**এর সাইকেল সুরক্ষা তথ্য** (CSI) শিট পড়ুন, "মোটরসাইক্লিস্টদের জন্য ব্যক্তিগত সুরক্ষা গিয়ার," বিনামূল্যে MSF থেকে উপলভ্য। এখানে থাকা অবস্থায় MSF-এর Motorcycling Excellence-এর একটি কপি সংগ্রহ করুন । এবং আপনার দক্ষতা ও কৌশল ঝালিয়ে নেওয়ার জন্য MSF রাইডারকোর্স সম্পন্ন করতে ভুলবেন না।

**প্রতিবার রাইডিংয়ের সময়,হেলমেট পরুন।**

Motorcycle Safety Foundation একটি জাতীয়, অলাভজনক সংস্থা যা রাইডার প্রশিক্ষণ, অপারেটর লাইসেন্সিং এবং জনসাধারণের তথ্য কর্মসূচির সাথে মোটর সাইকেল চালকদের সুরক্ষা প্রচার করে। বেসিক বা বেসিক রাইডারকোর্স ২ - আপনার নিকটতম লাইসেন্স ওয়েভারের জন্য, জাতীয় টোল-ফ্রি টেলিফোন নম্বরে কল করুন: 800-446-9227। MSF-কে U.S.-এর BMW, BRP, Ducati, Harley-Davidson, Honda, Kawasaki, KTM, Piaggio, Polaris Motorcycles, Suzuki, Triumph ও Yamaha মোটরসাইকেলের ডিস্ট্রিবিউটর ও প্রস্তুতকারক কর্তৃক পৃষ্ঠপোষকতা করা হয়।

এই প্রকাশনায় থাকা তথ্য মোটরসাইকেল চালানোর আগ্রহ রয়েছে এমন ব্যক্তিদের সুবিধার জন্য দেওয়া হয়েছে। মোটরসাইকেল, অ্যাক্সেসরিজ ব্যবহার এবং প্রশিক্ষণের সাথে সংশ্লিস্ট ব্যক্তি ও সংস্থার প্রকাশনা, সাক্ষাৎকার ও পর্যবেক্ষণ থেকে এই তথ্য সংকলন করা হয়েছে।

পণ্যের ডিজাইন, রাইডিং স্টাইল; এবং ফেডারেল, স্টেট ও স্থানীয় আইনের মধ্যে বিভিন্ন পার্থক্যের কারণে, অনেক সংস্থার বিভিন্ন মত থাকতে পারে। আপনার এলাকায় মোটরসাইকেল চালানো সম্পর্কিত তথ্যের জন্য আপনার স্থানীয় নিয়ন্ত্রক সংস্থার সাথে পরামর্শ করুন। যদিও Motorcycle Safety Foundation এই বিষয়ে গবেষণা, মাঠ পর্যায়ে পরীক্ষা এবং দায়িত্বশীল মতামত প্রকাশ অব্যাহত রাখবে, তবে এটি এখানে প্রকাশিত মতামতের জন্য যেকোনো দায় অস্বীকার করে।

MSF MOTORCYCLE SAFETY FOUNDATION
2 Jenner, Suite 150
Irvine, CA 92618
949-727-3227 • msf-usa.org

পরিমার্জিত অক্টোবর ২০১৪

## আপনার মোটরসাইকেলকে জানুন

আপনাকে আপনার মোটরসাইকেল সম্পর্কে জানতে হবে। জিনিসগুলো কিভাবে কাজ করে এবং কোন অংশে সবচেয়ে বেশি মনোযোগ প্রয়োজন তা শেখা আপনার ক্র্যাশ হওয়ার সম্ভাবনা হ্রাস করতে পারে এবং আপনার মোটরসাইকেলের আয়ু দীর্ঘায়িত করতে পারে। আপনার মোটরসাইকেল আপনাকে হতাশ করবে না তা নিশ্চিত করার জন্য:

- প্রথমে মালিকের ম্যানুয়াল পড়ুন এবং এর সাথে পরিচিত হোন।
- মোটরসাইকেলের কন্ট্রোলের সাথে পরিচিত হোন।
- প্রতি রাইডের আগে মোটরসাইকেলের প্রি-রাইড চেক করুন।
- এটি সার্ভিস ও রক্ষণাবেক্ষণ করুন।
- নিশ্চিত করুন যে আপনার মোটরসাইকেল আপনার সাথে মানানসই। মোটরসাইকেলে বসে থাকাবস্থায় আপনার পা মাটিতে পৌঁছাতে হবে।

### মোটরসাইকেলের কন্ট্রোল

আপনার মোটরসাইকেলের কন্ট্রোল কোথায় থাকে এবং কিভাবে সেগুলো পরিচালনা করতে হয় তা শিখতে আপনার মোটরসাইকেলের মালিকের ম্যানুয়াল পড়া গুরুত্বপূর্ণ। রাইডিংয়ের সময় আপনার এগুলো না দেখেই চালাতে সক্ষম হতে হবে।

### প্রাথমিক কন্ট্রোল

মোটরসাইকেল চলা ও থামানোর জন্য ছয়টি প্রাথমিক কন্ট্রোল প্রয়োজন। এই নিয়ন্ত্রণ পরিচালনা করার জন্য আপনার উভয় হাত এবং উভয় পায়ের প্রয়োজন হবে।

- **হ্যান্ডেলবার** – হ্যান্ডেলবার মোটরসাইকেল কাত করা শুরু ও নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়, যা মোটরসাইকেলকে ঘুরায়।
- **থ্রোটল** – হলো ডানের হ্যান্ডগ্রিপ এবং গতি বাড়ানোর জন্য এটি আপনার দিকে এবং গতি হ্রাস করার জন্য আপনার উল্টো দিকে ঘুরিয়ে পরিচালিত হয়। থ্রোটল যখন ছেড়ে দেওয়া হয়, তখন এটি "অলস" অবস্থানে ফিরে আসে। থ্রোটল নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে ব্যবহার করতে, থ্রোটল/হ্যান্ডগ্রিপকে চারটি আঙ্গুল দিয়ে জড়িয়ে ধরুন এবং কব্জি সমতল অবস্থানে রাখুন।
- **ক্লাচ লিভার** – বাম হ্যান্ড গ্রিপের সামনে অবস্থিত। চালাতে, পিছনের চাকা থেকে পাওয়ার সংযোগ বিচ্ছিন্ন করে, ক্লাচ লিভার বাম হ্যান্ডগ্রিপের দিকে চেপে ধরুন। পাওয়ার পুনরায় সংযুক্ত করতে, আলতো করে থ্রোটল দেওয়ার সময় ক্লাচ লিভার ধীরে ধীরে ছেড়ে দিন।
- গিয়ারশিফট লিভার – সাধারণত ফুটরেস্টের সামনে মোটরসাইকেলের বাম দিকে অবস্থিত এবং বাম পা দ্বারা পরিচালিত হয়। উপরের গিয়ারে (আপশিফট) যেতে, ক্লাচ লিভার চেপে ধরুন এবং তারপরে গিয়ার

**মোটরসাইকেলের কন্ট্রোল**

শিফট লিভার তুলুন। নিচের গিয়ারে (ডাউনশিফট) যেতে, ক্লাচ লিভার চেপে ধরুন এবং তারপর গিয়ার শিফট লিভার চাপুন। মোটরসাইকেলের ট্রান্সমিশন প্রতিবার তোলার সময় বা প্রতি চাপে কেবল একটি গিয়ার পরিবর্তন করে। আপনি আবার পরিবর্তন করার আগে শিফট লিভার অবশ্যই ছেড়ে দিতে হবে। সাধারণ শিফট প্যাটার্ন হলো ১-N-২-৩-৪-৫-(৬)। নিউট্রাল (N) হলো ফার্স্ট থেকে হাফ-শিফট আপ বা সেকেন্ড থেকে হাফ-শিফট ডাউন; ফুল আপশিফট বা ডাউনশিফট নিউট্রাল বাইপাস করে। ট্রান্সমিশন নিউট্রাল থাকলে ইন্সট্রুমেন্ট লাইট নির্দেশ করে।

- **ফ্রন্ট ব্রেক লিভার** – ডান হ্যান্ডগ্রিপের সামনে অবস্থিত এবং সামনের চাকায় ব্রেক নিয়ন্ত্রণ করে। চালাতে, ফ্রন্ট ব্রেক লিভার মসৃণভাবে ও ধীরে ধীরে চাপুন।
- **পেছনের ব্রেক প্যাডেল** – ডান পায়ের পা-দানির সামনে অবস্থিত এবং পিছনের চাকায় ব্রেকিং নিয়ন্ত্রণ করে। চালাতে, আপনার ডান পা দিয়ে পিছনের ব্রেক প্যাডেলে চান দিন।

### অন্যান্য কন্ট্রোল ও ইকুইপমেন্ট

ছয়টি প্রাথমিক কন্ট্রোলের পাশাপাশি, বেশিরভাগ মোটরসাইকেলে আরো কয়েকটি কন্ট্রোল রয়েছে যা জানা এবং সনাক্ত করা গুরুত্বপূর্ণ। এই কন্ট্রোলের মধ্যে কয়েকটির অবস্থান ও অপারেশন মডেল অনুযায়ী ভিন্ন হয়। আপনার মোটরসাইকেলের মালিকের ম্যানুয়াল দেখুন।

- **ইঞ্জিন কাট-অফ সুইচ** – ডান হ্যান্ডগ্রিপে অবস্থিত এবং ডান বৃদ্ধাঙ্গুল দ্বারা পরিচালিত। এটি আপনাকে কন্ট্রোল থেকে আপনার হাত অপসারণ না করেই ইঞ্জিন বন্ধ করতে দেয়।
- **জ্বালানি সরবরাহ ভালভ** – এটি থাকলে ইঞ্জিনে জ্বালানী সরবরাহ নিয়ন্ত্রণ করে। ফুয়েল সাপ্লাই ভালভ চালু করতে, এটি OFF থেকে ON করুন। এছাড়াও রিজার্ভ ও প্রাইম পজিশন থাকতে পারে।
- **ইগনিশন সুইচ** – সাধারণত ইন্সট্রুমেন্ট ক্লাস্টারের কাছে, গ্যাস ট্যাঙ্কে বা ট্যাঙ্কের নিচে অবস্থিত এবং চাবি দিয়ে সক্রিয় করা হয়। ON, OFF, LOCK ও PARK পজিশন থাকে। LOCK পজিশনে চাবি খুলে নেওয়া যায় এবং স্টিয়ারিং-লক ম্যাকানিজম কাজ করে। যদি আপনি রাতে কোনো রাস্তার পাশে পার্ক করেন, তাহলে বর্ধিত দৃশ্যমানতার জন্য PARK ব্যাকলাইট চালু করে।
- **Choke (যদি থাকে)** – সাধারণত বাম হ্যান্ডগ্রিপ, ইন্সট্রুমেন্ট ক্লাস্টার বা কার্বুরেটরের কাছাকাছি অবস্থিত। আরো তথ্যের জন্য আপনার মালিকের ম্যানুয়াল দেখা প্রয়োজন। চোক কোল্ড ইঞ্জিন স্টার্টে সহায়তা করার জন্য উন্নত ফুয়েল মিশ্রণ সরবরাহ করে। ইঞ্জিন গরম হলে OFF পজিশনে নিন।
- **টার্ন সিগন্যাল সুইচ** – সাধারণত হ্যান্ডগ্রিপে অবস্থিত এবং বৃদ্ধাঙ্গুল দ্বারা পরিচালিত হয়। বেশিরভাগ মডেলে নিজে নিজে বাতিল হয় না। আপনার মালিকের ম্যানুয়াল দেখুন।
- **হাই/লো বিম হেডলাইট** – বাম হ্যান্ডগ্রিপে অবস্থিত। বেশিরভাগ মোটরসাইকেলে ইগনিশন চালু থাকলে হেডলাইট চালু হয়।
- **হর্ন** – বাম হ্যান্ডগ্রিপে অবস্থিত। আপনার বৃদ্ধাঙ্গুল দিয়ে চাপের মাধ্যমে চালিত হয়।
- **স্টার্টার** – ডান হ্যান্ডগ্রিপে অবস্থিত। আপনার বৃদ্ধাঙ্গুল দিয়ে চাপের মাধ্যমে চালিত হয়।
- **স্পিডোমিটার** – রাস্তায় মোটরসাইকেলের গতি নির্দেশ করে। ওডোমিটার কত মাইল চালানো হয়েছে সেটা দেখায় এবং রিসেটযোগ্য ট্রিপ মিটার শেষ গ্যাস স্টপ থেকে কত মাইল ট্রিপ হয়েছে তা দেখার জন্য ব্যবহৃত হয়।
- **ট্যাকোমিটার (যদি থাকে)** – এটি মোটরসাইকেলের ইঞ্জিনের গতি মিনিট প্রতি রেভোলিউশন (RPM) নির্দেশ করে। কখনই রেড লাইন RPM অতিক্রম করবেন না।
- **ইন্ডিকেটর লাইট** – ইন্সট্রুমেন্ট ক্লাস্টারে অবস্থিত। এর মধ্যে রয়েছে নিউট্রাল, টার্ন সিগন্যাল, অয়েল প্রেশার, হাই বিম, সাইড-স্ট্যান্ড ডাউন এবং সম্ভবত অন্যান্য।
- **আয়না** – মোটরসাইকেলের বাম ও ডান দিকে অবস্থিত। বেশীরভাগ আয়নাই উত্তল। উত্তল আয়না সমতল আয়নার চেয়ে বেশি বিস্তৃত দৃশ্য সরবরাহ করে তবে যানবাহনকে তাদের অবস্থানের চেয়ে আরো দূরে বলে মনে হয়। এগুলো সামঞ্জস্য করুন যাতে আপনার কাঁধ এবং উপরের বাহু আংশিকভাবে দৃশ্যমান হয়। এটি আপনাকে পিছনের এবং পাশের সর্বাধিক দৃশ্য দেখায়।
- **সাইড ও সেন্টার স্ট্যান্ড** – পার্ক করার সময় মোটরসাইকেলকে সাপোর্ট দেয়। সব মডেলের সেন্টার স্ট্যান্ড থাকে না। বেশিরভাগ স্ট্যান্ডে রিটার্ন স্প্রিং থাকে যা স্ন্যাপ আপ করে এবং তাদের জায়গায় ধরে রাখে। রাইডিংয়ের আগে সবসময় স্ট্যান্ড তুলুন।

## প্রি-রাইড চেক

যদি মোটরসাইকেলে কোনো সমস্যা হয় তাহলে আপনি ট্র্যাফিকে যাওয়ার আগে এটি জানতে চাইবেন। প্রতিটি যাত্রার আগে আপনার মোটরসাইকেল সম্পূর্ণ চেক করুন।

মোটরসাইকেল মাউন্ট করার আগে, নিম্নলিখিতগুলো যাচাই করুন:

- **টায়ার / চাকা** – টায়ার ভালো অবস্থায় রাখুন।
- **টায়ার প্রেশার** – একটি গেজ ব্যবহার করে টায়ারের প্রেশার পরীক্ষা করুন। দেখতে লক্ষণীয় পরিবর্তন ছাড়াই টায়ারে হাওয়া কম থাকতে পারে। হাওয়ার চাপ খুব কম বা খুব বেশি হলে মোটরসাইকেল সঠিকভাবে চালানো যায় না। সঠিক পরিমাণের জন্য মালিকের ম্যানুয়াল দেখুন।
- **টায়ার ট্রেড** – টায়ারের ট্রেড চেক করুন। ক্ষয় হওয়া বা অসমান ট্রেড মোটরসাইকেল চালানো কঠিন করে তুলতে পারে, বিশেষ করে ভেজা রাস্তায়।

- **রিম / স্পোক** – বাঁকানো, ঢিলা বা ক্ষতিগ্রস্থ রিম ও স্পোক পরীক্ষা করুন।
- **টায়ারের ক্ষতি** – ট্রেড কেটে গেছে কিংবা কোনও বস্তু আটকে আছে কিনা পরীক্ষা করুন। এছাড়াও, সাইডওয়ালে ফাটল আছে কিনা পরীক্ষা করুন। মোটরসাইকেলে টায়ার ফাটা অত্যন্ত বিপজ্জনক হতে পারে।
- **ফ্লুইড** – তেল ও ফ্লুইড লেভেল। কমপক্ষে, প্রতি সপ্তাহে হাইড্রোলিক ফ্লুইড ও কুল্যান্ট চেক করুন। কোনো তেল বা গ্যাস লিকের লক্ষণ আছে কিনা দেখতে মোটরসাইকেলের নিচে দেখুন। গ্যাস ফুরিয়ে যাওয়া অসুবিধাজনক। এটি বিপজ্জনকও হতে পারে কারণ এটি রাস্তা ছেড়ে যাওয়া কঠিন করে তোলে। তেলের অভাব আপনার ইঞ্জিনের ক্ষতি করতে পারে।
- **হেডলাইট ও ব্যাকলাইট** – উভয়ই পরীক্ষা করুন। হাই ও লো উভয় বিম কাজ করছে কিনা তা নিশ্চিত করতে আপনার সুইচ পরীক্ষা করুন।
- **টার্ন সিগন্যাল** – ডান ও বাম উভয় টার্ন সিগন্যাল চালু করুন। নিশ্চিত করুন যে সকল লাইট সঠিকভাবে কাজ করছে।
- **ব্রেক লাইট** – উভয় ব্রেক কন্ট্রোল চেপে দেখুন এবং নিশ্চিত করুন যে প্রতিবার ব্রেক লাইট জ্বলছে।
- **কন্ট্রোল (লিভার, ক্যাবল, থ্রোটল)** – অবস্থা, অপারেশন ও রাউটিং পরীক্ষা করুন। ভাঁজ হয়ে যাওয়া বা ভাঙ্গা স্ট্র্যান্ডের জন্য তার পরীক্ষা করুন। যদি বাইক চালানোর সময় তার ছিঁড়ে যায় তাহলে মোটরসাইকেল নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে উঠতে পারে এবং এর ফলে ক্র্যাশ হতে পারে।
- **চেইন** – নিশ্চিত করুন যে ড্রাইভ চেইন সঠিকভাবে অ্যাডজাস্ট ও লুব্রিকেট করা হয়েছে। চেইন অ্যাডজাস্টমেন্ট সম্পর্কিত তথ্যের জন্য মোটরসাইকেলের মালিকের ম্যানুয়াল দেখুন।

আপনি মোটরসাইকেল মাউন্ট করার পর, স্টার্ট করার আগে নিম্নলিখিতগুলো যাচাই সম্পন্ন করুন:

- **ক্লাচ ও থ্রোটল** – নিশ্চিত করুন যে এগুলো মসৃণভাবে কাজ করছে। ছেড়ে দেওয়া হলে থ্রোটল আবার পিছনে চলে আসবে। ক্লাচ শক্ত ও মসৃণ অনুভূত হতে হবে।
- **আয়না** – রাইডিংয়ের আগে উভয় আয়না পরিষ্কার ও সামঞ্জস্য করুন। রাইডিংয়ের সময় আয়না সামঞ্জস্য করা কঠিন ও বিপজ্জনক। উভয় আয়নাকে পিছনের দিকের প্রায় অর্ধেক লেন এবং পাশের লেনের যতটা সম্ভব দেখার জন্য যথেষ্ট বাইরের দিকে রাখুন। যখন সঠিকভাবে সামঞ্জস্য করা হবে, তখন আয়নায় আপনার বাহু বা কাঁধের প্রান্ত দেখা যাবে – তবে পিছনে ও পাশের রাস্তা দেখা যাওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ।
- **ব্রেক** – সামনের ও পিছনের ব্রেক কন্ট্রোলের চেষ্টা করে দেখুন, একবারে একটি করে। নিশ্চিত হয়ে নিন যে প্রত্যেকটি দৃঢ় আছে, স্পঞ্জি নয় এবং ব্রেক পুরোপুরি চাপা হলে এটি মোটরসাইকেল আটকে রাখে। ব্রেকের ফ্লুইড লেভেল পরীক্ষা করুন। মোটরসাইকেল সামান্য চালান এবং নিশ্চিত করুন যে ব্রেক মোটরসাইকেল থামাতে পারে। যাত্রা শুরু করার পর, সামান্য ব্রেক চাপুন এবং মোটরসাইকেল যে ধীর গতিতে চলছে তা নিশ্চিত করুন। ব্রেক পরীক্ষা করা গুরুত্বপূর্ণ কারণ আপনাকে অবশ্যই মোটরসাইকেল ধীর করতে এবং থামাতে সক্ষম হতে হবে।
- **হর্ন** – হর্ন বাজান। নিশ্চিত করুন যে এটি কাজ করছে।

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. আপনার মোটরসাইকেলের হেলমেট কেনার সময় প্রথমে কী বিবেচনা করতে হবে?**

A. দেখতে কেমন সেটা
B. সুরক্ষা
C. দাম

**2. প্লাস্টিকের শ্যাটার-রোধী ফেস শিল্ড:**

A. আপনার যদি উইন্ডশিল্ড থাকে তাহলে প্রয়োজন নেই।
B. শুধু আপনার চোখকে রক্ষা করে।
C. আপনার পুরো চেহারা রক্ষা করতে সাহায্য করে।

1. B – ২০ পৃষ্ঠা, হেলমেট নির্বাচন
2. C – ২১ পৃষ্ঠা, চেহারা ও চোখের সুরক্ষা

# T-CLOCS[SM] নিরীক্ষণ চেকলিস্ট

| T-CLOCS আইটমে | কী চেক করতে হবে | কী দেখতে হবে | চেক-অফ | |
|---|---|---|---|---|
| **T-টায়ার ও চাকা** | | | | |
| টায়ার | অবস্থা | ট্রেডের গভীরতা, ব্যবহার, ক্ষয়, সমানভাবে বসা, ফোলা, অন্তর্নিহিত বস্তু। | সামনে | পিছনে |
| | বাতাসের বেগ | ঠাণ্ডা থাকলে পরীক্ষা করুন, লোড সামঞ্জস্য করুন। | সামনে | পিছনে |
| **চাকা** | স্পোক | বাঁকানো, ভাঙা, অনুপস্থিত, টান, চাকার উপরে চেক করুন: "রিং হওয়া" = ঠিক আছে – "ভারী শব্দ" = ঢিলা স্পোক। | সামনে | পিছনে |
| | কাস্ট | ফাটা, ডেবে যাওয়া | সামনে | পিছনে |
| | রিম | আউট অব রাউন্ড/ টু = ৫মিমি। চাকা ঘোরান, স্থির পয়েন্টারের বিপরীতে সূচক। | সামনে | পিছনে |
| | বিয়ারিং | টায়ার ও ফ্রেমের উপরে ও নিচে ধরুন: হাব ও এক্সেলের মধ্যে কোনো ক্লিপ্লে (ক্লিক) হবে না, স্পিনিং করার সময় কোনো শব্দ হবে না। | সামনে | পিছনে |
| | সিল | ফাটা, কাটা বা ছেঁড়া, বাইরে অতিরিক্ত গ্রিজ, বাইরে লালচে-বাদামী। | সামনে | পিছনে |
| **ব্রেক** | কাজ | প্রতিটি ব্রেক একাই বাইককে চলা থেকে আটকায়। | সামনে | পিছনে |
| | অবস্থা | প্যাড ও ডিস্কের ক্ষয় পরীক্ষা করুন | সামনে | পিছনে |
| **C-কন্ট্রোল** | | | | |
| **হ্যান্ডেলবার** | অবস্থা | বার সোজা আছে, অবাধে ঘোরে, হ্যান্ডগ্রিপ এবং বারের প্রান্ত সুরক্ষিত আছে। | | |
| **লিভার ও প্যাডেল** | অবস্থা | ভাঙা, বাঁকানো, ক্র্যাকড, টাইট মাউন্ট, হ্যান্ডেলবার লিভারের বল এন্ড, সঠিক অ্যাডজাস্টমেন্ট। | | |
| | পিভট | লুব্রিকেট করা। | | |
| **ক্যাবল** | অবস্থা | ছেঁড়া, ভাজ পড়া, লুব্রিকেশন: প্রান্ত ও অভ্যন্তর। | | |
| | রাউটিং | স্টিয়ারিং হেডে কোনো বাঁধা বা টান নেই, সাসপেনশন, কোনো তীক্ষ্ণ কোণ নেই, তার জায়গামতো সাপোর্ট করে। | | |
| **হোস** | অবস্থা | কাটা, ফাটল, ফুটো, ফোলা, ঘষা, ক্ষয়। | | |
| | রাউটিং | স্টিয়ারিং হেডে কোনো বাঁধা বা টান নেই, সাসপেনশন, কোনো তীক্ষ্ণ কোণ নেই, হোস জায়গামতো সাপোর্ট করে। | | |
| **থ্রোটল** | অপারেশন | অবাধে সরানো যায়, ফিরে আসে, হ্যান্ডেলবার নাড়ানোর সময় গোঁগোঁ করে না। | | |
| **L-লাইট ও ইলেকট্রিক** | | | | |
| **ব্যাটারি** | অবস্থা | টার্মিনাল: পরিষ্কার ও শক্ত, ইলেক্ট্রোলাইট লেভেল, নিরাপদে আটকে থাকা। | | |
| | ভেন্ট টিউব | ভাঁজ নেই, সঠিকভাবে রাউটেড, প্লাগ করা নেই। | | |
| **হেডলাইট** | অবস্থা | ফাটল, রিফ্লেক্টর, মাউন্টিং এবং অ্যাডজাস্টমেন্ট সিস্টেম। | | |
| | লক্ষ্যকেন্দ্র | উচ্চতা এবং ডান/বাম। | | |
| **ব্যাকলাইট/ব্রেক লাইট** | অবস্থা | ফাটল, পরিষ্কার ও শক্ত। | | |
| | অপারেশন | সামনের ব্রেক/পেছনের ব্রেক চাপলে সক্রিয় হয়। | | |
| **টার্ন সিগন্যাল** | অপারেশন | সঠিকভাবে জ্বলে। | সামনের বাম<br>পিছনের বাম | সামনের ডান<br>পিছনের ডান |
| **সুইচ** | অপারেশন | সকল সুইচ সঠিকভাবে কাজ করে: ইঞ্জিন কাট-অফ, হাই /লো বিম, সিগন্যাল চালু করুন। | | |
| **আয়না** | অবস্থা | ফাটল, পরিষ্কার, শক্ত মাউন্ট এবং সুইভেল জয়েন্ট। | | |
| | লক্ষ্যকেন্দ্র | বাইকের সিটে বসে অ্যাডজাস্ট করুন। | | |
| **লেন্স ও রিফ্লেক্টর** | অবস্থা | ফাটল, ভাঙ্গা, সুরক্ষিতভাবে মাউন্ট করা, অত্যধিক ঘনীভবন। | | |
| **ওয়্যারিং** | অবস্থা | ছেঁড়া, ঘষা, ইনসুলেশন। | | |
| | রাউটিং | শিফ্ড, স্টিয়ারিং হেড বা সাসপেনশনে কোনো বাঁধা বা টান নেই, ওয়্যার লুম ও টাই জায়গামতো আছে, কানেক্টর শক্ত, পরিষ্কার। | | |
| **O-তেল ও অন্যান্য ফ্লুইড** | | | | |
| **লেভেল** | ইঞ্জিনের তেল | গ্রাউন্ড লেভেলে, ডিপস্টিক, সাইট গ্লাসে সেন্টার স্ট্যান্ডে ওয়ার্ম চেক করুন। | | |
| | গিয়ারের তেল, শ্যাফট ড্রাইভ | ট্রান্সমিশন, রিয়ার ড্রাইভ, শ্যাফট | | |
| | হাইড্রোলিক ফ্লুইড | ব্রেক, ক্লাচ, রিজার্ভার বা সাইট গ্লাস। | | |
| | কুল্যান্ট | রিজার্ভার এবং/অথবা কুল্যান্ট রিকভারি ট্যাংক – শুধুমাত্র ঠান্ডা অবস্থায় চেক করুন। | | |
| | ফুয়েল | ট্যাংক বা গেজ। | | |
| **লিক** | ইঞ্জিনের তেল | গ্যাসকেট, হাউজিং, সিল। | | |
| | গিয়ারের তেল, শ্যাফট ড্রাইভ | গ্যাসকেট, সিল, ব্রিদার। | | |
| | হাইড্রোলিক ফ্লুইড | হোজ, মাস্টার সিলিন্ডার, ক্যালিপার্স | | |
| | কুল্যান্ট | রেডিয়েটর, হোস, ট্যাংক, ফিটিং, পাইপ। | | |
| | ফুয়েল | লাইন, ফুয়েল ভালভ, কার্ব। | | |
| **C-চ্যাসিস** | | | | |
| **ফ্রেম** | অবস্থা | গাসেটে ফাটল, অ্যাক্সেসরি মাউন্ট, রং উঠে যাওয়া অনুসন্ধান করুন। | | |
| | স্টিয়ারিং-হেড বিয়ারিং | সম্পূর্ণ পাক ঘোরার মধ্যে কোনো আটকে যাওয়া বা শক্ত জায়গা নেই, সামনের চাকাটি উঁচু করুন, ফর্ক টেনে/চেপে চালানো যায় কিনা পরীক্ষা করুন। | | |
| | সুইংআর্ম বুশিং | পিছনের চাকা উঁচু করে, সুইংআর্ম টেনে/চেপে চালানো যায় কিনা পরীক্ষা করুন। | | |
| **সাসপেনশন** | সামনের ফর্ক | মসৃণ ট্রাভেল, সমান এয়ার প্রেশার / ড্যাম্পিং, এন্টি-ডাইভ সেটিংস। | বাম | ডান |
| | পিছনের শক | মসৃণ ট্রাভেল, সমান প্রি-লোড/এয়ার প্রেশার/ড্যাম্পিং সেটিংস, লিঙ্কেজ অবাধে সরানো যায় এবং লুব্রিকেট করা। | বাম | ডান |
| **চেইন বা বেল্ট** | টান | সবচেয়ে শক্ত পয়েন্ট চেক করুন। | | |
| | লুব্রিকেশন | গরম অবস্থায় সাইড প্লেট। দ্রষ্টব্য: বেল্ট লুব্রিকেট করবেন না। | | |
| | স্প্রোকেট | টিথ হুক করা হয়নি, সুরক্ষিতভাবে মাউন্ট করা | | |
| **ফাস্টেনারস** | থ্রেডযুক্ত | শক্ত, বোল্ট, নাট না থাকা। | | |
| | ক্লিপ ও কটার পিন | ভাঙা, হারানো। | | |
| **S-স্ট্যান্ড** | | | | |
| **সেন্টার স্ট্যান্ড** | অবস্থা | ফাটল, বাঁকানো। | | |
| | রিটেনশন | স্প্রিং জায়গামতো আছে, পজিশন ধরে রাখার টান। | | |
| **সাইড স্ট্যান্ড** | অবস্থা | ফাটল, বাঁকানো (সেফটি কাট-আউট সুইচ বা প্যাড লাগানো)। | | |
| | রিটেনশন | স্প্রিং জায়গামতো আছে, পজিশন ধরে রাখার টান। | | |

০৬/১৪

MSF MOTORCYCLE SAFETY FOUNDATION®

# কুইক টিপস: অ্যান্টি-লক ব্রেকিং সিস্টেম (ABS)

## ABS কিভাবে কাজ করে?

যদি কোনো মোটরসাইকেলের টায়ার ব্রেকিংয়ের সময় ট্র্যাকশন হারিয়ে ফেলে এবং রাস্তার পৃষ্ঠে স্কিড করে তাহলে চালক মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারাতে পারে। অ্যান্টি-লক ব্রেকিং সিস্টেম (ABS) টায়ার সর্বাধিক ব্রেকিং সীমার কাছে পৌঁছানোর সাথে সাথে চাকা আটকে যাওয়া থেকে রোধ করে ট্র্যাকশন বজায় রাখতে সহায়তা করে। ABS এর সাথে, প্রতিটি চাকাতে স্পিড সেন্সর থাকে যা একটি ইলেকট্রনিক কন্ট্রোল ইউনিটে (ECU) সংকেত প্রেরণ করে। ECU এমন একটি কম্পিউটার যা চাকার ঘূর্ণায়মান গতি পর্যবেক্ষণ করে এবং সর্বাধিক ট্র্যাকশন বজায় রাখার পাশাপাশি নির্দিষ্ট পরিস্থিতিতে সর্বাধিক ব্রেকিং ক্ষমতা প্রদানের জন্য ব্রেক প্রেশার নিয়ন্ত্রণ করে।

যদি চাকার মধ্যে কোনোটি হঠাৎ আটকে যাওয়ার (স্কিড হওয়ার) দ্বারপ্রান্তে থাকে তাহলে ECU স্কিড প্রতিরোধ করার জন্য ব্রেকিং ফোর্স হ্রাস করবে। ব্রেকিং ফোর্স হ্রাস করার জন্য, ECU রিলিফ ভালভ খোলার জন্য সংকেত পাঠায় যা সেই নির্দিষ্ট চাকায় ব্রেকিং সিস্টেমে হাইড্রোলিক প্রেশার হ্রাস করে। যখন টায়ার ট্র্যাকশন ফিরে পায় এবং আবার ঘুরতে শুরু করে, তখন ECU ব্রেক লাইনে হাইড্রোলিক চাপ রিকভারি করার জন্য সংকেত পাঠায়, যার ফলে, ব্রেকিং পাওয়ার বৃদ্ধি পায়। এই প্রক্রিয়া দ্রুত ও বারবার ঘটে, যার ফলে ABS ব্যবহার করার সময় ব্রেক স্পন্দিত হয়। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এই প্রক্রিয়া সামনে এবং পিছনের চাকায় স্বাধীনভাবে ঘটে। যদি ABS সিস্টেম নষ্ট হয় , তবে ইন্ডিকেটর বাতি জ্বলবে, এবং ব্রেক তখনো কাজ করবে, কিন্তু ABS ফাংশন ছাড়া।

## ABS কী করতে পারে এবং কী করতে পারে না?

- বেশ কয়েকটি গবেষণায় কিছু মোটরসাইকেল দুর্ঘটনার জন্য দায়ী প্রি-ইমপ্যাক্ট কারণ হিসেবে অনুপযুক্ত ব্রেকিংকে উল্লেখ করা হয়েছে। কিছু প্রস্তুতকারক নির্দিষ্ট মডেলে বিকল্প হিসেবে ABS প্রদান করে, ভোক্তাদের আরো কার্যকরভাবে ব্রেক করতে সাহয্য করার জন্য ABS প্রযুক্তি বেছে নিতে দেয়।

- ABS ক্র্যাশ প্রতিরোধে গ্যারান্টি দেয় না, তবে কিছু পরিস্থিতিতে এটি রাইডারদের ক্র্যাশ এড়াতে সাহায্য করতে পারে।

- ABS শুধুমাত্র তখনই কাজ করে যখন ফ্রন্ট ব্রেক লিভার এবং রিয়ার ব্রেক প্যাডেল থামানোর সময় ক্রমাগত চেপে রাখা হয়, এবং "পাম্প" করা হয় না।

- ABS ব্রেকিংয়ের সময় পৃষ্ঠ ঘর্ষণের পরিবর্তনে দ্রুত প্রতিক্রিয়া দেয় এবং রাইডারকে নিয়ন্ত্রণ হারানো প্রতিরোধ করতে সাহায্য করে। ABS-এর সবচেয়ে বড় সুবিধা পাওয়া যায় ভেজা বা বরফের রাস্তায়।

- ABS সবচেয়ে কার্যকর হয় যখন বাইকটি সম্পূর্ণ সোজা থাকে এবং সরলরেখায় চলে যায়।

- মোটরসাইকেলের গতিশীলতা, যাতে অবশ্যই কর্নারে ঝুঁকতে হবে, ABS-কে প্রতিটি পরিস্থিতিতে রাইডারকে সহায়তা করতে বাধা দেয়।

- আক্রমণাত্মক কর্নারিংয়ের সময়, ABS-এর উদ্দেশ্যমূলক প্রভাব নাও থাকতে পারে।লিমিটে কর্নারিং করতে খুব মসৃণ ব্রেকিং প্রয়োজন, এবং ABS দ্বারা সৃষ্ট স্পন্দন বাইককে অসুবিধা করতে পারে, যার ফলে এটি "লো সাইড" হতে পারে এবং রাইডারের নিচ থেকে পিছলে যেতে পারে।

- এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে ABS সঠিক ব্রেকিং কৌশল এবং সাধারণ জ্ঞানের বিকল্প নয়। ABS-এর উদ্দেশ্য শুকনো রাস্তায় থামার দূরত্ব হ্রাস করা নয়, তাই রাইডাররা ABS তাদের দুর্বল বিচারশক্তি পুষিয়ে দেবে এই আশায় গতি বৃদ্ধি বা টেইলগেট করতে মুক্ত নয়।

- ABS কোনো মোটরসাইকেলকে পদার্থবিজ্ঞানের আইন লঙ্ঘন করতে দেয় না।

১০/২০১৪

অধ্যায় পাঁচ

# মোটরসাইকেলের মৌলিক অপারেশন

নিম্নলিখিত অধ্যায় স্টার্ট করা, গিয়ার পরিবর্তন করা, থামানো, সোজা-লাইনে রাইডিং এবং টার্নিংয়ের উপর মৌলিক রাইডিং তথ্য সরবরাহ করে। আরো জটিল দক্ষতায় অগ্রসর হওয়ার আগে এই মৌলিক দক্ষতাগুলো শেখা গুরুত্বপূর্ণ।

**এই অধ্যায়ে রয়েছে**

- শুরু করা
- সরল রেখায় চালানো
- গিয়ার পাল্টানো
- থামা
- মোড় ঘোরা

## শুরু করা

### মোটরসাইকেলে চড়া

মোটরসাইকেলে চড়ার জন্য, মোটরসাইকেলের বাম পাশে দাঁড়ান। উভয় হ্যান্ডগ্রিপ ধরুন, মোটরসাইকেল সরে যাওয়া থেকে রক্ষা করার জন্য সামনের ব্রেক চেপে ধরুন এবং আপনার ডান পা সিটের উপর দিয়ে নিয়ে যান। বসুন এবং বাইক সোজা করুন; আপনার পা দিয়ে সাইড স্ট্যান্ড তুলুন।

### ইঞ্জিন স্টার্ট করা

1. ফুয়েল ভালভ এবং ইগনিশন সুইচ অন করুন।
2. নিউট্রালে শিফট করুন। ইন্ডিকেটর বাতির উপর নির্ভর করবেন না। মোটরসাইকেল সামনে পেছনে নাড়ান। যদি মোটরসাইকেল অবাধে রোল করে তাহলে নিউট্রাল আছে।
3. ইঞ্জিনের কাট-অফ সুইচ ON করুন।
4. কোল্ড স্টার্ট করার জন্য চোক ON করুন। স্টার্টার অপারেট করার আগে অনেক মোটরসাইকেলে ক্লাচ চেপে ধরার প্রয়োজন হয়। এটি দুর্ঘটনাক্রমে গিয়ার অবস্থায় বাইক স্টার্ট করা থেকে ভালো সতর্কতা এবং স্টার্টার মোটরের লোড হ্রাস করে।
5. স্টার্টার বাটন চাপুন। থ্রোটল ব্যবহার এড়িয়ে চলুন; মোটরসাইকেল এটি ছাড়াই স্টার্ট হওয়া উচিত। অনেক মোটরসাইকেলে নিরাপত্তা ব্যবস্থা রয়েছে যা মোটরের পাওয়ার বন্ধ করে দেয় যদি বাইক সাইড স্ট্যান্ডসহ গিয়ারে রাখা হয়; সুতরাং আপনি যদি সাইড স্ট্যান্ড না তুলে থাকেন, তাহলে এখনই তুলুন। যদি মোটর প্রথম ৫ থেকে ৮ সেকেন্ডের মধ্যে স্টার্ট না হয়, তাহলে থামুন এবং উপরের ধাপগুলোর পুনরাবৃত্তি করুন।

### ইঞ্জিন বন্ধ করা, নামা এবং মোটরসাইকেল সুরক্ষিত করা

1. ইঞ্জিনের কাট-অফ সুইচ OFF করুন। ইগনিশন OFF করুন। যদি আপনার মোটরসাইকেলে ফুয়েল ভালভ থাকে, তাহলে সেটা OFF করুন। নিশ্চিত করুন যে সকল লাইট বন্ধ আছে।
2. নামার জন্য, সাইড স্ট্যান্ড নিচে নামান। মোটরসাইকেল সাইড স্ট্যান্ডের দিকে কাত করুন, উভয় হ্যান্ডগ্রিপ ধরে রেখে, সামনের ব্রেক চেপে ধরুন এবং আপনার ডান পা উপর দিয়ে নামান। স্থিতিশীল রাখার জন্য হ্যান্ডেলবার পুরোপুরি সাইড স্ট্যান্ডের দিকে ঘোরান।
3. নামার পর, ইগনিশনের চাবি খুলে নিন এবং ফর্ক লক বা অন্যান্য সুরক্ষা ডিভাইস সংযুক্ত করুন।

## সরল রেখায় চালানো

### রাইডিংয়ের ভঙ্গি

মোটরসাইকেল সঠিকভাবে নিয়ন্ত্রণ করতে:

- **অঙ্গভঙ্গি** – আপনার পিঠ সোজা রাখুন এবং মাথা ও চোখ সোজা রাখুন। বসুন যাতে আপনি নিজেকে ধরে রাখার পরিবর্তে মোটরসাইকেল চালানোর জন্য আপনার বাহু ব্যবহার করতে পারেন।
- **হাত** – হ্যান্ডগ্রিপ দৃঢ়ভাবে ধরে রাখুন। আপনার ডান কব্জি সমতল রেখে শুরু করুন। এটি আপনাকে থ্রোটল নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে।
- **হাঁটু** – মোটরসাইকেল চলার সময় আপনার হাঁটু গ্যাস ট্যাংকের কাছে রাখুন।

- **পা** – মোটরসাইকেল চলার সময় আপনার পা পা-দানিতে রাখুন এবং আপনার পায়ের আঙ্গুল নিচের দিকে রাখা এড়িয়ে চলুন। আপনার পা কন্ট্রোলের কাছাকাছি রাখুন যাতে আপনি সহজে ও দ্রুত ব্যবহার করতে পারেন।

**রাইডিংয়ের ভঙ্গি**

## ক্লিকশন জোন

যেহেতু বেশিরভাগ মোটরসাইকেলের ম্যানুয়াল ট্রান্সমিশন থাকে, তাই মোটরসাইকেল চলা শুরু করতে এবং বিলম্ব হওয়া প্রতিরোধ করতে আপনাকে "ক্লিকশন জোন" ব্যবহার করতে হবে। ক্লিকশন জোন ক্লাচের একটি বিন্দু যেখান থেকে ইঞ্জিনের শক্তি পিছনের চাকায় প্রেরণ করতে শুরু করে। আপনি ক্লিকশন জোনে পৌঁছানোর সাথে সাথে, থ্রোটল রোল করুন এবং মোটরসাইকেল এগিয়ে যেতে শুরু করবে। আপনার মোটরসাইকেল চলমান ও স্থিতিশীল না হওয়া পর্যন্ত ক্লাচ লিভার পুরোপুরি ছেড়ে দেবেন না।

**ক্লিকশন জোন**

**ক্লিকশন জোন** – ক্লাচের একটি বিন্দু যেখান থেকে ইঞ্জিনের শক্তি পিছনের চাকায় প্রেরণ করতে শুরু করে।

## গিয়ার পাল্টানো

**গিয়ারশিফট প্যাটার্ন**




মসৃণভাবে গতি বাড়ানোর জন্য মোটরসাইকেলে গিয়ার পাল্টানো ছাড়াও অনেক কিছু রয়েছে।

ডাউনশিফটিং, টার্নিং বা পাহাড়ে শুরু করার সময় গিয়ার ব্যবহার করতে শেখা নিরাপদ মোটরসাইকেল অপারেশনের জন্য গুরুত্বপূর্ণ।

**হ্যান্ডগ্রিপ পজিশন**

### উপরের গিয়ারে আপশিফট করা:

- আপনি ক্লাচ লিভার চাপার সাথে সাথে থ্রোটল রোল অফ করুন বা ছেড়ে দিন।
- শিফট লিভার তুলুন। দৃঢ়ভাবে চাপ দিন। প্রতিটি শিফট সম্পূর্ণ হওয়ার পর শিফট লিভার ছেড়ে দিন।
- আপনি থ্রোটল রোল করার সাথে সাথে ক্লাচ ছাড়তে থাকুন।

### নিচের গিয়ারে ডাউনশিফট করতে:

- আপনি ক্লাচ লিভার চাপার সাথে সাথে থ্রোটল রোল অফ করুন বা ছেড়ে দিন।
- শিফট লিভার দৃঢ়ভাবে চাপুন (তবে জোরে পারা দিবেন না)।
- পিছনের টায়ারে স্কিডিং এড়াতে ক্লাচ ছাড়ুন।

**খুব দ্রুত ডাউনশিফটিং পিছনেরটায়ারে স্কিড সৃষ্টি করতে পারে।**

**ঢাল থেকে শুরু করা**

পাহাড়ে শুরু করার সময় কিছু গুরুত্বপূর্ণ টিপস মনে রাখতে হবে:

- আপনি ইঞ্জিন শুরু করার সময় এবং প্রথম গিয়ারে যাওয়ার সময় মোটরসাইকেল ধরে রাখতে সামনের ব্রেক ব্যবহার করুন।
- আপনার ডান হাত দিয়ে থ্রোটল ব্যবহারের সময় মোটরসাইকেল ধরে রাখতে ফুট ব্রেকে পরিবর্তন করুন।
- আরো পাওয়ারের জন্য আরেকটু থ্রোটল দিন।
- ধীরে ধীরে ক্লাচ ছাড়ুন।
- ইঞ্জিন ধীর হতে শুরু করলে ফুট ব্রেক ছেড়ে দিন। এর মানে হলো ক্লাচ পাওয়ার ট্রান্সমিট করতে শুরু করেছে।
- ক্লাচ ধীরে ধীরে ছাড়তে থাকুন। আপনি খুব দ্রুত ছেড়ে দিলে, সামনের চাকা মাটি থেকে উঠে যেতে পারে, ইঞ্জিন বন্ধ হয়ে যেতে পারে বা উভয়ই হতে পারে।
- প্রয়োজনে ধীরে ধীরে থ্রোটল দিতে থাকুন।

সমতল ভূমির চেয়ে ঢালে মোটরসাইকেল চালু করা বেশি কঠিন। সবসময় আপনার পিছনের যানবাহনে পিছিয়ে আসার বিপদ থাকে।

## স্টপিং

আপনার মোটরসাইকেলের সামনের ও পিছনের চাকায় ব্রেক আছে। সবসময় উভয় ব্রেক ব্যবহার করুন, প্রতিবার যখন আপনি গতি ধীর করবেন বা থামবেন।
যখন সঠিকভাবে ব্যবহার করা হয়, তখন সামনের ব্রেকটি আপনার মোট থামার ক্ষমতার ৭০ শতাংশ বা তার বেশি সরবরাহ করতে পারে, তাই কার্যকরভাবে গতি হ্রাসের জন্য সামনের ব্রেকটি ব্যবহার করা আবশ্যক।
সামনের ও পিছনের উভয় ব্রেক ব্যবহার করলে থামার দূরত্ব হ্রাস পায়।

আপনার মোটরসাইকেল থামাতে, সামনের ব্রেক লিভার চেপে ধরুন এবং ধীরে ধীরে পিছনের ব্রেক প্যাডেলে চাপ দিন। সামনের ব্রেক ধরে রাখা বা পিছনে জ্যাম করার ফলে ব্রেক লক হয়ে যেতে পারে, যার ফলে নিয়ন্ত্রণের সমস্যা দেখা দিতে পারে।

## কোনো কার্ভে স্বাভাবিকভাবে থামা

যদি কোনো বক্ররেখায় ঝুঁকে পড়ার সময় আপনার থামতে হয়, তাহলে আপনি আপনার কাত হবার কোণ হ্রাস করতে শুরু করার সাথে সাথে উভয় ব্রেকে মসৃণভাবে ধীরে ধীরে চাপ দিন। আপনি যত কম কাত হবেন, থামার জন্য আপনার তত বেশি ট্র্যাকশন থাকবে।

আপনার মোটরসাইকেল সোজা হওয়ার সাথে সাথে আপনি আরো ব্রেক প্রেশার দিতে পারেন।

## মোড় নেওয়া

নতুন রাইডারদের অবশ্যই মোড় ও কার্ভ পার করার অসুবিধা সম্পর্কে সচেতন হতে হবে। রাইডাররা প্রায়শই খুব দ্রুত মোড় বা বাঁক নেওয়ার চেষ্টা করে।
টার্নে প্রবেশের আগে গতি হ্রাস করুন এবং এই গতি বজায় রাখুন। এই চারটি ধাপ আপনাকে মোড়ে ঘোরার স্কিল শিখতে সহায়তা করবে:

**ধীর হোন** - টার্নের আগে আপনার গতি হ্রাস করুন। প্রয়োজন অনুসারে থ্রোটল কমিয়ে এবং যদি প্রয়োজন হয়, তাহলে উভয় ব্রেক ব্যবহার করে করা যেতে পারে।

**দেখুন** - আপনি যেখানে যেতে চান টার্নের মধ্য সেখানে দেখুন। শুধু আপনার মাথা ঘোরান, আপনার কাঁধ নয়, এবং দিগন্তের সাথে আপনার চোখ সমতল রাখুন।




রাইডারদের আরো ভালো নিয়ন্ত্রণের জন্য চারটি পদক্ষেপ ব্যবহার করার সুপারিশ করা হয়:

1. থামুন
2. দেখুন
3. চাপুন
4. রোল করুন

**চাপুন** - হ্যান্ডগ্রিপ মোচড়ের দিকে চাপুন। বাম হ্যান্ডগ্রিপ চাপুন – বাম দিকে ঝুঁকুন – বাম দিকে যান।
ডান হ্যান্ডগ্রিপ চাপুন – ডান দিকে ঝুঁকুন – ডান দিকে যান। যত বেশি গতি হবে, তত বেশি ঝুঁকতে হবে।

**রোল করুন** - স্থির গতি বজায় রাখতে থ্রোটল রোল করুন অথবা ধীরে ধীরে টার্নের মধ্য দিয়ে অ্যাক্সিলারেট করুন। এটি মোটরসাইকেলকে স্থিতিশীল রাখতে সাহায্য করবে।

### টার্ন নেওয়ার কৌশল

স্বাভাবিক অবস্থায়, চালক ও মোটরসাইকেল একই কোণে একসাথে ঝুঁকতে হবে।

ধীরগতির কঠিন বাঁকে, কেবল মোটরসাইকেল ঝুঁকিয়ে এবং আপনার শরীরকে সোজা রেখে পাল্টা-ভারসাম্যের মাধ্যমে ভারসাম্য বজায় রাখুন।

| স্বাভাবিক মোড় | আচমকা মোড় |
|---|---|
| | |

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. থামানোর সময়, আপনাকে:**

A. উভয় ব্রেক ব্যবহার করতে হবে।

B. কেবল সামনের ব্রেক ব্যবহার করতে হবে।

C. কেবল পিছনের ব্রেক ব্যবহার করতে হবে।

**2. মোড় ঘোরার সময়, আপনাকে:**

A. আপনার মাথা এবং কাঁধ ঘুরিয়ে মোড় দেখুন।

B. শুধু আপনার মাথা ঘোরান, আপনার ঘাড় ঘুরিয়ে মোড় দেখবেন না।

C. আপনার হাঁটু গ্যাস ট্যাংক থেকে দূরে রাখুন।

1. A – ৩৪ পৃষ্ঠা, থামা
2. B – পৃষ্ঠা ৩৪, টার্ন নেওয়া

অধ্যায় ছয়:

# সড়কের কৌশল

**এই অধ্যায়ে রয়েছে**

- ঝুঁকি সচেতনতা/গ্রহণ
- ঝুঁকি ব্যবস্থাপনা
- চৌরাস্তা
- স্থান ব্যবস্থাপনা
- এড়িয়ে যাওয়ার পথ
- সুস্পষ্টতা বৃদ্ধি
- গতি ব্যবস্থাপনা

## ঝুঁকি সম্পর্কে সচেতনতা/গ্রহণ

নিরাপদ রাইডিংয়ে হাত ও পায়ের চেয়ে চোখ ও মনের দক্ষতা বেশি দরকার হয়। আপনাকে রাস্তায় চালানোর একাধিক কৌশল শিখতে হবে যা আপনাকে ভালো সিদ্ধান্ত নিতে এবং সমস্যা এড়াতে গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করতে দেবে। মানুষের প্রায় সকল কার্যক্রমেই কোনো না কোনো মাত্রার ঝুঁকি থাকে। একটি মোটরসাইকেল চালানোর ঝুঁকি হ্রাস করার জন্য আপনার পূর্ণ মনোযোগ থাকা প্রয়োজন। ঝুঁকি ব্যবস্থাপনা করতে এবং একজন দায়িত্বশীল রাইডার হওয়ার জন্য নিম্নলিখিত ধাপগুলো বিবেচনা করুন।

### রাইডারের দায়িত্ব

- মোটরসাইকেল চালানোর সাথে সম্পর্কিত দায়িত্ব গ্রহণ করুন।
- আপনার অবশ্যই মোটরসাইকেলের এনডোর্সম্যান্টসহ ড্রাইভারের লাইসেন্স থাকতে হবে।
- আপনি রাস্তার আইন ও নিয়ম অনুসরণ করবেন বলে আশা করা হয়।
- আপনাকে অবশ্যই অন্যান্য ব্যবহারকারীদের সাথে রাস্তা শেয়ার করতে হবে (যেমন পথচারী, বাইসাইক্লিস্ট, বড় যানবাহন ইত্যাদি)।
- অ্যালকোহল এবং মাদক মুক্তভাবে চালান।
- সবসময় সুরক্ষা গিয়ার পরুন।

### ঝুঁকি সম্পর্কে সচেতনতা

মোটরসাইকেল চালানোর সাথে এমন কিছু ঝুঁকি আছে যা অন্য ধরনের যানবাহন চালানোর সময় মুখোমুখি হতে হয় না। এই ঝুঁকিগুলোর মধ্যে কয়েকটি হলো:

- **দুর্বলতা –** মোটরসাইকেল ক্র্যাশে কম সুরক্ষা প্রদান করে এবং গাড়ির মতো স্থিতিশীলতা নেই। এই কারণেই আপনাকে সবসময় সুরক্ষা গিয়ার পরতে হবে।
- **দৃশ্যমানতা –** মোটরসাইকেলের আকারের কারণে এটি অন্যান্য ধরনের যানবাহনের মতো দৃশ্যমান নয়। অন্যান্য গাড়িচালকরা ট্র্যাফিকের মধ্যে মোটরসাইকেলের অনুসন্ধান নাও করতে পারে। এটি আপনাকে ঝুঁকিতে ফেলে।

### ঝুঁকি গ্রহণ

আপনি মোটর সাইকেলিংয়ের সাথে সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে সচেতন হয়ে উঠলে সেই ঝুঁকি গ্রহণ করার সময় এসেছে। একজন দায়িত্বশীল মোটরসাইকেল চালক হওয়ার চ্যালেঞ্জ গ্রহণ করা বেছে নেওয়ার অর্থ ট্র্যাফিকে আপনার রাইডিং আচরণের পরিণতি সম্পর্কে চিন্তা করা। এর অর্থ আপনার সিদ্ধান্ত ও কাজের ফলাফলের জন্য ব্যক্তিগত দায়িত্ব গ্রহণ করা, সেইসাথে ভালো দক্ষতা ও বিচার ক্ষমতা উন্নত করা।

মোটরসাইকেল এর আকারের কারণে অন্যান্য ধরনের যানবাহনের মতো দৃশ্যমান নয়।

## ঝুঁকি ব্যবস্থাপনা

ঝুঁকি ব্যবস্থাপনা করার জন্য আপনাকে অবশ্যই সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সচেতন হতে হবে এবং তারপরে ঝুঁকি হ্রাস করার পরিকল্পনা থাকতে হবে।

**SEE**SM –একটি সহজ, তিন ধাপের এবং শক্তিশালী কৌশল – হলো অ নুসন্ধান, মূ ল্যায়ন, নির্বাহ করা। ট্র্যাফিকে কী ঘটছে তা বুঝতে আপনাকে সাহায্য করার

জন্য এবং ক্রমাগত পদক্ষেপ পরিকল্পনা এবং বাস্তবায়নের জন্য এটি একটি কৌশল। আসুন আমরা এই পদক্ষেপের প্রতিটি পরীক্ষা করে দেখি।

SM – SEE হলো MSF-এর একটি সার্ভিস মার্ক। অনুমতি নিয়ে ব্যবহৃত।

## সার্চ/অনুসন্ধান

আগে থেকেই যতদূর সম্ভব সামনে, পাশে ও পিছনে অনুসন্ধান, সম্ভাব্য বিপদ সনাক্ত করতে এবং এড়ানোর রাস্তা সনাক্ত করতে, ক্র্যাশ এড়াতে সাহায্য করতে পারে।




সামনে অনুসন্ধান করার সময় আপনাকে যা যা অনুসন্ধান করতে হবে:

- **রাস্তা এবং পৃষ্ঠের বৈশিষ্ট্য** - গর্ত, ব্রিজ গ্রেটিং, রেল লাইন, ময়লা, বাঁক, পিচ্ছিল পৃষ্ঠ, ইত্যাদি, যা আপনার রাইডিং কৌশলে প্রভাব ফেলতে পারে।
- **ট্রাফিক নিয়ন্ত্রণ চিহ্ন ও ডিভাইস** - সামনে কী আছে তা জানতে সাহায্য পেতে ট্র্যাফিক সিগন্যাল ও সংকেত অনুসন্ধান করুন।
- **রাস্তার অন্যান্য ব্যবহারকারী** - আপনার সামনে একই দিকে ভ্রমণকারী, আপনার পিছনে থাকা যানবাহন, বিপরীত দিকে ভ্রমণকারী যানবাহন, যারা রাস্তা দিয়ে ঢুকছে এবং বেরিয়ে যাচ্ছে এবং বাঁক নিচ্ছে তাদেরকে অনুসন্ধান করুন।
  পথচারীরাও আপনার যাত্রা পথ অতিক্রম করতে পারে অথবা আপনার এড়ানোর পথের বিকল্প হ্রাস করতে পারে।

যদিও সামনে কী ঘটছে তার উপর নজর রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ, তবে আপনি পিছনের পরিস্থিতি উপেক্ষা করতে পারেন না। পিছনে কী ঘটছে সেটা জানা আপনাকে কিভাবে সামনের সমস্যা মোকাবেলা করতে হবে সে সম্পর্কে নিরাপদ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। পিছনে অনুসন্ধান করতে:

- **আয়না দেখুন –** ঘন ঘন আয়না দেখা আপনার স্বাভাবিক অনুসন্ধান রুটিনের অংশ হতে হবে। আপনি যখন কোনো চৌরাস্তায় থামেন, লেন পরিবর্তন করার আগে এবং গতি কমানোর আগে, আয়না ব্যবহার করার উপর বিশেষ গুরুত্ব দিন।
- **মাথা ঘুরিয়ে দেখুন** - আপনার আয়না পরীক্ষা করাই যথেষ্ট নয়। মোটরসাইকেলেও গাড়ির মতো 'ব্লাইন্ড স্পট' রয়েছে। আপনি লেন পরিবর্তন করার আগে, আপনার মাথা ঘোরান এবং অন্যান্য যানবাহন দেখতে পাশে তাকান। শুধুমাত্র আপনার চারপাশে কী ঘটছে তা জানার মাধ্যমে, আপনি এটি মোকাবেলা করার জন্য পুরোপুরি প্রস্তুত হোন।

## ইভালুয়েট/মূল্যায়ন

আপনি বিপদ(গুলো) সনাক্ত করার পর, পরবর্তী পদক্ষেপ হলো দ্রুত নির্ধারণ করা যে সেগুলো আপনাকে প্রভাবিত করতে পারে কিনা। নিজেকে জিজ্ঞাসা করুন, "কী হবে যদি?"
আপনার জন্য ঝুঁকি তৈরি করতে বিপদ কিভাবে ইন্টারঅ্যাক্ট করতে পারে সে সম্পর্কে ভাবুন।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

সম্ভাব্য সমস্যাগুলো অনুমান করুন এবং ঝুঁকি হ্রাস বা নির্মূল করার জন্য পরিকল্পনা করুন। সুরক্ষা মার্জিন বজায় রাখার জন্য আপনার সময় ও স্থানের আবশ্যকীয়তা সম্পর্কে চিন্তা করুন। যদি কোনো বিপজ্জনক পরিস্থিতি ঘটে, তাহলে প্রতিক্রিয়া জানাতে আপনাকে অবশ্যই নিজেকে সময় দিতে হবে।




## এক্সিকিউট/নির্বাহ করা

আপনার সিদ্ধান্ত বাস্তবায়ন করুন। আপনি কী করবেন এবং কিভাবে করবেন?

আরো জায়গা তৈরি করতে এবং যেকোনো বিপদ থেকে ক্ষতি হ্রাস করতে:

- আপনার অবস্থান এবং/অথবা দিক সমন্বয় করুন।
- গতি বৃদ্ধি, থামিয়ে বা ধীর করে আপনার গতি সামঞ্জস্য করুন।
- লাইট এবং/অথবা হর্ন দিয়ে আপনার উপস্থিতি ও অভিপ্রায় প্রকাশ করুন।

নিজেকে সময় ও জায়গা দেওয়ার জন্য SEE কৌশল প্রয়োগ করুন। এটি যেকোনো জায়গায় কাজ করে এবং আপনার সুরক্ষা এবং অন্যদের সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করতে পারে।

## চৌরাস্তা

অন্যান্য যানবাহনের সাথে ক্র্যাশের সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে চৌরাস্তায়। যে গাড়ি আপনার সামনে বাম দিকে ঘুরছে সেগুলো সবচেয়ে বড় বিপদের মধ্যে অন্যতম। চৌরাস্তায় আপনার-SEE এর ব্যবহার গুরুত্বপূর্ণ।

চৌরাস্তায় আপনার দৃশ্যমান থাকার সম্ভাবনা বাড়িয়ে তুলুন। আপনার হেডলাইট চালু অবস্থায় এমন লেন পজিশনে চালান যা আসন্ন ট্র্যাফিকের সর্বোত্তম দৃশ্য সরবরাহ করে। মোটরসাইকেলের চারপাশে স্পেস কুশন রাখুন যা আপনাকে কৌশলী পদক্ষেপ নিতে দেয়।

চৌরাস্তার কাছাকাছি যখন কোনো গাড়ি আপনার পথ অতিক্রম করার জন্য প্রস্তুত হয়:

- গতি কমান।
- সেই ড্রাইভারের কাছে আপনার দৃশ্যমানতা বাড়াতে একটি লেন পজিশন নির্বাচন করুন।
- আপনার প্রতিক্রিয়া জানানোর প্রয়োজনীয় সময় হ্রাস করতে উভয় ব্রেক হাতের নাগালে রাখুন।
- স্টলিং প্রতিরোধ করতে ক্লাচ লিভারে হাত রাখুন।
- আপনি চৌরাস্তায় প্রবেশ করার সাথে সাথে, গাড়ি থেকে দূরে সরে যান।
- র‍্যাডিকাল নড়াচড়া করবেন না, কারণ ড্রাইভাররা মনে করতে পারে যে আপনি মোড় ঘোরার প্রস্তুতি নিচ্ছেন।
- পদক্ষেপ নেওয়ার জন্য প্রস্তুত থাকুন।

গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## ট্রাফিক-অ্যাক্টিভেটেড সেন্সর লাইট

ট্র্যাফিক-অ্যাক্টিভেটেড সেন্সর লাইট মোটরসাইক্লিস্টদের জন্য সমস্যার হতে পারে কারণ সেন্সর আপনার উপস্থিতি সনাক্ত করতে পারে না। সনাক্ত হওয়ার সর্বোত্তম সুযোগ নিশ্চিত করার জন্য, সেন্সর যেখানে অবস্থিত সেখানে থামুন। এগুলো সাধারণত রাস্তার পৃষ্ঠে দৃশ্যমান থাকে।

## স্থান ব্যবস্থাপনা

যানবাহনগুলোর মধ্যে পর্যাপ্ত "স্পেস কুশন" বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যানবাহনের মধ্যে দূরত্ব বাড়ানো আপনাকে নিম্নলিখিত বিষয়গুলো সরবরাহ করবে:

- প্রতিক্রিয়ার সময়।
- সামলে নেওয়ার জায়গা।

একজন দায়িত্বশীল রাইডার স্বীকার করে যে জায়গা সম্ভাব্য বিপদের বিরুদ্ধে সর্বোত্তম সুরক্ষা।

## লেনের পজিশন

কিছু ক্ষেত্রে মোটরসাইকেলের সাইজ আপনার সুবিধার্থে কাজ করতে পারে। প্রতিটি ট্র্যাফিক লেন মোটরসাইকেলকে যাওয়ার তিনটি পথ দেয়, যেমনটি চিত্রে দেখানো হয়েছে।

আপনার লেনের পজিশন:

- আপনার দেখার এবং দৃশ্যমান থাকার ক্ষমতা বৃদ্ধি করতে হবে।
- অন্যদের ব্লাইন্ড স্পট এড়াতে হবে।
- পৃষ্ঠ ঝুঁকি এড়াতে হবে।
- অন্যান্য ড্রাইভার থেকে আপনার লেন রক্ষা করতে হবে।
- আপনার ইচ্ছা জানান দিতে হবে।
- অন্যান্য যানবাহন থেকে বাতাসের ধাক্কা এড়াতে হবে।
- এড়িয়ে যাওয়ার পথ সরবরাহ করতে হবে।

সাধারণত, আপনাকে দেখা যাওয়ার জন্য এবং মোটরসাইকেলের চারপাশে স্পেস কুশন বজায় রাখার জন্য সেরা কোনও পজিশন নেই। আবহাওয়া ও রাস্তার পরিস্থিতি অনুকূল থাকলে, সেন্টারসহ লেনের কোনো অংশ এড়ানোর প্রয়োজন নেই।

লেনের যে অংশে আপনাকে সবচেয়ে বেশি দেখা যায় সেই পজিশনে থাকুন এবং আপনি আপনার চারপাশে স্পেস কুশন বজায় রাখতে পারেন। অন্যান্য যানবাহন থেকে আপনার দূরত্ব বাড়ানোর জন্য লেনের এক পাশ থেকে অন্য দিকে যান। ট্র্যাফিক পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে একজন দায়িত্বশীল রাইডার অবস্থান পরিবর্তন করেন। যদি যানবাহন বা অন্যান্য সম্ভাব্য বিপদ আপনার বাম দিকে থাকে তাহলে পথ ২ বা ৩-এ চালান। বিপদ যদি আপনার ডানদিকে থাকে তাহলে ১ বা ২ নম্বর পথে থাকুন। যদি যানবাহন আপনার উভয় পাশে উপস্থিত থাকে তাহলে লেনের কেন্দ্র, পথ ২, সাধারণত আপনার জন্য সেরা বিকল্প।

**সড়কের অন্যান্য ব্যবহারকারীদের আপনাকে আরো ভালভাবে দেখতে সাহায্য করার জন্য লেনের পুরো প্রস্থ ব্যবহার করুন।**

মাঝখানের অংশের তৈলাক্ত স্ট্রিপ যা গাড়ি থেকে চুইয়ে পড়া সংগ্রহ করে তা সাধারণত দুই ফুটের বেশি প্রশস্ত হয় না। রাস্তা ভেজা না থাকলে, সেন্টার স্ট্রিপে নিরাপদে চালানোর জন্য পর্যাপ্ত ট্র্যাকশন থাকে। আপনি তৈলাক্ত স্ট্রিপের বাম বা ডানে চালাতে পারেন এবং তখনো ট্র্যাফিক লেনের মাঝের অংশের মধ্যে থাকতে পারেন। তেল ও গ্রিজের বড় জমাটের উপর দিয়ে চালানো এড়িয়ে যান সাধারণত ব্যস্ত চৌরাস্তা বা টোল বুথে পাওয়া যায়

## অন্য গাড়িকে অনুসরণ করা

মোটরসাইকেল থামানোর জন্য গাড়ির মতো দূরত্ব প্রয়োজন। নতুন মোটরসাইকেল অপারেটরদের সুপারিশ করা হয় যে সামনের গাড়ির পিছনে চার সেকেন্ডের অনুসরণ দূরত্ব বজায় রাখার চেষ্টা করা। এটি আপনাকে থামার জায়গা, আচমকা পথ পরিবর্তন এবং যুক্তিসঙ্গত স্পেস কুশন রাখতে দেয়।

যদি আপনার মোটরসাইকেল থামাতে স্বাভাবিকের চেয়ে বেশি সময় লাগে, তাহলে বড় স্পেস কুশন প্রয়োজন হয়। যেমন, যদি আপনি ৪০ mph বা তার বেশি গতিতে গাড়ি চালান, যদি পথ পিচ্ছিল হয়, যদি আপনি সামনের গাড়ির মধ্য দিয়ে দেখতে না পান অথবা বেশি ট্র্যাফিক হয় এবং কেউ যদি আপনার সামনে চেপে আসে, তাহলে পাঁচ সেকেন্ড বা আরো বেশি সময়ের অনুসরণ দূরত্ব রাখুন।

আপনি থেমে থাকলেও সামনের গাড়ির পিছনে ভালভাবে রাখুন। এটি আপনার পিছনে কেউ যদি গতি না কমায় তাহলেও পথ থেকে বেরিয়ে আসা আরো সহজ করে তুলবে। এটি আপনাকে কুশনও দেবে যদি সামনের গাড়ি কোনো কারণে পিছনে আসতে শুরু করে।

আপনার অনুসরণের দূরত্ব অনুমান করতে:

- একটি বস্তু বেছে নিন, যেমন পথ চিহ্ন, সংকেত, খাম্বা বা সামনের রাস্তায় বা তার কাছাকাছি অন্যান্য স্থির বিন্দু।
- যখন সামনের গাড়ির পিছনের বাম্পার বস্তুকে অতিক্রম করে, তখন সেকেন্ড গণনা করুন: “এক-হাজার-এক, এক-হাজার-দুই, এক-হাজার-তিন, এক-হাজার-চার।”
- আপনি যদি “চার” পৌঁছানোর আগে বস্তুটিতে পৌঁছান, তাহলে আপনি খুব কাছাকাছি অনুসরণ করছেন।
- গতি হ্রাস করুন এবং তারপর নতুন করে অনুসরণের বিরতি যাচাই করতে অন্য স্থির বিন্দুতে আবার গণনা করুন। যতক্ষণ না আপনি “চার সেকেন্ডের” কাছাকাছি অনুসরণ করছেন ততক্ষণ পুনরাবৃত্তি করুন।

## অনুসরণ হওয়া

যখন কেউ খুব কাছাকাছি থেকে আপনাকে অনুসরণ করে, তখন তার থেকে দূরত্ব বৃদ্ধির জন্য গতি বাড়ান, তবে এর ফলাফলস্বরূপ কেউ আপনাকে উচ্চ গতিতে অনুসরণ করবে।

পিছে লেগে থাকা চালকদের মোকাবেলা করার ভাল উপায় হলো তাদেরকে আপনার সামনে নিয়ে আসা। যখন কেউ খুব কাছাকাছি অনুসরণ করছে, তখন লেন পরিবর্তন করুন এবং তাদের আগে যেতে দিন। আপনি যদি এটি করতে না পারেন, তাহলে গতি কমান এবং আপনার ও অনুসরণকারী উভয়ের জন্যই থামার জন্য জায়গা রাখতে আপনার সামনে অতিরিক্ত জায়গা বাড়ান। এটি তাদের আগে যেতেও উৎসাহিত করবে। যদি তারা পাস না করে, তাহলে সামনে কোনো জরুরি পরিস্থিতি সৃষ্টি হলে আপনি নিজেকে এবং অনুসরণকারীকে প্রতিক্রিয়া জানানোর জন্য আরো বেশি সময় ও জায়গা দেবেন।

## লেন শেয়ারিং

নিরাপদে চলাচলের জন্য যানবাহন ও মোটরসাইকেলের পূর্ণ লেন প্রয়োজন। অন্যান্য যানবাহনের সাথে লেন শেয়ার করবেন না। লেন শেয়ারিং আপনাকে অপ্রত্যাশিতভাবে ঝুঁকিতে ফেলতে পারে এবং আপনার স্পেস কুশন হ্রাস করে। অন্যান্য মোটরসাইকেল অনুসরণ করার সময়, যদি আবহাওয়া ও রাস্তার পরিস্থিতি অনুকূলে থাকে, তবে গাড়ি চালকদের মোটরসাইকেলের দিকে চেপে আসার চেষ্টা থেকে নিরুৎসাহিত করার জন্য, আপনাকে স্ট্যাগার্ড ফর্মেশনে চালাতে হবে এবং যাত্রার লেনের মাঝে মোটরসাইকেল পজিশন করতে হবে। থামা বা চলন্ত মোটর গাড়ির সারির মধ্যে চালাবেন না। এটি বিপদজনক হতে পারে।

লেন শেয়ারিং রোধ করুন- লেনের মাঝে স্ট্যাগার্ড



লেন শেয়ারিং রোধ করুন- ফর্মেশনে যাত্রা করুন




## যানবাহন একত্রিত করা

মনে করবেন না যে কোনো এনট্রান্স র‍্যাম্পে এক সারিতে আসা চালকরা আপনাকে দেখতে পাবে। তাদের পর্যাপ্ত জায়গা দিয়ে বিপদের সম্ভাবনা হ্রাস করুন। কোনো লেন খোলা থাকলে পরিবর্তন করুন। যদি লেন পরিবর্তনের জন্য কোনো জায়গা না থাকে, তাহলে এক সারিতে আসা ড্রাইভারের জন্য জায়গা দিতে গতি সামঞ্জস্য করুন।

এক সারিতে আসা



## আশেপাশের যানবাহন

কোনো গাড়ির ব্লাইন্ড স্পটে রাইডিং করা এড়িয়ে চলুন। দায়িত্বশীল রাইডাররা বোঝেন যে সংলগ্ন লেনে ভ্রমণকারী যানবাহন অপ্রত্যাশিতভাবে দিক পরিবর্তন করতে পারে যা আরোহীকে সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতিতে ঠেলে দেয়। আপনি যদি নিজের লেনে কোনো বিপদের মুখোমুখি হন তাহলে পাশের লেনের যানবাহনও আপনার এড়ানোর পথ বন্ধ করে দেয়। যানবাহনের মধ্যে সঠিক ও পর্যাপ্ত স্পেস কুশন প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত আপনার গতি সামঞ্জস্য করুন।

ব্লাইন্ড স্পট




## এস্কেপ রুট/ এড়িয়ে যাওয়ার পথ

এস্কেপ রুট হলো যাত্রার বিকল্প পথ, যদি আপনার পথে কোনো বিপদ সৃষ্টি হয়, তবে আপনি এটা বেছে নিতে পারেন। যাই হোক না কেন, সবসময় SEE ব্যবহার করুন এবং এস্কেপ রুটের পরিকল্পনা করুন। কুইক টিপসের নিচের চিত্রে, প্রথম বক্সে এমন রাইডারকে দেখা যাচ্ছে যার তিনটি এস্কেপ রুট খোলা রয়েছে, যদি চালককে বিকল্প পথে যেতে হয় । দ্বিতীয় বক্সে এমন রাইডারকে দেখায় যে এস্কেপ রুটের পরিকল্পনা করেনি। রাইডারটি যাত্রার বিকল্প পথ গ্রহণ করার পজিশনে নেই, যা রাইডারকে সম্ভাব্য বিপদের জন্য ঝুঁকিতে ফেলে।

# কুইক টিপস

MSF MOTORCYCLE SAFETY FOUNDATION®

## মনে করুন আপনি অদৃশ্য।

**আপনি যদি মোটরসাইকেল চালান, তবে আপনি জানেন যে রাস্তায় আপনাকে স্বচ্ছ দেখাতে পারে, কারণ গাড়ী ড্রাইভাররা প্রায়ই আপনাকে অতিক্রম করে দেখে। তারা আপনার পিছনের গাড়ি বা ট্রাক লক্ষ্য করতে পারে, কিন্তু আপনি, আপনার "ক্ষুদ্রতা", এমনকি সবচেয়ে সতর্ক ড্রাইভারদের চোখে নাও পড়তে পারে।**

**এই কারণেই মুখোমুখি গাড়ির ড্রাইভার চৌরাস্তায় আপনার সামনে বাম দিকে ঘুরে যেতে পারে।**

বাস্তবতা

...এবং ড্রাইভার যা দেখে

**এই কারণেই পাশের লেনের একজন ড্রাইভার, এমনকি যদি তারা লেন পরিবর্তন করার আগে আপনার দিকে ফেরে এবং আপনার দিকে তাকায় তবুও আপনার লেনে প্রবেশ করতে পারে।**

বাস্তবতা

...এবং ড্রাইভার যা দেখে

দুর্ভাগ্যবশত, ড্রাইভাররা তাদের সেল ফোন, GPS, স্যাটেলাইট রেডিও, বা বিভিন্ন ধরনের ইন-কার ইনফোটেনমেন্টের কারণে বিভ্রান্ত না হলেও এভাবে আচরণ করতে পারে। তো আপনি ড্রাইভারদের কাছে "অদৃশ্য" হওয়ার ফলে কিভাবে খেসারৎ দেবেন?

যতটা সম্ভব সুস্পষ্ট হোন। উজ্জ্বল পোশাক এবং হালকা রঙের হেলমেট পরুন। সবসময় আপনার হেডলাইট চালু রাখুন এবং (যেখানে অনুমোদিত সেখানে) দিনের বেলায় আপনার হাই বিম বা আফটার মার্কেট হেডলাইট মডুলেটর ব্যবহার করুন।

অনুমোদিত রাইডার প্রশিক্ষণ কোর্স করুন। সাধারণ ও জরুরি পরিস্থিতিতে কিভাবে মোটরসাইকেল চালাতে হয় তা শিখুন এবং প্রায়ই ব্রেক এবং আচমকা পথ পরিবর্তনের কৌশল অনুশীলন করুন। এছাড়াও অবগতহোন যে নিরাপদ রাইডিং সচেতনতা ও বিচারের মানসিক দক্ষতারউপর বেশি নির্ভর করে যতটা না মেশিনেরকৌশলের শারীরিক দক্ষতার উপর নির্ভর করে; জরুরি অবস্থায় তাত্ক্ষণিকভাবে প্রতিক্রিয়া জানানোরপরিবর্তে সম্ভাব্য বিপদে আগে থেকে প্রতিক্রিয়া জানান।

মনে করুন আপনি অদৃশ্য। যদি আপনি মনে করেনযে রাস্তায় অন্যরা আপনাকে দেখতে পাচ্ছে না, এবং কোনো গাড়ি আপনাকে মেরে দিতে পারে, তাহলে আপনাকে মেরে দেবে, আপনাকে অতি সচেতন মানসিকতায় যাত্রা করতে হবে এবং আপনার আশেপাশের সবকিছু বিস্তারিতভাবে লক্ষ্য করা শিখতে হবে। অন্য কথায়, আপনি আপনার নিরাপত্তার জন্য অতিরিক্ত দায়িত্ব গ্রহণ করবেন এবং প্রতিরক্ষামূলকভাবে চালাবেন। সংঘর্ষ এড়াতে পথের সেরা স্থানে নিজেকে রাখার জন্য আপনার গতি ও লেন পজিশন পরিবর্তন করবেন, যদি কোনো ড্রাইভার আপনার পথের অধিকার লঙ্ঘন করে তাহলে এস্কেপ পথ পরিকল্পনা করুন, আপনার প্রতিক্রিয়া দ্রুততর করার জন্য আপনার ব্রেক কন্ট্রোলে হাত রাখুন, হর্ন ব্যবহার করে আপনাকে লক্ষ্য করেনি এমন ড্রাইভারকে সতর্ক করুন এবং সবসময় আপনার সীমার মধ্যে যাত্রা করুন।

**গাড়ি চালকরা কেবল তারা যা দেখতে চায় তাই দেখতে পায়, এবং বেশিরভাগই আপনাকে ট্রাফিক মিক্সের অংশ হিসেবে আশা করে না। সঠিক দক্ষতা, কৌশল ও মনোভাব নিয়ে যাত্রা করুন। দেখা দিন - নিরাপদে থাকুন।**







গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

**এস্কেপ র‍্যুট মেনে চলুন**

১ বেশি ট্র্যাফিকে; বড় স্পেস কুশন বজায় রাখুন এবং দ্রুত সামাল দেওয়ার জন্য তিনটি এস্কেপ র‍্যুট খোলা রাখুন।

২ যদি মোটর সাইকেল আরোহীর সামনে থাকা হলুদ গাড়ি হঠাৎ থেমে যায়, তাহলে মোটরসাইকেল আরোহীর প্রতিক্রিয়া জানানোর এবং বিপদ এড়ানোর কোনো জায়গা নেই।

## সুস্পষ্টতা বৃদ্ধি

মোটরসাইকেল আরোহীদের সঙ্গে সংঘর্ষের ক্ষেত্রে চালকরা প্রায়ই বলেন, তারা মোটরসাইকেল দেখেননি। সামনে বা পিছনে, মোটরসাইকেলের আউটলাইন একটি গাড়ির চেয়ে অনেক ছোট। এছাড়াও, এমন কিছু দেখা কঠিন যা আপনি খুঁজছেন না, এবং বেশিরভাগ ড্রাইভার মোটরসাইকেল অনুসন্ধান করেন না। এছাড়াও সম্ভবত, তারা ক্ষুদ্র, দুই চাকার ছায়ার মধ্য দিয়ে গাড়ির সন্ধানে তাকায় যা তাদের জন্য সমস্যা সৃষ্টি করতে পারে।

এমনকি যদি কোনো ড্রাইভার আপনাকে আসতে দেখেও তবুও আপনি নিরাপদ নন। মোটরসাইকেল আরো দূরে দেখাতে পারে এবং মনে হয় তারা প্রকৃত গতির চেয়ে ধীরে ভ্রমণ করছে। ড্রাইভারদের জন্য মোটরসাইকেল চালকদের সামনে এসে থামা সাধারণ ব্যাপার, তারা মনে করে যে তাদের প্রচুর সময় আছে। প্রায়শই তাদের ভুল হয়। তবে, অন্যদের জন্য আপনাকে এবং আপনার সাইকেল সনাক্ত করা সহজ করতে আপনি অনেক কিছুই করতে পারেন।

**দৃশ্যমান থাকুন। প্রতিরক্ষামূলকভাবে চালান।**

## দৃশ্যমান থাকা আপনার দায়িত্ব!

উজ্জ্বল রং এবং রিফ্লেক্টিভ উপকরণ আপনাকে দিন ও রাতে চারদিকের % ট্র্যাফিকে দৃশ্যমান রাখার জন্য সর্বোত্তম অপশন।

## পোশাক

বেশির ভাগ দুর্ঘটনাই ঘটে দিনের আলোতে। আপনাকে দেখা যাওয়ার সম্ভাবনা বাড়ানোর জন্য উজ্জ্বল রঙের পোশাক পরুন। মনে রাখবেন, আপনার শরীর রাইডার-মোটরসাইকেল ইউনিটের দৃশ্যমান পৃষ্ঠের অর্ধেক।

রিফ্লেক্টিভ, উজ্জ্বল রঙের পোশাক সবচেয়ে ভালো। উজ্জ্বল কমলা, লাল, হলুদ বা সবুজ জ্যাকেট বা ভেস্ট দেখা যাওয়ার জন্য আপনার সবচেয়ে সেরা উপায়। উজ্জ্বল রঙের হেলমেটও অন্যদের আপনাকে দেখতে সাহায্য করতে পারে। ভেস্টের উপরের এবং হেলমেটের পাশের রিফ্লেক্টিভ উপাদান ড্রাইভারদের পাশ থেকে আগত আপনাকে স্পট করতে সাহায্য করবে। রিফ্লেক্টিভ উপাদান আপনার দিকে বা পিছন থেকে আসা ড্রাইভারদের জন্য বড় সাহায্য হতে পারে।

**সিগন্যাল**

## হেডলাইট

অন্যদের আপনার মোটরসাইকেল দেখতে সাহায্য করার সর্বোত্তম উপায় হলো হেডলাইট চালু রাখা – সবসময় (১৯৭৮ সাল থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিক্রি হওয়া নতুন মোটরসাইকেল চালানোর সময় হেডলাইট স্বয়ংক্রিয়ভাবে চালু থাকে)। গবেষণায় দেখা গেছে যে, দিনের বেলায়, মোটরসাইকেলে আলো জ্বালানো থাকলে দেখা যাওয়ার সম্ভাবনা দ্বিগুণ।

## সিগন্যাল

মোটরসাইকেলের সিগন্যাল গাড়ির মতো একই রকম। এটি অন্যদেরকে জানায় যে আপনি কী করার পরিকল্পনা করছেন। আপনি যেকোনো সময় লেন পরিবর্তন বা টার্ন করার পরিকল্পনা করলে এগুলো ব্যবহার করুন। এগুলো ব্যবহার করুন এমনকি যখন আপনি মনে করেন যে আশেপাশে অন্য কেউ নেই। একজন রাইডারের অতিরিক্ত ঝুঁকির কারণে, সিগন্যাল আরো বেশি গুরুত্বপূর্ণ।

এগুলো আপনাকে দেখতে পাওয়া আরো সহজ করে তোলে।

আপনি যখন কোনো ফ্রিওয়েতে প্রবেশ করেন, তখন পিছন থেকে আসা ড্রাইভাররা আপনার সিগন্যাল স্বলা দেখে আপনার জন্য জায়গা তৈরি করতে পারে।

আপনি একবার টার্ন নিলে, নিশ্চিত করুন যে আপনার সিগন্যাল বন্ধ রয়েছে অথবা কোনো ড্রাইভার সরাসরি আপনার পথে চলে আসতে পারে, এই ভেবে যে আপনি আবার মোড় নেওয়ার পরিকল্পনা করছেন।

## ব্রেক লাইট

আপনার মোটরসাইকেলের ব্রেক লাইট সাধারণত গাড়ির ব্রেক লাইটের মতো লক্ষণীয় হয় না – বিশেষ করে যখন আপনার ব্যাকলাইট চালু থাকে। (ব্যাকলাইট হেডলাইটের সাথে স্বলে।) যদি পরিস্থিতি অনুকূল হয় তাহলে আপনি ধীর হওয়ার আগে আপনার ব্রেক লাইট ফ্ল্যাশ করে অন্যদের আপনাকে লক্ষ্য করতে সাহায্য করুন। নিম্নলিখিত ঘটনার পূর্বে আপনার ব্রেক লাইট স্বালানো অতীব গুরুত্বপূর্ণ:

- উচ্চ-গতির মহাসড়কে মোড় নিতে, অন্যরা যা প্রত্যাশা করে তার চেয়ে আপনার গতি বেশি তাড়াতাড়ি ধীর করুন।
- যেখানে অন্যরা আশা করে না, যেমন, ব্লকের মাঝখানে বা গলিতে আপনি গতি কমিয়ে দেন।

যদি আপনাকে কাছাকাছি অনুসরণ করা হয়, তাহলে আপনার গতি হ্রাস করার আগে আপনার ব্রেক লাইট ফ্ল্যাশ করা ভালো বুদ্ধি। অনুসরণকারী হয়তো আপনাকে দেখছে এবং সামনে আপনাকে ধীর করতে পারে এমন কিছু দেখতে পাচ্ছে না। এটি আশা করা যায় যে তারা পিছনে লেগে থাকা থেকে নিরুৎসাহিত হবে এবং তাদের সামনের বিপদ সম্পর্কে সতর্ক হবে যা তারা দেখতে পায় না।

## হর্ন

দ্রুত কারো দৃষ্টি আকর্ষণ করতে আপনার হর্ন ব্যবহার করার জন্য প্রস্তুত থাকুন। মনে রাখবেন যে মোটরসাইকেলের হর্ন গাড়ীর মতো জোরালো নয়। সুতরাং, এটি ব্যবহার করুন, তবে এর উপর নির্ভর করবেন না। হর্নের সাথে অন্যান্য কৌশল উপযুক্ত হতে পারে।

# গতি ব্যবস্থাপনা

## বিপজ্জনক পৃষ্ঠ মোকাবেলা

- পিচ্ছিল পৃষ্ঠ।
- রেল লাইন।
- গ্রুভ ও গ্রেটিং।
- পাতা।
- টার স্নেক।

## পিচ্ছিল পৃষ্ঠ

পিচ্ছিল পৃষ্ঠে, আপনাকে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে। ভালো ট্র্যাকশনের পৃষ্ঠে চালানোর সময় মোটরসাইকেল বেশি ভালোভাবে পরিচালনা করা যায়। পিচ্ছিল পৃষ্ঠে ভারসাম্য বজায় রাখা এবং সাইকেলের নিয়ন্ত্রণ বজায় রাখা কঠিন।

আপনার ঝুঁকি কমাতে আপনি কিছু প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন:

- **গতি হ্রাস** – আপনার স্কিডিংয়ের সম্ভাবনা হ্রাস করতে এবং আপনার অনুসরণ দূরত্ব বাড়ানোর জন্য পিচ্ছিল পৃষ্ঠে পৌঁছানোর আগে গতি কমান। আপনার মোটরসাইকেল থামানোর জন্য আরো বেশি দূরত্ব প্রয়োজন। এবং, ভেজা বাঁকে প্রবেশ করার আগে গতি হ্রাস করা অতীব গুরুত্বপূর্ণ।
- **আকস্মিক পদক্ষেপ এড়িয়ে চলুন** – গতি বা দিকের কোনো আকস্মিক পরিবর্তনের ফলে স্কিড হতে পারে। আপনি যখন গতি বাড়ান, গিয়ার শিফট করেন, টার্ন বা ব্রেক করেন, তখন যতটা সম্ভব স্মুথভাবে করুন।
- **উভয় ব্রেক ব্যবহার করুন** – সামনের ব্রেকও কার্যকর থাকে, এমনকি পিচ্ছিল পৃষ্ঠেও। সামনের চাকা লক করা এড়াতে ব্রেক লিভার ধীরে ধীরে চাপুন। মনে রাখবেন, পিছনের ব্রেকের উপর মৃদু চাপ দিতে হবে।

কম ট্র্যাকশন সরবরাহ করে এমন পৃষ্ঠের মধ্যে রয়েছে:

- **ভেজা পৃষ্ঠ**– বিশেষ করে বৃষ্টি শুরু হওয়ার ঠিক পরে এবং পৃষ্ঠের তেল রাস্তার পাশ ধুয়ে যাওয়ার আগে। বৃষ্টি শুরু হলে, গাড়ির টায়ার ট্র্যাকে যাত্রা করুন এবং জমে থাকা পানি এবং হাইওয়ে রাট এড়িয়ে চলুন। প্রায়ই, বাম টায়ারের দাগ ট্র্যাফিক ও অন্যান্য রাস্তার

অবস্থারউপর নির্ভর করে সর্বোত্তম অবস্থান হবে।

- **বরফ বা বরফে ঢাকা পৃষ্ঠতল** – অন্যগুলোর তুলনায় রাস্তার কিছু অংশে তুষার দ্রুত গলে যায়। বরফের স্তূপ নিম্ন বা ছায়াময় অঞ্চলে এবং সেতু ও ওভারপাসে থাকতে পারে। বরফ এবং বরফ আচ্ছাদিত পৃষ্ঠ এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়।
- **চকচকে পৃষ্ঠতল** – মেটাল কভার, ইস্পাত প্লেট, ব্রিজ গ্রেটিং, রেল লাইন, লেনের চিহ্ন, পাতা এবং কাঠ ভেজা থাকলে খুব ভয়ানক হতে পারে।
- **কাদা ও নুড়ি** – মহাসড়কের দিকে এবং থেকে যাওয়া কার্ভ ও র‍্যাম্পে, রাস্তার পাশ থেকে কাদা ও নুড়ি আসতে পারে। এমন লেন পজিশন বেছে নিন যা আঘাতের ঝুঁকি হ্রাস করে।
- **তেলের দাগ** – আপনি যখন আপনার পা থামাতে বা পার্ক করার জন্য নিচে রাখেন তখন এগুলো লক্ষ্য করুন। আপনি পিছলে পড়ে যেতে পারেন। থামার সময় আপনার ভারসাম্য বজায় রাখার জন্য যথাযথভাবে পা দিয়ে মোটরসাইকেল সুরক্ষিত করা গুরুত্বপূর্ণ।

## রেল লাইন, ট্রলি ট্র্যাক, এবং রাস্তার জোড়া

সাধারণত ট্র্যাক অতিক্রম করার জন্য আপনার লেনের মধ্যে সরাসরি যাত্রা করা নিরাপদ। ৯০-ডিগ্রি কোণে বা সমান্তরাল পথে ট্র্যাক অতিক্রম করা আরো বিপজ্জনক হতে পারে – আপনার পথ আপনাকে ট্র্যাফিকের অন্য লেনে নিয়ে যেতে পারে।



আপনার ভ্রমণ পথের সমান্তরালে চলা ট্র্যাক এবং রাস্তার জোড়ার জন্য, কমপক্ষে ৪৫ ডিগ্রি কোণে অতিক্রম করার জন্য ট্র্যাক, রুট, বা রাস্তার জোড়া থেকে যথেষ্ট দূরে সরে যান। এরপর, দ্রুত টার্ন নিন। প্রান্ত ঘেঁষে যাওয়া আপনার টায়ার আটকাতে পারে এবং আপনাকে ভারসাম্য নষ্ট করতে পারে।

## প্রতিবন্ধকতাসমূহ

ভালো অনুসন্ধানের দক্ষতা আপনাকে গর্ত, গতিরোধক এবং স্থির বস্তু এড়াতে সাহায্য করে। যদি কিছু এড়ানো না যায়, তাহলে গতি সামঞ্জস্য করুন এবং বাইকের প্রতিক্রিয়া শোষণে সাহায্য করার জন্য আপনার পা ব্যবহার করে সিট থেকে উঠে দাঁড়ান।

## গ্রুভ ও গ্রেটিং

রেইন গ্রুভ বা ব্রিজ গ্রেটিংয়ের উপর দিয়ে চালালে আপনার মোটরসাইকেলে ঝাঁকি লাগতে পারে। স্থির গতি বজায় রাখুন এবং সোজা যাত্রা করুন। কোণ থেকে অতিক্রম করা রাইডারদের লেনে থাকার জন্য আঁকাবাঁকা যেতে বাধ্য করে।

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. আপনার সাথে অন্য যানবাহনের সংঘর্ষ হওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে:**

A. এক্সপ্রেসওয়েতে।
B. চৌরাস্তায়।
C. দলবেঁধে বাইক চালানোর সময়।

**2. সাধারণত টেইলগেট নিয়ন্ত্রণ করার সবচেয়ে ভালো উপায় হলো:**

A. লেন পরিবর্তন করা বা আরো জায়গা পাওয়ার জন্য গতি কমানো।
B. আপনি এবং টেইলগেটারের মধ্যে দূরত্ব রাখতে গতি বাড়ানো।
C. তাদের গুরুত্ব না দেওয়া।

**3. বৃষ্টি শুরু হলে যা করলে সবচেয়ে ভালো হয়:**

A. লেনের মাঝখানে বাইক চালানো।
B. লেনের ডানদিকে বাইক চালানো।
C. গাড়ির টায়ার ট্রেকে বাইক চালানো।

**4. অন্যদের আপনার মোটরসাইকেল দেখতে পেতে সাহায্য করার সবচেয়ে ভালো উপায় হলো:**

A. হেডলাইট জ্বালিয়ে রাখা।
B. দৃষ্টি বিনিময় করা।
C. আপনার হর্ন বাজানো।

1. B – পৃষ্ঠা ৩৪, চৌরাস্তা
2. A – পৃষ্ঠা ৩৯-৪০, অনুসরিত হওয়া
3. C – পৃষ্ঠা ৪৩, পিচ্ছিল পৃষ্ঠ
4. A – পৃষ্ঠা ৪২, সুস্পষ্টতা বৃদ্ধি

অধ্যায় সাত

# সড়ক ব্যবস্থাপনা

**এই অধ্যায়ে রয়েছে**

- সংঘর্ষ এড়িয়ে যাওয়া
- কর্নার করা

সড়কে, পরিস্থিতি প্রতিনিয়ত বদলায়। একজন

দায়িত্বশীল রাইডার হিসেবে, আপনি জানেন মোটরসাইকেলের পূর্ণ নিয়ন্ত্রণ ধরে রাখা কতটা গুরুত্বপূর্ণ। একজন দায়িত্বশীল রাইডার জানেন যে ভালো সড়ক ব্যবস্থাপনা SEE —সার্চ, ইভালুয়েট এবং এক্সিকিউট-এর জ্ঞান ও অনুশীলনের মধ্য দিয়ে শুরু হয়।
SM – SEE হলো MSF-এর একটি সার্ভিস মার্ক।

অনুমতি নিয়ে ব্যবহৃত।

## সংঘর্ষ এড়িয়ে যাওয়া

আপনি যতই সতর্ক হোন না কেন, এমন সময় আসবেই যখন আপনি নিজেকে কঠিন পরিস্থিতিতে খুঁজে পাবেন। আপনার সংঘর্ষ এবং সম্ভাব্য আঘাত এড়িয়ে যাওয়ার সুযোগ আপনার সক্ষমতা এবং দ্রুত ও যথাযথভাবে সাড়া দেওয়ার উপর নির্ভর করে। দুইটি অতি গুরুত্বপূর্ণ সংঘর্ষ প্রতিরোধক সম্পর্কে আপনাকে অবশ্যই জানতে হবে সেগুলো হলো দ্রুত থামা এবং আচমকা পথ পরিবর্তন বা দিক পরিবর্তন করা।

## দ্রুত থামা

মোটরসাইকেল দ্রুত ও নিরাপদে থামানো হলো এমন একটি দক্ষতা যার জন্য অনেক অনুশীলন প্রয়োজন।

একই সময়ে সামনের ও পেছনের চাকার কোনোটাই লক না করে, ফ্রন্ট ব্রেক ও রিয়ার ব্রেক দুইটিতেই নিয়ন্ত্রিত চাপ দেওয়ার মাধ্যমে এই কাজটি ভালোভাবে করা যায়।

এটি করার জন্য:

- একই সময়ে সামনের ব্রেক লিভার এবং পেছনের ব্রেক প্যাডেলে চাপ দিন। সামনের ব্রেক লিভার এবং পেছনের ব্রেক লিভারে হঠাৎ একসাথে বেশি চাপ দিবেন না। ওজন সামনের টায়ারের দিকে স্থানান্তর হয় বলে সামনের ব্রেক লিভারের চাপ ধীরে ধীরে বাড়ান।
- আপনার হাঁটু ট্যাংকের বিপরীতে রাখুন এবং চোখ সামনে রাখুন, সামনের দিকে ভালো করে তাকান। ভালোভাবে বাইক চালানোর ভঙ্গি আপনাকে একটি সরল লাইনে মোটরসাইকেল থামাতে সাহায্য করবে।
- যদি সামনের চাকা লক হয়ে যায়, তাহলে টায়ার ঘোরানোর জন্য সামনের ব্রেক লিভারের প্রেশার ছেড়ে দিন, এর সাথে সাথেই নিয়ন্ত্রিত পদ্ধতিতে ধীরে ধীরে চাপ দিন।
- যদি পেছনের চাকা আটকে যায়, তাহলে আপনি পুরোপুরি না থামা পর্যন্ত এটি লক রাখুন। পেছনের ব্রেক প্যাডেলের প্রেশার বজায় রাখুন এবং আপনার হাঁটু ট্যাংকের বিপরীতে রাখুন এবং আপনার চোখ খোলা ও মাথা সোজা রাখুন। পেছনের চাকা লক রাখলে আপনি এখনো আপনার মোটরসাইকেল নিয়ন্ত্রিত উপায়ে থামাতে পারবেন।

## বাঁকের দ্রুত থামা

যদি আপনার বাঁকের মধ্যে বাইক চালানোর সময় বা মোড় নেওয়ার সময় দ্রুত থামতে হয়, সেক্ষেত্রে মোটরসাইকেল সোজা করুন, হ্যান্ডেলবার সোজা করুন এবং থামুন। এমন পরিস্থিতি হতে পারে যা প্রথমে সোজা থাকতে দেয় না, যেমন বাম-হাতের বাঁকে রাস্তা বন্ধ অথবা ডান দিকের বাঁকে আগত ট্র্যাফিক মোকাবেলা। এরূপ পরিস্থিতিতে, ধীরে ধীরে ব্রেক করুন। বাইকের গতি ধীর করলে, মোটরসাইকেল সোজা না হওয়া এবং সর্বোচ্চ ব্রেক প্রেশার সম্ভব না হওয়া পর্যন্ত আপনি আপনার কাঁত হওয়ার কোণ হ্রাস করতে পারবেন এবং আরো ব্রেক প্রেশার দিতে পারবেন। স্টপিংয়ে পৌঁছানোর কয়েক কদম আগেই আপনাকে হ্যান্ডেলবার “সোজা” করতে হবে এবং তারপর মোটরসাইকেল সোজা করবেন।

## অ্যান্টি-লক ব্রেকিং সিস্টেম (ABS)

কিছু মোটরসাইকেলে লক হয়ে যাওয়া প্রতিরোধ করতে এই প্রযুক্তি ব্যবহার করা হয়। যদি আপনার মোটরসাইকেলে অ্যান্টি-লক ব্রেক থাকে, তাহলে আপনার পক্ষে যতো দ্রুত সম্ভব দৃঢ়ভাবে সামনের ও পেছনের ব্রেক দুইটিতে সর্বোচ্চ চাপ দিন। আপনি ব্রেকের সময় একটি স্পন্দন অনুভব করতে পারেন, আপনি পুরোপুরি না থামা পর্যন্ত ব্রেক প্রেশার ধরে রাখুন।

## স্কিড নিয়ন্ত্রণ

মাঝে মাঝে স্কিড এড়ানো সম্ভব হয় না। এক্ষেত্রে কী করবেন:

- **সামনের-চাকা স্কিড করলে** - সামনের চাকা স্কিড করলে, অবিলম্বে এবং সম্পূর্ণভাবে ছেড়ে দিন। আবারো সুষ্ঠুভাবে ব্রেক করুন। সামনের চাকা স্কিড করার ফলে স্টিয়ারিংয়ের নিয়ন্ত্রণ ও ভারসাম্য সাথে সাথে চলে যায়। ব্রেক লিভার পুরোপুরি ছেড়ে দিতে ব্যর্থ হলে তাৎক্ষণিকভাবে সংঘর্ষ ঘটবে।

- **পেছনের চাকা স্কিড করলে** - পেছনের চাকা স্কিড করলে পরিস্থিতি মারাত্মক রূপ নেয়, পেছনের ব্রেকের প্রচণ্ড চাপের ফলে এটি ঘটে, যার ফলে ভয়ানক সংঘর্ষ এবং গুরুতর আঘাত ও মৃত্যু হতে পারে। পেছনের চাকা স্কিড করলে, আপনি পুরোপুরি না থামা পর্যন্ত পেছনের ব্রেক চাপতে থাকুন এবং সামনের টায়ারের মুখ সোজা সামনের দিকে রাখুন। পেছনের ব্রেক ছাড়বেন না।

## পাশ কাটিয়ে যাওয়া

সংঘর্ষ এড়ানোর জন্য থেমে যাওয়ায় যদি কোনো সমাধান না হয়, সেক্ষেত্রে আচমকা পথ পরিবর্তন করাই উত্তম। আচমকা পথ পরিবর্তন বলতে দিক পরিবর্তনকে বোঝায়। নিশ্চিত হোন যে দিক পরিবর্তনের জন্য আপনার হাতে যথেষ্ট সময় ও জায়গা আছে। এটি হতে পারে দুইবার দ্রুত মোড় নেওয়া বা দ্রুত পাশ বদল করা। পথ বা দিক পরিবর্তনের জন্য:

- আপনি যে পাশে মোড় নিতে চান সে পাশে থাকা হ্যান্ডগ্রিপে জোরে চাপ দিন। এর ফলে মোটরসাইকেল দ্রুত কাঁত হবে। মোড় নেওয়া যত তীব্র হবে, মোটরসাইকেল ততো বেশি কাঁত হবে।
- বাধা অতিক্রম করার পর আপনার যাত্রাপথের প্রকৃত দিকে ফিরে যাওয়ার জন্য বিপরীত হ্যান্ডগ্রিপটি চাপুন।
- আপনার শরীর সোজা রাখুন এবং মোটরসাইকেলকে মোড় নেওয়ার দিকে কাঁত হতে দিন অন্যদিকে আপনার হাঁটু ট্যাংকের বিপরীতে রাখুন এবং পা পা-দানিতে শক্ত করে চেপে রাখুন।

ব্রেক করার প্রয়োজন হলে, দিক পরিবর্তনের পর করুন। আগে বা পরে ব্রেক করুন –কখনোই দিক পরিবর্তনের সময় ব্রেক করবেন না।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## বাঁকের মধ্যে কর্নার করা

সংঘর্ষের সাথে জড়িত অনেক রাইডার খুবই দ্রুত বাঁকে প্রবেশ করে এবং বাঁক সম্পন্ন করতে ব্যর্থ হয়। সব বাঁক ভিন্ন হলেও, কর্নার করার প্রাথমিক প্রক্রিয়া হলো – গতি ধীর করুন, দেখুন, চাপুন, রোল করুন – যা সব বাঁকের ক্ষেত্রে প্রযোজ্য।




বাঁকের মধ্যে আপনার উপযুক্ত রাস্তা কোনটি তা ট্রাফিক, রাস্তার অবস্থা এবং রাস্তার বাঁকের উপর নির্ভর করে। ট্রাফিক বিদ্যমান থাকলে:

- বাঁকে প্রবেশ করার আগে আপনার লেনের মাঝখানে চলে যান – এবং বের না হওয়া পর্যন্ত সেখানেই থাকুন। এতে করে আপনি মাঝখানে থাকা ট্রাফিকের "ভীড়" বা আপনার লেনের মধ্যে থাকা কোনো বস্তুর ব্যাপারে সতর্ক হবার জন্য আগে থেকেই সামনে থাকা ট্রাফিকের অবস্থা দেখে নেওয়ার সুযোগ পাবেন।



কোনো ট্রাফিক না থাকলে:

- আপনার দৃষ্টির সীমা বাড়ানোর জন্য বাঁকের বাইরে থেকে বাইক চালান।
- আপনি মোড় নেওয়ার পর পরই, বাঁকের মধ্যে সরে আসবেন এবং সেন্টার অতিক্রম করার পর বাঁকের বাইরে সরে আসবেন এবং বেরিয়ে যাবেন। এটি বাঁকের মধ্যেই একটি সরল রেখা তৈরি করবে।



বাঁক স্থির আছে কিনা, ধীরে ধীরে প্রশস্ত হচ্ছে কিনা, আচমকা বাঁক নিচ্ছে কিনা এবং একটি বাঁকের মধ্যে একাধিক বাঁক আছে কিনা সে ব্যাপারে সজাগ থাকুন। আপনার দক্ষতার সীমা এবং প্রদত্ত সীমার মধ্যে থেকে বাইক চালান যাতায়াতের জন্য এমন একটি পথ বেছে নিন যা ট্রাফিকের অবস্থা অনুযায়ী বাঁকের মধ্যে যতটা সম্ভব দীর্ঘ লাইন তৈরি করে।

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. বাইক থামার সবচেয়ে ভালো উপায় হলো:**

A. শুধু সামনের ব্রেক ব্যবহার করা।.
B. প্রথমে পিছনের ব্রেক ব্যবহার করা।
C. একই সময়ে দুইটি ব্রেকই ব্যবহার করা।

**2. ট্রাফিক থাকাবস্থায় বাঁকে প্রবেশ করার সময় আপনার মোটরসাইকেলের অবস্থান কোথায় হবে?**

A. বাঁকের বাইরে।
B. বাঁকের ভিতরে।
C. বাঁকের সেন্টার বা মাঝখানে।

1. C – পৃষ্ঠা ৪৬, দ্রুত থামা
2. C – পৃষ্ঠা ৪৭-৪৮, বাঁকের মধ্যে কর্নার করা

অধ্যায় আট

# বিশেষ রাইডিং পরিস্থিতি

নিচের অধ্যায়টি বাইক চালানোর সময় আপনি যেসব বিশেষ রাইডিং পরিস্থিতির মুখোমুখি হতে পারেন সেগুলো সম্পর্কে কিছু অতিরিক্ত তথ্য দেয়।

**এই অধ্যায়ে রয়েছে**


- ক্রাউন্ড রোড
- নির্মাণাধীন সড়ক
- টায়ার নষ্ট হওয়া
- প্রাণী
- বাতাস


## ক্রাউন্ড রোড

যে সড়ক পৃষ্ঠের মাঝখানের অংশ দুই পাশের তুলনায় উঁচু সেটিকে ক্রাউন্ড রোড বলা হয়। ক্রাউন্ড রোডে যাতায়াতের সময় সতর্ক থাকুন এবং ধীর গতিতে চলুন কেননা এমন রাস্তায় পৃষ্ঠ থেকে দূরত্ব হ্রাস পায় এবং কাঁত হবার কোণ সমতল রাস্তার তুলনায় কমে যায়।

## নির্মাণাধীন সড়ক

নির্মাণাধীন সড়ক সব ড্রাইভারের কাছেই ঝুঁকিপূর্ণ, কিন্তু মোটরসাইকেল চালকদের জন্য এটি আরো বেশি ঝুকিপূর্ণ। চার-চাকায় স্থিতিশীলতা অভাব থাকায়, এক্ষেত্রে মোটরসাইকেল চালককে অবশ্যই গতি কমাতে হয় এবং সম্ভাব্য বিপদের ব্যাপারে বিশেষভাবে সতর্ক থাকতে হয়।

নিচে নির্মাণাধীন সড়কে বিপদের ধরন এবং এগুলোর সম্মুখীন হলে কী করবেন তা আলোচনা করা হলো:

- **পেভমেন্টে বালি বা নুড়ি থাকলে** – গতি কমান, হুট করে মোড় নিবেন না, সোজা লাইনে থেকে হালকা ব্রেক নিন। যদি আপনি দীর্ঘ পথ পর্যন্ত বালি বা নুড়ি পান, তাহলে ডাউনশিফট করুন এবং আপনার গতি ধীর করুন।
- **খাঁজ বা ফাটলযুক্ত পেভমেন্ট হলে** – আপনার মাথা ও চোখ সোজা রাখুন। ধীরে যান, হ্যান্ডেলবারের উপর জোর খাটাবেন না। থ্রোটল স্থির রাখুন।
- **তেল বা টাটকা আলকাতরা** – সম্ভব হলে এড়িয়ে যান। ধীর গতিতে চলুন এবং হঠাৎ সরে যাবেন না।
- **উঁচুনিচু ও অসমান অস্থায়ী পেভমেন্ট হলে** – পেভমেন্ট ভালো করে পর্যবেক্ষণ করে সবচেয়ে মসৃণ লাইন বেছে নিন। ধীরে ধীরে এবং সাবধানতার সাথে পার হোন। যে লেনগুলো সংস্কার করা হয়েছে এবং যে লেনগুলো সংস্কার হওয়ার অপেক্ষায় আছে সেগুলোর উচ্চতার পার্থক্যের ব্যাপারে সচেতন থাকুন – অপেক্ষাকৃত উঁচু লেন বেশি গতিতে এবং সরু গতিতে পার হতে গেলে, আপনি বাইকের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলতে পারেন।
- **রাস্তায় থাকা বস্তু** – সামনের দিকে লক্ষ্য রাখুন। সম্ভব হলে বস্তুর পাশ দিয়ে যান। দক্ষতার সাথে বাইক চালানোর জায়গা পেতে আপনার অনুসরণ দূরত্ব বাড়ান।

## টায়ার নষ্ট হওয়া

আপনি কখনো কখনো টায়ার পাংচার হওয়ার শব্দ পেতে পারেন। যদি মোটরসাইকেল ভিন্নভাবে কাজ করতে শুরু করে, তার মানে সম্ভবত এর টায়ার নষ্ট হয়ে গেছে। এটি মারাত্মক হতে পারে। আপনাকে অবশ্যই মোটরসাইকেল কিভাবে সাড়া দিচ্ছে তা বুঝতে সক্ষম হতে হবে। আপনার যদি একটি টায়ারের বাতাস হঠাৎ চলে যায়, তাহলে আপনার ভারসাম্য ধরে রাখতে দ্রুত ব্যবস্থা নিন। রাস্তার একপাশে গিয়ে বাইক থামান এবং টায়ার চেক করুন।

যদি সামনের টায়ার পাংচার হয়ে যায়, তাহলে স্টিয়ারিং "ভারী" মনে হবে। সামনের চাকা পাংচার হয়ে যাওয়া বিশেষভাবে বিপজ্জনক কেননা এটি আপনার স্টিয়ারিংয়ে প্রভাব ফেলে। ভারসাম্য ধরে রাখার জন্য আপনাকে ভালো করে স্টিয়ার করতে হবে।

পেছনের চাকা বসে গেলে, মোটরসাইকেলের পেছন দিক ঝাঁকুনি দিতে পারে বা এপাশ থেকে ওপাশে দুলতে পারে।

যদি বাইক চালানোর সময় দুইটি টায়ারই পাংচার হয়ে যায় তাহলে:

- হ্যান্ডগ্রিপ শক্ত করে ধরুন, থ্রোটল ছেড়ে দিন এবং সোজা থাকুন।

- ব্রেক করার প্রয়োজন হলে, যে টায়ারটি পাংচার হয়ে যায় নি, সেই টায়ারে ধীরে ধীরে ব্রেক করুন, তবে কোন টায়ারটি পাংচার হয়নি সে ব্যাপারে নিশ্চিত থাকতে হবে।
- মোটরসাইকেলের গতি ধীর হয়ে গেলে, রাস্তার এক প্রান্তে এসে, ক্লাচ চেপে বাইক থামান।

## প্রাণী

অনেকসময় কুকুর মোটরসাইকেলকে তাড়া করে। কোনো কুকুরকে কাছে আসতে দেখলে, কুকুরটি আপনার মোটরসাইকেলের কাছে না আসা পর্যন্ত বাইকের গতি কম রাখুন এবং ডাউনশিফট রাখুন, কুকুর মোটরসাইকেলের কাছাকাছি চলে আসার পর অ্যাক্সিলারেট করুন। আপনার মোটরসাইকেলের নিয়ন্ত্রণ ধরে রাখুন এবং যে পথে যেতে চাচ্ছেন সেদিকে লক্ষ্য রাখুন। কুকুরকে লাথি দিতে যাবেন না কারণ এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ রাখা কঠিন হয়ে যাবে।




কুকুরের ছবি Majivecka©123RF.com-এর সৌজন্যে

কুকুর তাড়া করলে:
1. গতি কমান,
2. ডাউনশিফট করুন এবং
3. কুকুরের নাগালের বাইরে গিয়ে অ্যাক্সিলারেট করুন।

### মোটরসাইকেল ও হরিণ

মোটরযান-হরিণের সংঘর্ষ বছরের যেকোনো সময় ঘটতে পারে। কেননা এধরনের সংঘর্ষের ক্ষেত্রে মোটরসাইকেলই বিশেষভাবে ঝুঁকিপূর্ণ, রাইডারদের পরামর্শ দেওয়া হচ্ছে যে:

- যখনই বাইক চালান না কেন, হরিণের ব্যাপারে সতর্ক থাকুন। হরিণের সাথে সংঘর্ষ শহর, উপশহর এবং প্রত্যন্ত অঞ্চলে ঘটতে পারে।
- গতি কমান। গতি কমালে আপনি কোনো প্রাণীকে সনাক্ত করে সাড়া দেওয়ার জন্য বেশি সময় পাবেন।
- সাড়া দেওয়ার সময় কমাতে ব্রেক কভার করুন।
- উজ্জ্বল আলোর হেডলাইট এবং সম্ভব হলে অন্যান্য ড্রাইভিং লাইট ব্যবহার করুন।
- গ্রুপে বাইক চালানোর সময়, বাইকারদের স্ট্যাগার্ড ফর্মেশনে ছড়িয়ে দিন। একজন রাইডার কোনো হরিণকে আঘাত না করলে, অন্য রাইডাররাও একই কাজ করার সম্ভাবনা কমে যায়।
- সবসময় সুরক্ষা গিয়ার পরুন।

হরিণ বা এলকের মতো বড় প্রাণীরা বিভিন্ন সমস্যা তৈরি করে। এই প্রাণীরা কী করবে তা বোঝা মুশকিল এবং এদের একজনকে আঘাত করা আরেকটি গাড়িকে ধাক্কা দেওয়ার মতোই ক্ষতিকর। বড় প্রাণীরা থাকতে পারে এমন এলাকায় অতিরিক্ত সময় ও জায়গা পাওয়ার জন্য আরো কঠোর SEE কৌশল ব্যবহার করুন। যদি এরকম কোনো প্রাণী সামনে আসে বা রাস্তার পাশে দেখা দেয়, সেক্ষেত্রে সবচেয়ে নির্ভরযোগ্য সমাধান হলো এটি কাছে আসার আগেই থেমে যাওয়া। এরপর প্রাণীটা চলে না যাওয়া পর্যন্ত অপেক্ষা করুন বা হাঁটার গতিতে প্রাণীর পাশ দিয়ে চলে যান।

## বাতাস

প্রচণ্ড, ঝড়ো বাতাস আপনার ও আপনার মোটরসাইকেলের উপর প্রভাব ফেলতে পারে। এই প্রভাবগুলো যেকোনো স্থানেই ঘটতে পারে এবং বিশেষ করে খোলা জায়গা বা পাহাড়ি ভূখণ্ডেই এমনটা বেশি ঘটে থাকে।

আপনি সড়কে ট্রাক, বাস ও বিনোদনমূলক মোটরযানের সাথে বাইক চালানোর সময় প্রচণ্ড বাতাস বইতে পারে।

দমকা বাতাস বা প্রচণ্ড বাতাসের সময় প্রতিক্রিয়া জানাতে:

- হ্যান্ডগ্রিপে ফরওয়ার্ডে চাপ দিয়ে বাতাসের মধ্যে ঝুঁকে পড়ুন।
- আপনার কাছাকাছি থাকা বা আপনি পাস করার সময় কাছে থাকা অন্যান্য মোটরযান থেকে সরে যান।
- আপনার চারপাশে স্পেস কুশনের পরিমাণ বাড়ান।
- বাতাস খুবই ভয়ংকর হয়ে উঠলে অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত বাইক পার্ক করে রাখতে নিরাপদ জায়গা খুঁজুন।

## কার্বে পার্ক করা

কার্বের পাশে কোনো সমান্তরাল পার্কিং স্পেসে বাইক পার্ক করলে, বাইকের পেছনের চাকা কার্বের সাথে কোণ করে রেখে বাইক দাঁড় করান, (দ্রষ্টব্য: কিছু শহরে অধ্যাদেশ রয়েছে যে মোটরসাইকেল কার্বের সাথে সমান্তরাল করে পার্ক করা আবশ্যক।)

গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## পাস করা এবং নিজেকে পাস হতে দেওয়া

অন্য মোটরযানকে বাইক পাস করা বা অন্য মোটরযান বাইককে পাস করা গাড়ির চেয়ে কঠিন। সেই সাথে, দৃশ্যমানতাও বেশ গুরুত্বপূর্ণ। অন্য ড্রাইভাররা যাতে আপনাকে দেখতে পায়, এবং আপনি যাতে সম্ভাব্য বিপদ দেখতে পান সে ব্যাপারে নিশ্চিত থাকুন।

## পাস করা

আপনার দৃষ্টির সীমা বৃদ্ধি করতে এবং আপনাকে আরো দৃশ্যমান করতে একটি নিরাপদ অনুসরণ দূরত্ব বজায় রেখে লেনের বাম অংশে বাইক চালান। সিগন্যাল এবং আসন্ন ট্রাফিকের অবস্থা যাচাই করা। আপনার মিরর দেখে এবং মাথা ঘুরিয়ে পেছনের ট্রাফিকের অবস্থা দেখে নিন।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

**এই কাজটি নিরাপদে করার পর,** বাম দিকের লেনের মধ্যে সরে আসুন এবং অ্যাক্সিলারেট করুন। আপনার লেনে ঝামেলা এড়ানোর জন্য এমন একটি লেন পজিশন বেছে নিন যেখানে আপনি যে গাড়িটি পাস করছেন সেটি এসে ভীড় করবে না।

যতোটা সম্ভব নিরাপদে ও দ্রুত ব্লাইন্ড স্পটের মধ্যে বাইক চালান ।

**আবার সিগন্যাল দিন,** এবং আপনার আসল লেনে ফিরে যাবার আগে মিররে এবং মাথা ঘুরিয়ে দেখে নিশ্চিত হোন এরপর সিগন্যাল বাতিল করুন।

## অন্য যান আপনাকে পাস করলে

আপনাকে অন্য মোটরযান পাস করে গেলে, আপনার লেনের মাঝখানের অংশে চালান। পাস করে যাওয়া মোটরযানের কাছ ঘেঁসে বাইক চালালে আপনি চরম বিপদে পড়তে পারেন। পাস করে যাওয়া মোটরযান থেকে অনেক দূরের লেনের দিকে সরে যাবেন না। এতে করে অন্য ড্রাইভাররা সহজেই আপনার লেনে চলে আসবে।

গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## হাতের সংকেত

চিত্রে যেভাবে দেখানো হয়েছে, সেভাবে আপনাকে হাতের সংকেতের সাথেও পরিচিত হতে হবে, এবং মোটরসাইকেলের টার্ন সিগন্যাল সঠিকভাবে কাজ না করলে সেগুলো ব্যবহার করতে হবে।

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. নির্মাণাধীণ সড়কের খাঁজকাটা বা ফাটল যুক্ত পেভমেন্টে বাইক চালানোর সময়:**

A. সড়ক পৃষ্ঠের পরিবর্তন দেখতে নিচের দিকে তাকান।

B. আপনার চোখ ও মাথা উপরের দিকে রাখুন।

C. লেনের বাম পাশে থাকুন।

**2. আপনাকে কুকুর তাড়া করলে:**

A. প্রাণী টি দমে না যাওয়া পর্যন্ত অপেক্ষা করুন।

B. ধীরে ধীরে প্রাণী টির কাছে পৌঁছান এরপর গতি বাড়ান।

C. প্রাণী টিকে পাশ কাটিয়ে যান।

1. B – পৃষ্ঠা ৪৯, ওয়ার্ক জোন
2. B – পৃষ্ঠা ৫০, প্রাণী

অধ্যায় নয়

# যাত্রী, কার্গো, এবং গ্রুপ রাইডিং

**এই অধ্যায়ে রয়েছে**

- যাত্রী এবংকার্গো বহন করা
- গ্রুপ রাইডিং

কেবল দক্ষ, অভিজ্ঞ রাইডাররা যাত্রী ও ভারী লোড বহন করতে পারবে বা দলবেঁধে বাইক চালাবে। আপনি এগুলোর যেকোনোটি করতে চাইলে, আপনাকে কিছু তথ্য জানতে হবে।

## যাত্রী বা কার্গো বহন করা

কোনো যাত্রী বা ভারী লোড বহন করার আগে, এ দুইটিই মোটরসাইকেল চালানোর উপর কতটা প্রভাব ফেলবে তা জানুন। যাত্রী বা কার্গোর অতিরিক্ত ওজন আপনার মোটরসাইকেল নিয়ন্ত্রণ পদ্ধতির উপর প্রভাব ফেলবে, যার জন্য অতিরিক্ত অনুশীলন, প্রস্তুতি ও সতর্কতা আবশ্যক। এই কারণে, কেবল অভিজ্ঞ রাইডারদেরই যাত্রী বা ভারী লোড বহন করা উচিত। যাত্রী বা ভারী লোড নিয়ে রাস্তায় যাওয়ার আগে, দুইটি টায়ারের বাতাসের প্রেশার চেক করুন এবং মোটরসাইকেলের নিচের রেয়ারের ভারসাম্য ধরে রাখার উপযোগী করে সাসপেনশন সেটিংস ঠিক করুন। আরো তথ্যের জন্য মালিকের ম্যানুয়াল পড়ুন।

শুধুমাত্র দক্ষ, অভিজ্ঞ রাইডারদের যাত্রী ও ভারী লোড বহন করা বা দল বেঁধে বাইক চালানঅ উচিৎ।

যাত্রী বহন করার জন্য, আপনার মোটরসাইকেলের:

- সিট আপনাদের দুজনকে ধারণ করার মতো যথেষ্ট বড় হতে হবে। যাত্রী আপনার পিছনে বসবে এবং যতটা সম্ভব দূরে বসবে। যাত্রী যে বয়সেরই হোক না কেন সে আপনার সামনে বসবে না।
- যাত্রীরা যাতে পড়ে না যায় বা আপনাকেও টেনে ফেলে না দেয় তার জন্য পা-দানি থাকবে।
- যাত্রীরা হাতে ধরে রাখার জন্য নিরাপদ হ্যান্ড স্ট্র্যাপ বা শক্ত হাতল থাকবে। এছাড়াও যাত্রী আপনার কোমড়, হিপ বা বেল্ট ধরে বসতে পারে।

যাত্রী নিয়ে বাইক চালানোর সময়:

- কিছুটা ধীর গতি চালান, বিশেষ করে বাঁক নেওয়ার সময়, কর্নার বা বাম্প করার সময়।
- প্রথমে ধীর গতিতে চালু করুন; আপনার ব্রেক ব্যবহার করার প্রয়োজন হতে পারে।
- ব্যস্ত সড়কে ক্রস করতে, প্রবেশ করতে বা মার্জ করতে বড় দূরত্ব পাওয়ার জন্য অপেক্ষা করুন।
- সাইকেল থামানোর সময় বা গতি কমানোর সময় বড় স্পেস কুশন পাওয়ার জন্য অপেক্ষা করুন।

## যাত্রীকে নির্দেশনা দেওয়া

আপনার যাত্রী আপনার মতোই সুরক্ষামূলক গিয়ার পরবে। রুটিন অনুশীলন হিসেবে, আপনার যাত্রীকে ট্রিপ শুরুর আগে সাইক্লিংয়ের প্রাথমিক বিষয়গুলো জানান। আপনার যাত্রী একজন মোটরসাইকেল চালক হলেও, শুরু করার আগে তাকে পূর্ণাঙ্গ নির্দেশনা দিন।

আপনার যাত্রীকে বলুন:

- শুধুমাত্র আপনি ইঞ্জিন চালু করার পরই মোটরসাইকেলে উঠে বসতে।
- দুই পা সাইকেলের পা-দানির উপর শক্ত করে রাখতে, এমনকি সাইকেল থেমে থাকলেও।
- মাফলার(গুলো), চেইন বা সচল অংশগুলো থেকে পা দূরে রাখতে।
- আপনার কোমড়, হিপ বা যাত্রীর জন্য থাকা হাতল শক্ত করে ধরতে।
- আপনাকে মোড় ঘোরার দিকে ঝুঁকতে হতে সাহায্য করতে সরাসরি আপনার পিছনে থাকতে এবং আপনার কাঁধের উপর দিয়ে মোড় নেওয়ার দিকে বা বাঁকের

দিকে তাকাতে বা বাঁক।
- সাইকেল চালানোর সময় অপ্রয়োজনীয় আলাপ করবেন না এবং নড়াচড়া করবেন না।

এছাড়াও, আপনার যাত্রীকে শক্ত করে বসতে বলুন যখন আপনি:

- ত্রুটিপূর্ণ সড়কের কাছাকাছি আসবেন।
- কোনো স্টপ থেকে যাত্রা শুরু করতে যাবেন।
- খুব জোরে মোড় নিতে যাবেন বা হঠাৎ সরবেন।

## লোড বহন

অধিকাংশ মোটরসাইকেলেই বেশি কার্গো বহনের উপযোগী করে ডিজাইন করা হয় না। ছোট লোড ঠিক অবস্থানে ঠিকভাবে বেঁধে নেওয়া হলে নিরাপদে বহন করা যায়।

- **কম লোড রাখুন** – লোড সিটের নিচে পেছনের সিট মিররের বিপরীত দিকে রাখুন। লোড ভালোভাবে বেঁধে নিন, বা স্যাডলব্যাগের মধ্যে রাখুন। সিটের পিছনে সিসি বার বা ফ্রেমের বিপরীতে লোড করা মোটরসাইকেলের সেন্টার অব গ্র্যাভিটি পরিবর্তন করে এবং ভারসাম্যকে ব্যাহত করে।
- **লোড সামনে রাখুন** – পেছনের এক্সেলের সামনে, বা এর উপরে লোড রাখুন। ট্যাংক ব্যাগ লোড সামনে রাখে, তবে শক্ত বা তীক্ষ্ণ বস্তু লোড করার সময় সাবধানতা অবলম্বন করুন। ট্যাংক ব্যাংক হ্যান্ডেলবার বা নিয়ন্ত্রণের মধ্যে যে হস্তক্ষেপ করছে না তা নিশ্চিত করুন। পেছনের এক্সেলের উপর লোড তোলা মোটরসাইকেল কিভাবে মোড় নিচ্ছে এবং ব্রেক করছে তার উপর প্রভাব ফেলতে পারে। এতে মোটরসাইকেলের গতিবিধি অসংলগ্নও হতে পারে।
- **লোড সমানভাবে বন্টন করুন** – স্যাডলব্যাগে লোড ভরার সময় প্রতি পাশে সমান ওজন রাখুন। অসমান লোডের কারণে মোটরসাইকেলের একপাশে টান লাগতে পারে। এছাড়া অতিরিক্ত লোড ভরলে ব্যাগ চাকা বা চেইনের সাথে আটকে যেতে পারে, ফলে পেছনের চাকা লক হয়ে যাবে এবং সাইকেল স্কিড করতে পারে।
- **লোড ঠিকভাবে বাঁধুন** – লোড ইলাস্টিকের কর্ড দিয়ে শক্ত করে বেঁধে নিন (বাঞ্জি কর্ড বা নেট)। প্রতি পাশে একটির বেশি অ্যাটাচমেন্ট পয়েন্টসহ ইলাস্টিক কর্ড বেশি নিরাপদ। টাইট লোড চাকা বা চেইনের সাথে আটকায় না, ফলে বাইক লক হয়ে স্কিড করতে পারে। দড়িতে টান লাগতে পারে এবং এর গিঁট ছিঁড়ে যেতে পারে ফলে লোড সরে যায় বা পড়ে যায়।

## গ্রুপ রাইডিং

অন্যদের সাথে বাইক চালানো মোটরসাইকেল চালানোর বিশাল অভিজ্ঞতাগুলোর মধ্যে একটি। দায়িত্বশীল রাইডাররা এমন পদ্ধতিতে বাইক চালান যা ট্রাফিকের নিজস্ব প্রবাহকে বিপদে ফেলে না বা কোনো বাধা সৃষ্টি করে না, অন্যান্য সাইক্লিস্টের সাথে বাইক চালানো রাইডারকে তার দৃশ্যমানতা ও নিরাপত্তা বাড়াতে সাহায্য করে। গ্রুপ রাইডিংয়ের জন্য মনোযোগ ও যোগাযোগ গুরুত্বপূর্ণ। গ্রুপের সাথে বাইক চালানোর আগে আপনাকে বাইক চালানোর কিছু অভিজ্ঞতা লাভ করতে হবে।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

গ্রুপ রাইডিংয়ের সময় নিরাপত্তা বৃদ্ধি করতে এবং আঘাত হ্রাস করতে আপনাকে আগেই:

- পরিকল্পনা করে রাখতে হবে।
- গ্রুপ ছোট রাখতে হবে।
- দূরত্ব বজায় রাখতে হবে।
- স্ট্যাগার্ড ফর্মেশনে বাইক চালান – জোড়া আকারে নয়।
- আঁকাবাঁকা সড়কে বাইক চালানোর সময়, মোড় নেওয়ার সময়, বা হাইওয়েতে প্রবেশ বা বের হওয়ার সময় এক লাইন ফর্মেশন মেনে চলুন।

## গ্রুপের মধ্যে পাস করা

- রাইডাররা স্ট্যাগার্ড ফর্মেশনে একবারে একজনকে পাস করবে। দলবেঁধে বাইক চালানোর সময় আপনাকে কেউ পাস করলে, আপনার লেন পজিশন বজায় রাখুন।
- প্রথমে, লিড রাইডার নিরাপদ সময়ে তার পজিশন থেকে বেরিয়ে পাস করবে। পাস করার পর, লিডার দ্বিতীয় রাইডারকে জায়গা দেওয়ার জন্য ফর্মেশনের সঠিক পজিশনে ফিরে যাবে এবং পাসিং স্পিড ধরে রেখে বাইক চালাবে।
- প্রথম রাইডার নিরাপদে পাস করার পর, দ্বিতীয় রাইডার ডান দিকের পজিশন থেকে বাম (লিড) দিকের পজিশনে চলে আসবে এবং পাস করবে, এরপর আবারো লিডারের পেছনে স্ট্যাগার্ড ফর্মেশনে প্রবেশ করবে।
- গ্রুপের বাকিরা এই রুটিন অনুসরণ করবে। বাম দিকের পজিশন থেকে পাস করবে এবং সঠিক ফর্মেশনে ফিরে আসবে।
- সর্বশেষ রাইডার পাস করার পর রাইডার ক্রুজিং গতিতে ফিরে আসবে।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## কুইক টিপস: যাত্রী নিয়ে মোটরসাইকেল চালানোর ব্যাপারে নির্দেশনা

### আইন বিবেচনাসমূহ

1. যাত্রী বহনের বিষয়ে স্টেটের সব আইন ও আবশ্যকীয়তা মেনে চলতে হবে।
2. কিছু স্টেটের নির্ধারিত সরঞ্জামের আবশ্যকীয়তা থাকে। উদাহরণ: মোটরসাইকেলে অবশ্যই যাত্রীর জন্য পা-দানি থাকবে, যাত্রীর পা অবশ্যই মোটরসাইকেলের পা-দানিতে পৌঁছাবে, এবং মোটরসাইকেলে অবশ্যই যাত্রীর জন্য আলাদা বসার জায়গা থাকবে।
3. সকল নিরাপত্তা আইনি ফ্যাক্টর বিবেচনা করা হয়েছে ধরে নিয়ে, শিশুকে বাইকে বহন করার সিদ্ধান্ত মা/বাবা ও অভিভাবকের উপর ছেড়ে দেওয়া হয়। নিশ্চিত করুন যে শিশু সব দায়িত্ব পালন করার মতো প্রাপ্তবয়স্ক হয়েছে, পা-দানিতে পা রাখার মতো লম্বা হয়েছে, তার সাথে মানানসই হেলমেট এবং অন্যান্য সুরক্ষা গিয়ার পরেছে, এবং আপনাকে বা যাত্রীর হাতল ধরে আছে। আপনার স্টেটের আইন চেক করুন; কিছু কিছু স্টেটে মোটরসাইকেল যাত্রীর ন্যূনতম বয়স ঠিক করে দেওয়া হয়।

### চালকের প্রস্তুতি

1. যাত্রীকে দ্বিতীয় "সক্রিয়" রাইডার হিসেবে বিবেচনা করতে হবে তাহলে সে নিরাপত্তা ও প্রক্রিয়াগত কাজগুলো যাতে সঠিকভাবে মেনে চলা হয় সেটি নিশ্চিত করতে সাহায্য করবে।
2. যাত্রী তার অতিরিক্ত ওজন এবং স্বতন্ত্র নড়াচড়া মোটরসাইকেলের নিয়ন্ত্রণ বিষয়ক বৈশিষ্ট্যগুলোর উপর প্রভাব ফেলতে পারে।
3. অনেক ক্ষেত্রে দ্রুত থামার সময় যাত্রী সামনের দিকে ঝুঁকে পড়তে চায় তখন আপনার হেলমেটের সাথে তার হেলমেট "ঠুকে" যায়।
4. কোনো স্টপ থেকে বাইক চালু করার সময় থ্রোটল ও ক্লাচের আরো বেশি ফিটনেস থাকার প্রয়োজন হয়।
5. ব্রেকিং প্রক্রিয়ার উপর প্রভাব পড়তে পারে। দ্রুত এবং/বা আরো অনেক বেশি প্রেশার দিয়ে ব্রেক করার দরকার হতে পারে।
6. পেছনের টায়ারের উপর অতিরিক্ত ওজন পেছনের ব্রেকের কার্যকারিতা ও স্টপিং পাওয়ার বৃদ্ধি করে, বিশেষ করে দ্রুত থামার মতো পরিস্থিতিতে।
7. নিম্নমুখী সড়কে রাইডিংয়ের ক্ষেত্রে সমতল পৃষ্ঠের তুলনায় ব্রেকিং দূরত্ব বৃদ্ধি পাবে।
8. কর্নারের সময় বাড়তি ওজনের কারণে অতিরিক্ত সতর্ক থাকতে বলা হয়। কর্নারিং ক্লিয়ারেন্সের উপর প্রভাব পড়তে পারে।
9. পাস করার জন্য অতিরিক্ত সময় ও জায়গার দরকার হয়।
10. বাতাস, বিশেষ করে পাশ থেকে আসা বাতাস, বেশি অনুভূত হয়।

### মোটরসাইকেল প্রস্তুত করা

1. মোটরসাইকেলের ডিজাইন অবশ্যই একজন যাত্রী বসার উপযোগী হতে হবে।
2. মোটরসাইকেলের সেটআপের বিষয়ে প্রস্তুতকারকের টিপস এবং সেই সাথে বাইক চালনা সংক্রান্ত যেকোনো পরামর্শ জানার জন্য মোটরসাইকেল মালিকের ম্যানুয়াল আবারো ভালো করে পড়ুন।
3. মোটরসাইকেলের সাসপেশন এবং টায়ারের প্রেশার সমন্বয় করে নেওয়ার প্রয়োজন হতে পারে।
4. মালিকের ম্যানুয়ালে নির্ধারিত ওজনের সীমা যাতে অতিক্রম না করে সেদিকে লক্ষ্য রাখুন।

## যাত্রীর প্রস্তুতি

1. যাত্রীকে যথেষ্ট লম্বা হতে হবে যাতে তার পা পা-দানিতে পৌঁছায় এবং দায়িত্বগুলো পালন করার মতো প্রাপ্তবয়স্ক হতে হবে।
2. যাত্রীকে উপযুক্ত সুরক্ষা গিয়ার পরতে হবে।
3. যাত্রীকে নিরাপত্তা বিষয়ে ব্রিফিং দিতে হবে (নিচে #৭ দেখুন)।
4. যাত্রীরা নিজেকে দ্বিতীয় চালক হিসেবে বিবেচনা করবে এবং নিরাপত্তা সংক্রান্ত দায়িত্বগুলো ভাগ করে নিবে।

## সাধারণ নিরাপত্তা বিষয়ক বিবেচ্য বিষয়

1. যাত্রী বহন করার অতিরিক্ত দায়িত্ব নেওয়ার আগে আপনাকে মোটরসাইকেল চালনায় অভিজ্ঞ হতে হবে এবং নিরাপত্তা-সচেতন মনোভাব থাকতে হবে।
2. একজন যাত্রীকে **সাথে** নিয়ে উন্মুক্ত পার্কিং লটের মতো কম ঝুঁকিপূর্ণ এলাকায়, কম-স্পিডে ক্লাচ/থ্রোটল নিয়ন্ত্রণ করার পাশাপাশি সাধারণ এবং জরুরি ব্রেক করার চর্চা করুন।
3. যাত্রীর আরাম ও নিরাপত্তা নিশ্চিত করতে কর্নার করার সময় সতর্ক থাকুন এবং কর্নার করার স্কিল উন্নত করুন।
4. ক্লিয়ারেন্স প্রভাবিত হতে পারে বলে কর্নারে সাবধানতা অবলম্বন করুন।
5. সময় ও জায়গার নিরাপত্তা মার্জিন বৃদ্ধি করতে **(SMদেখুন)** MSF-এর সার্চ, ইভালুয়েট, এক্সিকিউট কৌশল ব্যবহার করুন।
6. যাত্রীকে গতি বুঝতে এবং ঝুঁকে যাওয়ার অনুভূতির সাথে মানিয়ে নেওয়ার সময় দিন; যাত্রী বাইক চালানোর কলা-কৌশলের সাথে শারীরিক ও মানসিকভাবে মানিয়ে না নেওয়া পর্যন্ত বাইকের গতি নিয়ন্ত্রিত উপায়ে নিরাপদ ও পরিমিত রাখুন।
7. যাত্রী যাতে নিম্নলিখিত নিরাপত্তা প্রক্রিয়া মেনে চলে তা নিশ্চিত করুন:

    a. পূর্ণাঙ্গ ব্যক্তিগত সুরক্ষা গিয়ার সঠিকভাবে ব্যবহার করছেন।
    b. চালকের কোমড় বা হিপ ধরে রাখুন, বা মোটরসাইকেলের যাত্রীর হাতল ধরে রাখুন।
    c. সবসময় পা-দানির উপর পা রাখুন, এমনকি বাইক থেমে থাকলেও।
    d. হাত ও পা গরম বা সচল অংশ থেকে দূরে রাখুন।
    e. কার্ভে থাকা অবস্থায়, চালকের কাঁধের উপর দিয়ে মোচড়ের দিকে তাকান।
    f. মাথা ঘুরানো বা হঠাৎ নড়ে উঠা এড়িয়ে যান যা বাইক চালানোর উপর প্রভাব ফেলতে পারে।
    g. কোনো বাধা অতিক্রম করার সময় হাঁটু কিছুটা বাঁকানো অবস্থায় পা-দানির উপর রাখুন এবং পায়ে আঘাতের ধাক্কা শোষণ করতে দিন।

8. পাস করার জন্য বেশি সময় দিন।
9. বাতাসের প্রভাব মোকাবেলা করার জন্য তৈরি থাকুন।
10. অত্যধিক গতি এবং অস্বাভাবিক ঝুঁকে পড়া এড়িয়ে চলুন।
11. হার্ড ব্রেকিংয়ের সময় হেলমেটসহ বা যাত্রীর পুরো শরীর সামনের দিকে স্লাইড করে "বাম্প" এর জন্য প্রস্তুত থাকুন।
12. মোটরসাইকেলের স্ট্যান্ড দাঁড় করানোর পর এবং মোটরসাইকেল ঠিকভাবে ব্রেস করার পর যাত্রীকে বাইকে তুলুন। পৃষ্ঠ সমান্তরাল না হলে সামনের ব্রেক লিভারটি ধরে রাখুন।
13. প্রথমে যাত্রীকে নামান।
14. একজন যাত্রীকে সাথে নিয়ে **বার্ষিক বেসিক রাইডারকোর্স ২ - দক্ষতা অনুশীলন** সম্পন্ন করুন।
15. কয়েকজন যাত্রীকে **বেসিক রাইডারকোর্স করান** তাহলে তারা বাইক চালকের কাজ ভালোভাবে বুঝতে পারবে।

## কুইক টিপস: গ্রুপ রাইডের জন্য MSF-এর নির্দেশনা

মোটরসাইক্লিং প্রাথমিকভাবে একটি একক কার্যক্রম, কিন্তু অনেকের কাছে – রবিবারের সকালে বন্ধুদের সাথে কিংবা কোনো সংগঠিত মোটরসাইকেল র‍্যালির সাথে – দলবেঁধে মোটরসাইকেল চালানো হলো – মোটরসাইক্লিং অভিজ্ঞতার আদর্শ উদাহরণ। আনন্দময় ও নিরাপদ গ্রুপ রাইডের জন্য কিছু টিপস দেওয়া হলো:

**তৈরি হয়ে আসুন।** গ্যাস ভর্তি ট্যাংক নিয়ে ঠিক সময়ে পৌঁছান।

**রাইডারদের মিটিংয়ের ব্যবস্থা করুন।** রুট, বিশ্রাম ও ফুয়েল স্টপ, এবং হাতের মাধ্যমে সংকেত দেওয়ার মতো বিষয়গুলো আলোচনা করুন (৬১ পৃষ্ঠার ডায়াগ্রাম দেখুন)। লিড ও সুইপ (পিছনের) রাইডার নিযুক্ত করুন। দুইজনকেই অভিজ্ঞ রাইডার হতে হবে যারা গ্রুপ রাইড প্রক্রিয়ার বিষয়ে যথেষ্ট জানেন ও বোঝেন। লিডার প্রত্যেক রাইডারের স্কিল লেভেল সম্পর্কে অবগত থাকবেন এবং রাইড চলাকালে তাদের পর্যবেক্ষণ করবেন।

**গ্রুপের সাইজ নিয়ন্ত্রণযোগ্য রাখুন**, পাঁচ ও সাতজন হওয়াই সবচেয়ে ভালো। প্রয়োজনে, একটি গ্রুপকে ভেঙ্গে কয়েকটি ছোট ছোট সাব-গ্রুপ বানান, প্রতিটি দল কয়েক সেকেন্ডের দূরত্বে থাকবে, প্রতিটি দলের একজন লিড ও সুইপ রাইডার থাকবে।

**প্রস্তুত হয়ে রাইড শুরু করুন।** গ্রুপের অন্তত একজন রাইডারের কাছে প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম এবং সবগুলো টুল কিট থাকবে, এবং সব রাইডার সাথে সেল ফোন রাখবে, এতে করে তারা সামনে আসা যেকোনো সমস্যা মোকাবেলার জন্য প্রস্তুত থাকবে।

**ফর্মেশনে বাইক চালান।** স্ট্যাগার্ড ফর্মেশনে (নিচের ডায়াগ্রাম দেখুন) বাইক চালালে প্রতিটি মোটরসাইকেলের মাঝখানে উপযুক্ত স্পেস কুশন পাওয়া যায় যার ফলে প্রত্যেক রাইডার নৈপুণ্যের সাথে বাইক চালানো এবং বিপদে প্রতিক্রিয়া জানাতে যথেষ্ট সময় পায়। লিডার লেনের বাম দিকে তৃতীয় অবস্থানে থেকে বাইক চালাবেন, তার পরের রাইডার কমপক্ষে এক সেকেন্ড দূরত্বে পেছনে থেকে লেনের ডানদিকের তৃতীয় অবস্থানে থেকে বাইক চালাবেন; বাকি গ্রুপ একই প্যাটার্ন অনুসরণ করবে। আঁকাবাঁকা সড়কে, স্বল্প দৃশ্যমানতার মতো পরিস্থিতিতে বা ত্রুটিপূর্ণ ও ভাঙ্গাচুরা সড়কে, হাইওয়েতে প্রবেশ করা/বের হওয়ার সময়, বা অন্যান্য পরিস্থিতিতে বেশি স্পেস কুশন বা কৌশল খাটিয়ে বাইক চালানোর মতো জায়গার প্রয়োজন হলে, ২-সেকেন্ডের অনুসরণ দূরত্বে এক লাইন ফর্মেশনে বাইক চালানো অধিক কার্যকরী।



**পাশাপাশি ফর্মেশন এড়িয়ে যান**, এতে স্পেস কুশন কমে যায়। কারণ যদি আপনার হঠাৎ পাশ কাটিয়ে যাওয়ার প্রয়োজন হয়, তখন আপনি এর জন্য পর্যাপ্ত জায়গা পাবেন না। আপনি চাইবেন না যে হ্যান্ডেলবার আটকে যাক।

**অন্য রাইডাররা আপনাকে অনুসরণ করছে কিনা মাঝে মাঝে সেটা চেক করুন।** যদি দেখেন কোনো রাইডার পিছিয়ে গেছে, তাহলে গতি ধীর করুন যাতে সে আপনাকে ধরতে পারে। গ্রুপের সব রাইডার এই প্রক্রিয়ায় বাইক চালালে, গ্রুপের সবাই দ্রুত বাইক চালানো বা একে অন্যকে ধরার চাপ ছাড়াই একটি সুষ্ঠু স্থির গতি বজায় রাখতে সক্ষম হবে।

**আপনি গ্রুপ থেকে আলাদা হয়ে গেলে,** আতঙ্কিত হবেন না। পুনরায় গ্রুপে এক হওয়ার জন্য আপনার গ্রুপকে একটি পূর্ব-পরিকল্পিত প্রক্রিয়া তৈরি রাখতে হবে। আইন ভাঙবেন না বা একে অন্যকে ধরার জন্য আপনার সামর্থ্যের বাইরে যাবেন না।

**যান্ত্রিক বা মেডিকেল সমস্যার ক্ষেত্রে,** পরিস্থিতি আশঙ্কাজনক হলে সাহায্য চাওয়ার জন্য সেল ফোন ব্যবহার করুন।

**কোনো রাইডার রাইড** চলাকালে চলে **গেলে,** বাকি দল খালি হয়ে যাওয়া জায়গায় ক্রিস-ক্রস করে আগের স্ট্যাগার্ড ফর্মেশন আবার তৈরি করে নিবে। যদিও সামনে আগানোর জন্য বাদ পড়া রাইডারের জায়গা সরাসরি কলাম আকারে পূরণ করে বাইক চালানো বেশি কার্যকর মনে হতে পারে, আমরা এর পরামর্শ দেই না কারণ এতে লেনের মধ্যকার অন্য রাইডারকে পাস করা ঝুঁকিপূর্ণ হয়।



# গ্রুপের রাইডিংয়ের জন্য MSF-এর নির্দেশনা: হ্যান্ড সিগন্যাল

**থামুন** – হাত সোজা নিচে প্রসারিত, তালু পিছনের দিকে মুখ করে

**ধীরে চলুন** – হাত সোজা বাইরে প্রসারিত, তালু নিচের দিকে মুখ করে



**গতি বাড়ান** – বাহু সোজা বাইরে প্রসারিত, তালু উপরের দিকে

**আপনি নেতৃত্ব দিন** – বাহু ৪৫ ডিগ্রি উপরের দিকে প্রসারিত, হাতের তালু তর্জনী দিয়ে সামনের দিকে নির্দেশ করে, পিছন থেকে সামনের দিকে ঘোরানো

**আমাকে অনুসরণ করুন** – হাত কাঁধ থেকে সোজা উপরে প্রসারিত, হাতের তালু সামনের দিকে

**একক সারিতে** – হাত ও তর্জনী সোজা উপরে প্রসারিত

**দুই সারিতে** – তর্জনী ও মধ্যমা আঙুলসহ বাহু সোজা উপরে প্রসারিত

**রাস্তায় বিপদ** – ডানদিকে, ডান পা দিয়ে নির্দেশ করুন; বাম দিকে, বাম হাত দিয়ে নির্দেশ করুন



**হাই বিম** – খোলা তালু নিচের দিকে রেখে হেলমেটের উপরে আলতো চাপ

**পুল অফ** – ডান দিকে মোড় নেওয়ার জন্য বাহু অবস্থান করা, বাহু কাঁধের দিকে দোলানো

**সিগন্যাল চালু করুন** – আঙ্গুল ও বুড়ো আঙুল দিয়ে হাত খোলা ও বন্ধ করা

**স্বালানি** – প্রসারিত আঙুল দিয়ে ট্যাঙ্কের দিকে ইশারা বাহু বাইরে রেখে

**রিফ্রেশমেন্ট বিরতি** – আঙ্গুল বন্ধ, বৃদ্ধাঙ্গুল মুখে

**আরামের বিরতি** – বাহু প্রসারিত, মুষ্টি সামান্য উঁচু নিচু গতির সাথে মুষ্টিবদ্ধ করা

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. যাত্রীকে:**

A. মোটরসাইকেল চালকের কাঁধের উপর দিয়ে মোড় নেওয়া বা বাঁক নেওয়ার দিকে তাকাতে হবে।

B. কখনোই রাইডারকে ধরে রাখবেন না।

C. যতটা সম্ভব দূরে বসবেন।

**2. দলবেঁধে বাইক চালানোর সময় আপনি কেমন ফর্মেশন গঠন করবেন?**

A. একক-ফাইল ফর্মেশন।

B. পাশাপাশি ফর্মেশন।

C. স্ট্যাগার্ড ফর্মেশন।

1. A – পৃষ্ঠা ৫৩-৫৪, যাত্রীদের নির্দেশনা দেওয়া
2. C – পৃষ্ঠা ৫৪, গ্রুপ রাইডিং

অধ্যায় দশ

# রাইডারের পারফরম্যান্সকে প্রভাবিত করা বিষয়সমূহ

**এই অধ্যায়ে রয়েছে**

- ঠাণ্ডা আবহাওয়া
- অত্যন্ত গরম আবহাওয়া
- রাতে বাইক চালানো
- অমনোযোগীভাবে বাইক চালানো
- ক্লান্তি

মোটরসাইকেল চালানোর জন্য বিপুল পরিমাণ মানসিক সতর্কতা এবং শারিরীক দক্ষতা আবশ্যক। মাঝে মাঝে আপনার পরিবেশে পরিবর্তন ঘটে, যা আপনার দৃশ্যমানতায় প্রভাব ফেলতে পারে। শারিরীক পরিবর্তনও হতে পারে, যা আপনার বাইক চালানোর ক্ষমতায় প্রভাব ফেলতে পারে। দায়িত্বশীল রাইডাররা জানেন রাইডারের পারফরম্যান্সে প্রভাব ফেলা ফ্যাক্টরগুলোর সাথে কিভাবে মানিয়ে নিতে হয় বা ভারসাম্য বজায় রাখতে হয়।

## ঠাণ্ডা আবহাওয়া

তুলনামূলক বেশি ঠাণ্ডা আবহাওয়ায় বাইক চালানোর সময় বায়ুরোধী জ্যাকেট এবং ইনস্যুলেটেড লেয়ার যুক্ত পোশাকের মতো সঠিক গিয়ার পড়ে নিজেকে সুরক্ষিত রাখুন। একটির উপর আরেকটি পোশাক পরাই বুদ্ধিমানের কাজ তাহলে সেগুলো দরকার মতো খুলে ফেলা যাবে। সব পোশাকের উপর বাইরের দিকে বায়ুরোধী লেয়ার যুক্ত সুরক্ষা গিয়ার পরলে ঠাণ্ডা বাতাস ত্বকের সংস্পর্শে আসা প্রতিরোধ করা যায়।

ঠাণ্ডা আবহাওয়া আপনার সাড়া দেওয়ার সময় উল্লেখযোগ্যভাবে দীর্ঘ করে। এটি পুষিয়ে নিতে আপনার গতি কমান এবং আপনার অনুসরণের দূরত্ব এবং চারপাশের জায়গা বাড়ান।

## হাইপোথার্মিয়া

ঠাণ্ডা আবহাওয়ায় দীর্ঘক্ষণ ধরে বাইক চালালে আপনার শরীরের তাপমাত্রা কমে যেতে পারে এবং হাইপোথার্মিয়া হতে পারে।

হাইপোথার্মিয়ার লক্ষণগুলোর মধ্যে রয়েছে:

- শারীরিক সমন্বয়ের অবনতি
- অযৌক্তিক, বিভ্রান্তিকর আচরণ
- মন্থর নড়াচড়া
- কাঁপুনি
- পেশিতে টান
- অনিয়মিত, ধীর গতিতে শ্বাস-প্রশ্বাস

প্রচণ্ড ঠাণ্ডা লাগলে, সুযোগ পাওয়া মাত্র সড়ক ত্যাগ করে কোনো আশ্রয়স্থল খুঁজে নিন। উষ্ণ তরল পান করুন, নিজেকে উষ্ণ করতে কিছু ব্যায়াম করুন, এবং ভেজা জামা-কাপড় খুলে ফেলুন।

## অত্যন্ত গরম আবহাওয়া

অত্যন্ত গরম আবহাওয়ায়, সুরক্ষা গিয়ার পরুন যা বাতাস চলাচলের মাধ্যমে আপনাকে পানিশূণ্যতা এবং তাপজনিত ক্লান্তি থেকে রক্ষা করবে। কোনো ক্র্যাশে জড়িত হলে সুরক্ষার জন্য জ্যাকেট এবং ফুল প্যান্ট পরা থাকা তখনো গুরুত্বপূর্ণ। প্রচুর পানি পান করুন। যদি বাইক চালানোর সময় অত্যন্ত গরম বোধ করেন, তাহলে থামুন।

## রাতে বাইক চালানো

রাতে বাইক চালানো অতিরিক্ত ঝুঁকিপূর্ণ কেননা এসময় রাইডার অন্যদের এবং অন্যরা ড্রাইভারকে দেখতে পায় না। সীমাবদ্ধ দৃশ্যমানতার সমস্যাটি কাটাতে আপনাকে আপনার রাইডিং আচরণকে নিম্নোক্ত উপায়ে মানিয়ে নিতে হবে:

- **আপনার গতি কমানো** – দিনে যতটা ধীরে বাইক চালান তার চেয়েও ধীরে চালাবেন। আপনার হেডলাইটকে অগ্রাহ্য করবেন না, এটি আপনাকে সম্ভাব্য বিপদ দেখতে সাহায্য করবে।
- **দূরত্ব বাড়ান** – দিনের তুলনায় রাতে দূরত্ব নির্ণয় করা কঠিন। চার সেকেন্ড বা তার বেশি দূরত্ব রাখতে চেষ্টা করুন। নিজে পাস করার সময় এবং অন্যরা আপনাকে পাস করার সময় আরো বেশি দূরত্ব রাখুন।
- **সামনের গাড়িকে ব্যবহার করুন** – সামনের গাড়ির হেডলাইট আপনাকে আপনার হেডলাইটের উজ্জ্বল আলোর চেয়েও ভালো ভিউ দিতে পারে। ব্যাকলাইটের উঁচু নিচু হওয়া দেখে আপনি সামনের গতিরোধক বা উচু-নিচু রাস্তার ব্যাপারে সতর্ক হতে পারবেন।
- **আপনার সবচেয়ে উজ্জ্বল আলো ব্যবহার করুন** – আপনার সবগুলো হেডলাইট জ্বালান। আপনি কোনো গাড়িকে অনুসরণ না করলে বা সামনে কোনো গাড়ি না থাকলে আপনার সবচেয়ে উজ্জ্বল আলো ব্যবহার করুন।

- **দৃশ্যমান থাকুন** – রাতে বাইক চালানোর সময় রেট্রোরিফ্লেকটিভ উপকরণ পরুন।
- **লেনের পজিশনের ব্যাপারে নমনীয় থাকুন** – আপনার লেনের পজিশন পরিবর্তন করুন তাহলে আপনি অন্যদের এবং অন্যরা আপনাকে ভালোভাবে দেখতে পাবে এবং পর্যাপ্ত স্পেস কুশন বজায় রাখুন।

## অমনোযোগীভাবে বাইক চালানো

মনোযোগ বিচ্যুতি হলো এমন একটি জিনিস যা আপনার মনোযোগ বাইক চালানোর দিক থেকে সরিয়ে নেয়। বাইক চালকের মনোযোগ বিচ্যুতি যেকোনো সময় যেকোনো জায়গায় ঘটতে পারে। অমনোযোগীভাবে বাইক চালালে সংঘর্ষ ঘটতে পারে, যার ফলে আঘাত লাগতে পারে, মৃত্যু হতে পারে বা সম্পত্তির ক্ষতি হতে পারে। রাস্তা থেকে আপনার চোখ সরিয়ে নিলে বা মোটরসাইকেল থেকে হাত সরিয়ে নিলে নিশ্চিত বিপদ দেখা দিবে। বাইক চালানো থেকে আপনার মনোযোগের বিচ্যুতি ঘটায় এমন মানসিক কাজগুলো এক কথায় বিপজ্জনক। বাইক চালানোর ঝুঁকির ব্যাপারে আপনার মনোযোগ অবশ্যই ধরে রাখতে হবে। আপনার মোটরসাইকেল নিরাপদ উপায়ে চালানোর জন্য আপনিই সম্পূর্ণ ও এককভাবে দায়বদ্ধ।

## ক্লান্তি

ক্লান্তি আপনার মোটরসাইকেল নিয়ন্ত্রণের উপর প্রভাব ফেলতে পারে। ক্লান্তির সম্ভাবনা কমাতে:

- **রাতে ভালো বিশ্রাম নিন** – ক্লান্তি দূর করার জন্য রাতের ভালো বিশ্রাম গুরুত্বপূর্ণ।
- **এসব উপাদান থেকে সুরক্ষিত থাকুন** – বাতাস, ঠাণ্ডা ও বৃষ্টি আপনাকে দ্রুত ক্লান্ত করে দেয়। উষ্ণ পোশাক পরুন। যদি আপনি বাইক চালিয়ে দীর্ঘ পথ যেতে চান সেক্ষেত্রে উইন্ডশিল্ড অপরিহার্য।
- **গতি ও বসার অবস্থান পর্যায়ক্রমে পরিবর্তন করুন**– গতি বা শরীরের অবস্থানে কিছুটা পরিবর্তনের ফলে সৃষ্ট উদ্দীপনা ক্লান্তির প্রভাব কাটিয়ে উঠতে সাহায্য করে।
- **বার বার বিশ্রামের বিরতি নিন** – প্রতি দুই ঘন্টা পর পর বা প্রয়োজন হলে মোটরসাইকেল থামান এবং নেমে বিশ্রাম করুন।
- **কৃত্রিম উদ্দীপক ব্যবহার করবেন না** – কৃত্রিম উদ্দীপকের কারণে প্রায়ই প্রচণ্ড ক্লান্তি দেখা দেয় বা এগুলোর কার্যকারিতা কমে গেলে হতাশা দেখা দেয়। ফলে রাইডার তার করণীয় কাজের প্রতি মনোযোগ দিতে পারে না।

### আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. রাতে বাইক চালানোর সময়:**

A. সামনের দিকের অন্যান্য মোটরযান দেখতে লেনের বামদিক ব্যবহার করুন।

B. আপনার সামনের মোটরযানের হেডলাইটের সাহায্যে আরো ভালোভাবে দেখতে সেটির কাছাকাছি বাইক চালান।

C. বিপদ এড়িয়ে যাওয়ার সুযোগ বাড়াতে আপনার গতি কমান।

**2. ক্লান্তির সম্ভাবনা কমাতে:**

A. রেডিও চালু রাখুন।

B. বার বার বিশ্রামের বিরতি নিন।

C.ক্যাফেইন পান করুন।

1. C – পৃষ্ঠা ৬২-৬৩, রাতে গাড়ি চালানো
2. B – পৃষ্ঠা ৬৩, ক্লান্তি

অধ্যায় এগারো

# তিন-চাকার মোটরযান

এই অধ্যায়ে থাকা তথ্য আপনাকে তিন-চাকার মোটরসাইকেল চালানোর জন্য প্রস্তুত হতে সাহায্য করবে। মিশিগান লাইসেন্সিং আইন এর আগে পৃষ্ঠা ১২ তে আলোচনা করা হয়েছে।

**এই অধ্যায়ে রয়েছে**

- সাইডকারসহ ট্রাইক ও মোটরসাইকেল অপারেটিংয়ের সাধারণ বৈশিষ্ট্যসমূহ
- ট্রাইকের অনন্য অপারেটিং বৈশিষ্ট্য
- সাইডকারসহ মোটরসাইকেলের অনন্য অপারেটিং বৈশিষ্ট্যসমূহ
- অন্যান্য রিসোর্সসমূহ

## সাইডকারসহ ট্রাইক ও মোটরসাইকেল অপারেটিংয়ের সাধারণ বৈশিষ্ট্যসমূহ

### তিন চাকার মোটরযানের ধরন

সাধারণ দুইচাকার মোটরসাইকেলকে সিঙ্গেল-ট্র্যাক মোটরযান বলে বিবেচনা করা হয়। তিন-চাকার মোটরযানের ডাবল বা ট্রিপল ট্র্যাক থাকতে পারে। ডাবল ট্র্যাক মোটরযান হলো সাইডকারসহ মোটরসাইকেল, অন্যদিকে ট্রিপল ট্র্যাক মোটরযানের (ট্রাইক) সামনে দুইটি চাকা বা পেছনে দুইটি চাকা থাকতে পারে।

**তিন চাকার মোটরযানের ধরন**




## দুই-চাকার মোটরযান এবং তিন-চাকার মোটরযানের মধ্যে পার্থক্য

তিন-চাকার মোটরযান স্বাভাবিকভাবেই দুই-চাকার মোটরযানের তুলনায় বেশি স্থিতিশীল। কিন্তু নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে এটি "উল্টে পড়তে পারে" বা কোনো একটি চাকা ফুটপাতের উপর তুলে দিতে পারে। এর স্থিতিশীলতা নিশ্চিত করতে, আপনাকে আপনার শরীরের পজিশন, আপনার গতি, এবং আপনি কিভাবে একটি তিন-চাকার মোটরসাইকেল লোড করবেন তার প্রতি মনোযোগ দিতে হবে।

তিন-চাকার মোটরসাইকেল ভিন্নভাবে স্টিয়ার করতে হয়। তিন-চাকার মোটরযান কাঁত হয় না বলে, মোটরযানের সামনের চাকা হেলে পড়ে না, সামনের চাকা অবশ্যই আপনি মোটরযানকে যেদিকে নিয়ে যেতে চান সেদিকে মুখ করতে হবে।

## আপনার মোটরসাইকেলের সাথে পরিচিত হোন

আপনার তিন-চাকার মোটরসাইকেল নিয়ে পথে বের হওয়ার আগে এটি নিশ্চিত করুন যে আপনি আপনার মোটরসাইকেলের সাথে সম্পূর্ণভাবে পরিচিত হয়েছেন। মালিকের ম্যানুয়ালটি বারবার দেখে নিতে ভুলবেন না। মনে রাখবেন তিন-চাকার মোটরসাইকেল দুই-চাকার মোটরসাইকেলের তুলনায় বেশি জায়গা নেয়, তাই এটি সুদক্ষ হাতে চালানোর জন্য আপনার বেশি জায়গা দরকার।

## শরীরের পজিশন

তিন-চাকার মোটরযান নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে আপনার শরীরের পজিশন গুরুত্বপূর্ণ। কাঁত করা এবং আপনার ওজন পর্যায়ক্রমে স্থানান্তর করার সময় আপনাকে অবশ্যই দুইটি হ্যান্ডগ্রিপই আলতো হাতে নিয়ন্ত্রণ করতে সক্ষম হতে হবে।

## মোচড় নেওয়া

সতর্কতার সাথে মোড়ের কাছাকাছি যান এবং বাঁক নিন। যদি আপনি দ্রুত মোচড় নেন, সেক্ষেত্রে আপনি হয়তো ট্রাফিকে অন্য একটি লেনে ক্রস করে ঢুকে যাবেন, যার ফলে একটি চাকা উঁচুতে উঠে যাবে বা আপনি রাস্তা থেকে ছিটকে পড়বেন। ওভারস্টিয়ারিংয়ের কারণে মোটরসাইকেল পিছলে পড়তে পারে।

## পাহাড়

তিন-চাকার মোটরসাইকেলে চড়ে উঁচুর দিকে উঠার সময়, কিছুটা ওজন পেছনের দিকে চলে যায়, ফলে মোটরযানের সামনের দিক হালকা হয়ে যায়। এই ওজন স্থানান্তরের ফলে স্টিয়ারিং ও ব্রেক করার ক্ষেত্রে সামনের চাকা(গুলোর) ট্র্যাকশন হ্রাস পায়। স্টিয়ারিংয়ের আপনার শরীরের

কিছুটা ওজন সামনের দিকে স্থানান্তর করা উচিৎ।

ঢালে গাড়ি চালানোর সময়, মাধ্যাকর্ষণ ব্রেকিং বলের পরিমাণ বাড়ায় যা প্রয়োজনে মোটরযানকে ধীর করে বা থামিয়ে দেয়।তাই, কর্নার করে থামার জন্য মোটরযান আগে থেকে ধীর করা গুরুত্বপূর্ণ।

## লেনের পজিশন

তিন-চাকার মোটরযানের প্রস্থ এবং কিছু অটোমোবাইলের প্রস্থ একইরকম, তাই, দুই-চাকার মোটরসাইকেলের বিপরীতে, এক্ষেত্রে আপনার লেন পজিশনিং সীমাবদ্ধ। লেনের মাঝে দিকে এবং লেন চিহ্নের মধ্যে রাখুন।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

দলবেঁধে বাইক চালানোর সময় লেনের পজিশন আরেকটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। এক লাইনে বাইক চালান এবং সবসময় একটি নিরাপদ মার্জিন বজায় রাখুন, দুইটি বাইকের মধ্যে, ন্যূনতম চার সেকেন্ড।

## সড়কের পাশে পার্ক করুন

আপনার মোটরযান পার্কিংয়ের জায়গায় রাখুন যাতে আপনি কার্বের সমান্তরালে পার্ক করতে পারেন। মোটরযান যাতে গড়িয়ে না যায় সেজন্য এর পার্কিং ব্রেক সেট করুন বা এটি গিয়ারে দিয়ে রাখুন। সমান্তরালভাবে পার্ক করলে বাঁক থেকে বেরিয়ে আসতে এবং ট্রাফিকের লেনে প্রবেশ করতে সুবিধা হয়।

গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## পাশ কাটিয়ে যাওয়া

তিন-চাকার মোটরযান দুই-চাকার মোটরযানের মতো সহজে চালানো যায় না, তাই এটি গুরুত্বপূর্ণ যে হঠাৎ মোচড় না নিতে বা পাশ কাটিয়ে না যেতে সামনের দিকে ভালোভাবে তাকান। সংঘর্ষ এড়াতে পাশ কাটিয়ে যাওয়া কখনো কখনো সেরা বিকল্প।

পাশ কাটিয়ে যাওয়া আবশ্যক হলে, পাশ কাটানোর আগে বা পরে ব্রেক করুন, কখনোই পাশ কাটানোর সময় ব্রেক করবেন না। কখনোই যথাযথ প্রশিক্ষণ ছাড়া পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। যদি আপনি সংঘর্ষ এড়াতে চান সেক্ষেত্রে সবচেয়ে ভালো বিকল্প হলো হার্ড ব্রেক করা।




গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

## কর্নারিং এবং কার্ভ

কার্ভের মধ্য দিয়ে রাইড করার সময়, আপনার লেনের মধ্যে থাকতে ভুলবেন না।

কার্ভে প্রবেশ করার আগে আপনার স্পিড সমন্বয় করে নিন। বাইকের কোনো চাকা যাতে মাটি থেকে সরে না যায়, এবং নিয়ন্ত্রণ হারানোর কোনো সম্ভাবনা যাতে দেখা না দেয় তার জন্য, আপনাকে আপনার ওজন যেদিকে মোড় নিচ্ছেন সেদিকে রাখার বা স্থানান্তর করার প্রয়োজন হতে পারে।

## ট্রাইকের অনন্য অপারেটিং বৈশিষ্ট্য

### মোচড় নেওয়া

ট্রাইকের ওজন সামনের দুইটি বা পেছনের দুইটির চাকার মধ্যে সমানভাবে বন্টন করে দেওয়া হয় বলে, এসব মোটরযান বাম ও ডান দুই দিকে মোচড় নেওয়াই সমানভাবে নিয়ন্ত্রণ করতে পারে।

### ট্রাইক টার্ন করা বা মোচড় নেওয়া

- আপনার মাথা সোজা রেখে এবং মোড় নেওয়ার দিকে তাকিয়ে মোড় নিন।
- মোড় নেওয়ার সময় নিরাপদে গতিবৃদ্ধি করার সুযোগ পেতে মোড় নেওয়ার আগে গতি নিয়ন্ত্রণ করুন।
- আপনার শরীরের ওজন যেদিকে মোড় নিচ্ছেন সেদিকে রাখুন।

- সামনের চাকা(গুলো) মোড় ঘোরার দিকে স্টিয়ার করুন।
- মোড় ঘোরার পর ধীরে ধীরে গতি বাড়ান।




## দ্রুত থামা

আদর্শ ট্রাইকের একটি গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণ বৈশিষ্ট্যের ব্যাপারে সচেতন থাকতে হবে যে এর পেছনের দুইটি চাকার ব্রেকিং শক্তি বেশি হয়। কতটা বেশি তা ট্রাইকের ডিজাইনের উপর নির্ভর করে। এর কারণ হার্ড ব্রেড করার সময় শরীরের ওজন সামনের চাকার দিকে থাকে না। বেশিরভাগ ওজন পেছনের চাকার উপর থাকে এবং এতে পেছনের দিকের ব্রেক আরো কার্যকরী হয়। সামনে দুই চাকা, পেছনে এক চাকাযুক্ত ট্রাইকের সামনের দিকে ব্রেক বেশি কার্যকরী হয়, এক্ষেত্রে ব্রেক করার সময় ওজন সামনের চাকার দিকে স্থানান্তর করা হয় যার ফলে ব্রেক আরো কার্যকরী হয়।

## যাত্রী বা কার্গো বহন করা

কেবল দক্ষ, অভিজ্ঞ রাইডাররা যাত্রী ও ভারী লোড বহন করতে পারবে। যাত্রী ও কার্গোর অতিরিক্ত ওজন মোটরযান পরিচালনার বৈশিষ্ট্যগুলো পরিবর্তন করবে।

যদি কোনো যাত্রী নেন, তাহলে যাত্রীকে সরাসরি আপনার পেছনে বসতে হবে। কার্গো বহন করার সময়, লোড মাঝামাঝিতে স্টোরেজের জায়গার নিচে রাখুন তাহলে সব দিকে ভারসাম্য বজায় থাকবে। আরো তথ্যের জন্য আপনার মালিকের ম্যানুয়াল পড়ুন।

# সাইডকারসহ মোটরসাইকেলের অনন্য অপারেটিং বৈশিষ্ট্যসমূহ

## স্টপিং

ব্রেকের জন্য আপনার সাইডকার চেক করুন। কিছু সাইডকারে ব্রেক থাকে আবার কতগুলোতে থাকে না। আপনার সাইডকারে ব্রেক না থাকলে আপনার স্টপিং দূরত্ব ও নিয়ন্ত্রণের উপর প্রভাব পড়বে। আপনার সাইডকারে ব্রেক না থাকলে মোটরসাইকেলে ব্রেক চাপার সময় সাইডকারের দিকে ধীরে ধীরে স্টিয়ার করুন।

## অ্যাক্সিলারেটিং

অ্যাক্সিলারেট করার সময়, একটি সরল পথরেখা ধরে রাখতে সাইডকারের বিপরীত দিকে হালকাভাবে স্টিয়ার করুন।

## মোচড় নেওয়া

সাইডকারযুক্ত মোটরসাইকেল চালানোর সময়, মোড় ঘোরার দিক এবং সাইডকারের ওজনের পরিমানের প্রতি অতিরিক্ত গুরুত্ব দেওয়া প্রয়োজন। সাইডকারযুক্ত মোটরসাইকেল মোড় ঘুরানোর সময়:

- টার্ন করার আবশ্যক মাত্রা মূল্যায়ন করুন।
- মোড় নেওয়ার সময় নিরাপদে গতিবৃদ্ধি করার সুযোগ পেতে মোড় নেওয়ার আগে গতি নিয়ন্ত্রণ করুন।
- আপনার শরীরের ওজন যেদিকে মোড় নিচ্ছেন সেদিকে রাখুন।
- আপনই মোচড়ে ঢুকার সময় গতি বজায় রাখুন।
- মোড় ঘোরার পর ধীরে ধীরে গতি বাড়ান।

## বাম দিকে টার্ন নেওয়া

বামদিকে টার্ন নেওয়ার সময়, সাইডকার স্ট্যাবিলাইজার হিসেবে কাজ করে, তাই সাইডকারের চাকা মাটির উপর থাকে। কিন্তু, খুবই জোরে বা বেশি গতিতে মোড় ঘুরলে, মোটরসাইকেলের পেছনের চাকা মাটি থেকে উঁচুতে উঠে যেতে পারে এবং সাইডকারের সম্মুখভাগ পেভমেন্টের সাথে ধাক্কা খেতে পারে।

## ডান দিকে টার্ন নেওয়া




সাইডকারসহ মোটরসাইকেলে ডান দিকে টার্ন নেওয়া খুব জোরে বা বেশি গতিতে টার্ন নিলে সাইডকারের চাকা মাটি থেকে উঁচুতে উঠে যেতে পারে। সাইডকার খালি বা হালকা ভারি হলে চাকা বেশি উঁচুতে উঠে যাবে। আপনি টার্ন নেওয়ার আগে গতি ধীর করে এবং আপনার ওজন সাইডকারের দিকে, যেদিকে টার্ন নিচ্ছেন সেদিকে স্থানান্তর করে চাকার বেশি উঁচুতে উঠে যাওয়া এড়িয়ে যেতে পারেন।

## দ্রুত থামা

যান চলাচলের সময় সংঘর্ষ এড়ানোর প্রাথমিক কৌশল হলো একটি সরল লাইনে দ্রুত থামা। সবসময় সামনের এবং পিছনের ব্রেক একই সাথে ব্যবহার করুন, যেকোনো চাকার স্কিডিংয়ের চেয়ে কম সর্বাধিক ব্রেকিং করতে লিভারের উপর চাপ সামঞ্জস্য করুন। সামনের চাকা স্কিড করলে, স্টিয়ারিংয়ের নিয়ন্ত্রণ ফিরে পেতে প্রেশার কিছুটা কমান। পেছনের চাকা স্কিড করলে, মোটরযান পুরোপুরি বন্ধ না হওয়া পর্যন্ত এটি লক করে রাখুন। সাইডকারের চাকার ব্রেক থাকলে, এবং সেটি স্কিড করতে শুরু করলে, আপনি এটি নিরাপদে এড়িয়ে যেতে পারবেন।

বাঁকের মধ্যে দ্রুত থামার চেষ্টা করা আরো বেশি কঠিন, বিশেষ করে রাস্তার বাঁক যদি ডানদিকে হয়। ডানদিকে হার্ড ব্রেক করলে সাইডকার উঁচু হয়ে যেতে পারে, যেকারণে ভারসাম্য বজায় রাখার জন্য ডানদিকে অতিরিক্ত ওজন রাখার প্রয়োজন হতে পারে। বাম দিকে টার্ন নিয়ে থামা কম বিপজ্জনক কারণ এক্ষেত্রে মোটরযান উল্টে পড়ে যাওয়ার ঝুঁকি হ্রাস পায়। এবং, যদি চাকা স্কিড করে, তাহলে মোটরযান ট্রাফিকের বিপরীত দিকে স্লাইড না করে, রাস্তার প্রান্তে স্লাইড করবে।

## যাত্রী বা কার্গো বহন করা

কেবল দক্ষ, অভিজ্ঞ রাইডাররা যাত্রী ও ভারী লোড বহন করতে পারবে। যাত্রী ও কার্গোর অতিরিক্ত ওজন মোটরযান পরিচালনার বৈশিষ্ট্যগুলো পরিবর্তন করবে। যাত্রীরা কোথায় বসবে এবং লোড কোথায় রাখবেন সেটি অবশ্যই ভেবেচিন্তে ঠিক করবেন। যাত্রী বসার জন্য সবচেয়ে ভালো জায়গা হলো সাইডকার। সাইডকার খালি রেখে যাত্রীকে আপনার পিছনে বসাবেন না। এর ফলে আপনার গাড়ি উল্টে পড়ার ঝুঁকি বেড়ে যায়। যদি আপনার দুইজন যাত্রী থাকে, তাহলে ভালোভাবে নিয়ন্ত্রণ রাখতে তুলনামূলক ভারী যাত্রীকে সাইডকারে বসান। আপনার পেছনে বসা যাত্রীকে সবসময় সোজা হয়ে বসতে হবে। বাঁক নেওয়ার সময় যাত্রীকেও আপনার সাথে সাথে হেলতে হবে না। লোড করা অবস্থায়, থামার জন্য আপনার মোটরসাইকেলের আরো সময় ও দূরত্ব দরকার। আপনার অনুসরণের দূরত্ব বৃদ্ধি করতে হবে।

সাইডকারে কার্গো বহন করার সময়, এটি সাইডকারের এক্সেলের উপর নিচে সেন্টার করতে হবে এবং জায়গায় দৃঢ়ভাবে সুরক্ষিত করতে হবে। কার্গো স্থানান্তর করা হলে, নিয়ন্ত্রণ ক্ষতিগ্রস্থ হবে।

## তিন-চাকার মোটরসাইকের বিষয়ে আরো তথ্যের জন্য অতিরিক্ত রিসোর্স

তিন-চাকার মোটরসাইকেলের বিষয়ে আরো তথ্যের জন্য এখানে কিছু রিসোর্স দেওয়া হলো।

দা ন্যাশনাল হাইওয়ে ট্রাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন (NHTSA)-এর ওয়েবসাইট:
**NHTSA.gov/Safety/Motorcycles**

মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশনের (MSF) ওয়েবসাইটে নিম্নলিখিত বিষয়ে তথ্য রয়েছে:

- আপনি এবং আপনার ৩-চাকার মোটরসাইকেল: রাইডিং টিপস:
  **MSF-usa.org/downloads/3w_tips.pdf**
- MSF 3WBRC প্রশিক্ষণ কোর্স:
  **MSF-usa.org/downloads/3WBRC_Student_Handbook_2010.pdf**

## আপনার জ্ঞান পরীক্ষা করুন

**1. দুই-চাকার মোটরসাইকেল এবং তিন-চাকার মোটরসাইকেলের মধ্যে প্রধান পার্থক্যগুলো কী কী? তিন-চাকার মোটরযান:**

A. এটি কম স্থিতিশীল, এবং সামনের চাকা টার্ন নেওয়ার দিকে মুখ করে স্টিয়ার করা হয়।

B. এটি বেশি স্থিতিশীল, কিন্তু উল্টে-পড়তে পারে এবং সামনের চাকা টার্ন নেওয়ার দিকে মুখ করে স্টিয়ার করতে হয়।

C. এটি বেশি স্থিতিশীল, কিন্তু উল্টে পড়তে পারে এবং সামনের চাকা টার্ন নেওয়ার বিপরীত দিকে মুখ করে স্টিয়ার করা হয়।

**2. দল বেঁধে তিন-চাকার মোটরযান চালানোর সময়, আপনাকে অবশ্যই:**

A. এক লাইনে গাড়ি চালান এবং চার-সেকেন্ডের অনুসরণ দূরত্ব বজায় রাখুন।

B. স্ট্যাগার্ড ফর্মেশনে গাড়ি চালান এবং চার-সেকেন্ডের অনুসরণ দূরত্ব বজায় রাখুন।

C. এক লাইনে গাড়ি চালান এবং এক-সেকেন্ডের অনুসরণ দূরত্ব বজায় রাখুন।

**3. ট্রাইক টার্ন করার সময়, আপনার ঠিক কিভাবে টার্নের কাছাকাছি যাওয়া উচিৎ?**

A. আপনার মাথা সোজা রেখে এবং গতি সমন্বয় করে।

B. আপনার মাথা নিচু রেখে এবং গতিবৃদ্ধি করে।

C. আপনার মাথা নিচু রেখে এবং গতি সমন্বয় করে।

**4. দ্রুত থামার সময় এবং সামনের চাকা স্কিড করলে, আপনার:**

A. মোটরযান পুরোপুরি না থামা পর্যন্ত এটি লক করে রাখা উচিৎ।

B. স্টিয়ারিংয়ের নিয়ন্ত্রণ ফিরে পেতে কিছুটা প্রেশার ধীরে ধীরে কমানো উচিৎ।

C. হ্যান্ডগ্রিপ শক্ত করে ধরে রেখে থ্রোটলের তীব্রতা কমাবেন।

1. B – পৃষ্ঠা ৬৪, দুই-চাকার মোটরযান এবং তিন-চাকার মোটরযানের মধ্যে পার্থক্য
2. A – পৃষ্ঠা ৬৫, লেনের পজিশন
3. A – পৃষ্ঠা ৬৫-৬৬, বাইক টার্ন করা
4. B – পৃষ্ঠা ৬৬, দ্রুত থামা

অধ্যায় বারো

# নমুনা জ্ঞান পরীক্ষার প্রশ্নমালা

(উত্তরগুলো এই অধ্যায়ের শেষে দেওয়া হয়েছে।)

1. আপনার ব্রেক লাইট জ্বালানো অতীব গুরুত্বপূর্ণ যখন:
   (a) আপনি কোনো চৌরাস্তায় থামবেন।
   (b) আপনি হঠাৎ গতি ধীর করবেন।
   (c) সামনে কোনো থামার সংকেত থাকবে।
   (d) আপনার সিগন্যাল কাজ করবে না।

2. ফ্রন্ট ব্রেক কতটা সম্ভাব্য স্টপিং পাওয়ার সরবরাহ করে?
   (a) প্রায় পঁচিশ শতাংশ।
   (b) প্রায় পঞ্চাশ-শতাংশ।
   (c) সত্তর-শতাংশ বা এর বেশি।
   (d) স্টপিং পাওয়ারের সবটুকুই।

3. ঠিকভাবে পাশ কাটানোর জন্য:
   (a) আপনার ওজন দ্রুত স্থানান্তর করুন।
   (b) হ্যান্ডেলবার দ্রুত ঘোরান।
   (c) হ্যান্ডগ্রিপ টার্নের দিকে চাপুন।
   (d) হ্যান্ডগ্রিপ মোড় নেওয়ার বিপরীত দিকে চাপুন।

4. যদি কোনো চাকার হাওয়া চলে যায়, এবং আপনাকে অবশ্যই থামতে হয়, সেক্ষেত্রে এটি করা সবচেয়ে ভালো:
   (a) হ্যান্ডগ্রিপ হালকা করে ধরতে হবে।
   (b) আপনার ওজন ভালো টায়ারের উপর রাখতে হবে।
   (c) থ্রোটল ছেড়ে দিতে হবে।
   (d) দুইটি ব্রেক ব্যবহার করতে হবে এবং দ্রুত থামতে হবে।

5. নিচের গাড়িটি চৌরাস্তায় ঢোকার জন্য অপেক্ষা করছে। সবচেয়ে ভালো হয়:
   (a) ড্রাইভারের সাথে দৃষ্টি বিনিময় করলে।
   (b) গতি কমিয়ে সাড়া দিতে প্রস্তুত হলে।
   (c) গতি ও অবস্থান বজায় রাখলে।
   (d) গতি বজায় রেখে ডানদিকে সরলে।



গাড়ি ও ট্রাকের ছবি Maxim Popov©123RF.com-এর সৌজন্যে

**নমুনা জ্ঞান পরীক্ষার প্রশ্নের উত্তর**

1-B, উত্তর ৪২-৪৩ পৃষ্ঠায়, সুস্পষ্টতা বৃদ্ধি করা, ব্রেক করা
2-C, উত্তর ৩৪ পৃষ্ঠায়, স্টপিং
3-C, উত্তর 47 পৃষ্ঠায়, পাশ কাটিয়ে যাওয়া
4-C, উত্তর ৪৯-৫০ পৃষ্ঠায়, টায়ারের ব্যর্থতা
5-B, উওর ৩৪ পৃষ্ঠায়, চৌরাস্তা

# স্মার্ট পোশাক পরুন – স্মার্ট ভাবুন স্মার্ট রাইড করুন

হাইওয়ে সেফটি সার্ভিসেস, LL

# নিরাপদ মোটরসাইক্লিং শুরু হোক আপনার সাথেই!

## কুইক টিপস: নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য সাধারণ নির্দেশিকা

### দৃশ্যমান থাকুন:

- মনে রাখবেন গাড়িচালকেরা প্রায়ই মোটরসাইকেল দেখতে পান না।
- আপনার হেডলাইট সচল আছে এবং দিনে ও রাতে জ্বালানো যায় সেটি নিশ্চিত করুন।
- আপনার পোশাকে এবং আপনার মোটরসাইকেলে রিফ্লেকটিভ স্ট্রাইপ বা স্টিকার ব্যবহার করুন।
- কার ও ট্রাকের ব্লাইন্ড স্পটে বাইক চালানো এড়িয়ে যান।
- সম্ভব হলে, বাইক ধীর করার সময় এবং থামার আগে আপনার ব্রেক লাইট জ্বালান।
- কোনো গাড়িচালক আপনাকে দেখতে না পেলে এবং আপনার চলাচলের অধিকার লঙ্ঘন করলে এস্কেপ রুট খুঁজে বের করুন।

### নিরাপত্তার ক্ষেত্রে পোশাক:

- মানসম্পন্ন হেলমেট পরুন এবং চোখের সুরক্ষার দিকে লক্ষ্য রাখুন। ফুল-ফেস হেলমেটে সবচেয়ে ভালো সুরক্ষা পাওয়া যায়।
- লেদার বা অন্য কোনো পুরু, সুরক্ষামূলক পোশাক (জ্যাকেট ও প্যান্ট); পায়ের-গোড়ালি পর্যন্ত বুট; এবং গ্ল্যাভস পরুন।
- উজ্জ্বল পোশাক এবং হালকা-রঙের পোশাক বেশি নজরে পড়ে।
- ক্র্যাশ ও রাইডের জন্য পোশাক পরুন।

### কার্যকরী মানসিক কৌশল প্রয়োগ করুন:

- পরিস্থিতির পরিবর্তন দেখার জন্য সড়কের দিকে নিয়মিত চোখ রাখুন। কোনো জরুরি অবস্থায় সাড়া দেওয়ার আগে বিপদ মূল্যায়ন ও সাড়া দিতে সার্চ-ইভাল্যুইয়েট-এক্সিকিউট কৌশল **(SEE)** ব্যবহার করুন।
- আপনি ফাঁদ ও তার থেকে বেরিয়ে আসার উপায় খোঁজার সময় নিজেকে সুযোগ ও সময় দিন।
- অন্যান্য গাড়িচালককে আপনার প্রতি সাড়া দেওয়ার সময় ও সুযোগ দিন।
- আপনি অন্যদের দেখার জন্য এবং অন্যরা যাতে আপনাকে দেখে সেজন্য লেন পজিশন ব্যবহার করুন।
- আপনি যে পথে যাচ্ছেন সেদিকে যে গাড়ি মোড় নিচ্ছে তার দিকে খেয়াল রাখুন, বিশেষ করে চৌরাস্তায়।
- সব টার্ন ও লেন পরিবর্তনের জন্য আপনার টার্ন সিগন্যাল ব্যবহার করুন
- এমনভাবে গাড়ি চালান যেন আপনি অদৃশ্য।
- আপনি ক্লান্ত থাকলে বা অ্যালকোহল বা অন্য কোনো মাদকের প্রভাবে থাকলে বাইক চালাবেন না।
- সড়কের বিধিমালা জানুন ও মেনে চলুন।

### আপনার বাইক এবং এটি কিভাবে ব্যবহার করবেন তা জানুন:

- আপনার মোটরসাইকেলের ম্যানুয়াল ভালো করে পড়ুন এবং বাইক চালানোর আগে চেক করে নেওয়ার অভ্যাস করুন।
- আমাদের অনলাইন কোর্সগুলো করতে msf-usa.org-এ ভিজিট করুন অথবা আমাদের লাইব্রেরিতে থাকা তথ্য সংকলন পর্যালোচনা করুন।
- হাতে-কলমে প্রশিক্ষণ নিন এবং আমাদের পর্যালোচনামূলক কোর্সগুলো করুন। আপনার নিকটস্থ মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন রাইডারকোর্সSM-এর সন্ধান পেতে 800.446.9227 নম্বরে কল করুন বা msf-usa.org-এ ভিজিট করুন।
- ব্যস্ত সড়কে নিজের নৈপুণ্য প্রদর্শনের আগে আপনার বাইক চালানোর কলা-কৌশলগুলো উন্নত করুন, বিশেষ করে জরুরি ব্রেক এবং নিপুণ দক্ষতার সাথে বাইক চালানোর কৌশল রপ্ত করা। আপনার স্কিল ঝালিয়ে নিতে বারবার অনুশীলন করুন।
- আপনার দক্ষতার সীমার মধ্যেই কর্নার করুন। আগ্রাসী কর্নার ক্র্যাশের প্রধান কারণ।
- ভেজা বা বালিপূর্ণ রাস্তা, প্রবল বাতাস, অসমান পৃষ্ঠের মতো প্রতিকূল পরিস্থিতিতে আপনার বাইক কিভাবে নিয়ন্ত্রণ করবেন তা জানুন।

**মনে রাখবেন: কলিশ ট্র্যাপ ও এস্কেপ পথের ব্যাপারে সচেতন থাকুন। মানুষ গাড়ি চালানোর সময় প্রায়ই মোটরসাইকেল খেয়াল করে না। আপনার দক্ষতার সীমা ও পরিস্থিতিগত সীমার মধ্যে বাইক চালান**

মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশনের

# অত্যন্ত নিরাপদ সেরা দশের তালিকা

আনুষ্ঠানিক প্রশিক্ষণ ও লাইসেন্স নিন

সকল গিয়ার পরিধান করুন

অ্যালকোহল ও মাদক মুক্ত অবস্থায় বাইক চালান।

ধরে নিন অন্যরা আপনাকে দেখছে না।

৩৬০ (সার্বিক) সচেতনতা বজায় রাখুন

আপনার চারপাশে বিকল্প স্পেস কুশন তৈরি করুন।

চৌরাস্তা এবং বাঁকে সতর্কতার সাথে প্রবেশ করুন।

জরুরি ব্রেক ও তাৎক্ষণিকভাবে মোড় নেওয়ার অনুশীলন করুন।

আগ্রাসী বাইক চালানোর চিন্তা রেসট্র্যাকের জন্য তুলে রাখুন।

আপনার স্কিলগুলো নিয়মিত ঝালিয়ে নিন।

MSF
MOTORCYCLE SAFETY FOUNDATION
msf-usa.org

## মোটরসাইকেল সেফটি ফাউন্ডেশন রাইডারদের পছন্দTM নিরাপত্তার জন্য চুক্তি

আমি স্বীকার করছি যে আমি মোটরসাইকেল চালানোর সিদ্ধান্ত নেওয়ায় আমার পরিবার ও বন্ধুরা আমার নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হতে পারে। এছাড়া আমি বুঝি যে আমার সিদ্ধান্ত যারা আমাকে নিয়ে ভাবে তাদের উপর প্রভাব ফেলতে পারে, বিশেষ করে আমি মোটরসাইকেল ক্র্যাশে আহত হলে। আমি সম্মতি দিচ্ছি যে, মোটরযান ও গতিশীল অন্য অনেক কাজের মতো, মোটরসাইক্লিংয়ের সাথেও কিছু ঝুঁকি জড়িত, এবং আমি এর দ্বারা নিরাপদে বাইক চালানোর এবং আমার ঝুঁকি হ্রাস করার প্রতিশ্রুতি দিচ্ছি। নিম্নলিখিত প্রতিটি বিবৃতিতে স্বাক্ষর করার মাধ্যমে, আমি সম্মতি দিচ্ছি যে:

___ **মোটরসাইকেল চালানোর সাথে সংশ্লিষ্ট ঝুঁকির ব্যাপারে সজাগ থাকা** – আমি বুঝি যে নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য তাৎক্ষণিক কাজের প্রতি গভীর মনোযোগ এবং আমার চারপাশে ৩৬০ ডিগ্রিতে চলমান সবকিছুর ব্যাপারে সূক্ষ্ম সচেতনতা আবশ্যক। আমি এটাও বুঝি যে গাড়ির তুলনায় মোটরসাইকেলের ক্র্যাশ সুরক্ষায় ঘাটতি রয়েছে, কেননা মোটরসাইকেল গাড়ির চেয়ে ছোট ও সরু, গাড়ি চালকেরা হয়তো আমাকে দেখতে পাবে না এবং আমাকে হঠাৎ পাশ কাটিয়ে সামনে চলে যেতে পারে বা কোনো সংকেত না দিয়েই আমার লেনে ঢুকে যেতে পারে।

___ **প্রশিক্ষণ নেওয়া এবং লাইসেন্স করা** – রাস্তায় বাইক চালানোর আগে একটি নিয়ন্ত্রিত পরিবেশে যথাযথ মানসিক কৌশল ও রাইডিং স্কিল শিখতে, পেশাদার MSF-স্বীকৃত রাইডারকোচদের তত্ত্বাবধানে, আমি কমপক্ষে একটি MSF রাইডারকোর্স® করবো। আমি একজন দায়িত্বশীল ব্যক্তি - এটি প্রদর্শন করতে আমি আমার মোটরসাইকেলের লাইসেন্স বা এনডোর্সম্যান্ট নিবো এবং আমার মোটরসাইকেলের জন্য উপযুক্ত বীমা করাবো।

___ **সুরক্ষামূলক গিয়ার পরিধান** – বাইক চালাতে গেলে আমার গন্তব্য ও বাইক চালানোর সময়কাল যাই হোক না কেন, আমি সবসময় রাইডিংয়ের যথাযথ সুরক্ষা গিয়ার পরিধান করি; বিশেষ করে DOT-স্বীকৃত হেলমেট, সেই সাথে চোখের সুরক্ষা, গ্ল্যাভস, পায়ের গোড়ালির উপর পর্যন্ত বুট, জ্যাকেট ও প্যান্ট।

___ **উপযুক্ত মোটরসাইকেল নির্বাচন** – আমি কেবল এমন মোটরসাইকেল চালাবো যা আমার শারিরীক বৈশিষ্ট্যের সাথে মানানসই এবং অন্য সবভাবেই আমার জন্য উপযুক্ত। ব্যস্ত সড়ক বা হাইওয়েতে বাইক চালানোর আগে আমি মালিকের ম্যানুয়াল ভালো করে পড়ে এবং তুলনামূলক কম ব্যস্ত রাস্তায় অনুশীলনের মাধ্যমে আমার বাইকের নিয়ন্ত্রণ, পাওয়ার ডেলিভারি, ব্রেকিং, ও নাড়াচাড়ার বৈশিষ্ট্যগুলোর সাথে পরিচিত হবো।

___ **নিরাপদ রাইডিং কৌশল ব্যবহার** – আমি SEE – সার্চ, ইভাল্যুয়েট, এক্সিকিউট – এবং ২ সেকেন্ডের ন্যূনতম অনুসরণ দূরত্ব ব্যবহার করার মাধ্যমে ট্রাফিক পরিবেশের ব্যাপারে সচেতনতা এবং আমার অবস্থান বজায় রাখব। টার্ন করা বা লেন পরিবর্তন করতে গেলে আমি সবসময় টার্ন সিগন্যাল ও হেড-চেকের মাধ্যমে অন্যান্য গাড়িচালকদের সাথে যোগাযোগ করব, এবং যদি কোনোভাবে আমার পথ বন্ধ হয়ে যায় সেক্ষেত্রে সম্ভাব্য এসকেপ রুটগুলো আগে থেকে ভেবে রাখব।

___ **আমার সীমার মধ্যে বাইক চালানো** – আমার সামর্থ্যে যতটুকু সম্ভব তার চেয়ে বেশি পথ বা দ্রুত বাইক চালাবো না, বা আগ্রাসীভাবে বাইক চালাবো না বা ঝুঁকিপূর্ণ কৌশল প্রয়োগ করব না। কর্নারে অত্যন্ত দ্রুত মোটরসাইকেল চালানো মোটরযান ক্র্যাশের প্রাথমিক কারণ। প্রতিবার বাইক চালানোর আগে আমি আমার নিজের শারীরিক সক্ষমতা ও মানসিক অবস্থা সততার সাথে মূল্যায়ন করব কেননা সড়কে নিরাপদে মোটরসাইকেল চালানোর জন্য দুইটি দিকই আবশ্যক।

___ **নেশামুক্ত অবস্থায় বাইক চালানো** – বাইক চালানোর সময় আমি কখনোই অ্যালকোহল বা মাদক গ্রহণ করব না। আমি বুঝি যে মোটরসাইক্লিং একটি গুরুত্বপূর্ণ কাজ যার জন্য সূক্ষ্ম ফোকাস, পর্যাপ্ত সচেতনতা, মুহূর্তের মধ্যে সিদ্ধান্ত নেওয়া, শারিরীক সমন্বয়, এবং ভারসাম্যের জন্য সূক্ষ্ম বোধ আবশ্যক, অ্যালকোহল ও মাদক এই দক্ষতাগুলোকে দূর্বল করে দেয়। প্রকৃতপক্ষে, ক্র্যাশের কারণে নিহত মোটরসাইক্লিস্টদের প্রায় অর্ধেকই অ্যালকোহল ব্যবহার করেছিলেন।

___ **আমার মোটরসাইকেলকে চমৎকার অপারেটিং অবস্থায় রাখা** – আমি মালিকের ম্যানুয়ালের বিবরণ অনুযায়ী সুপারিশকৃত রক্ষণাবেক্ষণের সময়সূচি মেনে চলব, মেরামতের কাজ যাতে অবিলম্বে করা হয় সেটি নিশ্চিত করব, এবং টায়ারের প্রতি বিশেষ মনোযোগ দিব, কেননা টায়ারের প্রেশার এবং সামগ্রিক অবস্থা আমার মোটরসাইকেল এবং সড়কের পৃষ্ঠের মধ্যকার গুরুত্বপূর্ণ গ্রিপের উপর প্রভাব ফেলে।

___ **আজীবন শিক্ষার্থী হব** – আমি আমার দক্ষতা ও জ্ঞান ঝালিয়ে নিতে সময়ে সময়ে বিভিন্ন রিফ্রেশার রাইডার প্রশিক্ষণে অংশ নিবো, কারণ একটি প্রশিক্ষণ কোর্স থেকে অর্জিত ইতিবাচক প্রভাবগুলো চিরকাল স্থায়ী হয় না।

এক কথায়, আমি স্বীকার করছি যে যদি আমি প্রশিক্ষণবিহীন, বেপরোয়াভাবে গাড়ি চালাই, বা মোটরসাইকেলের জন্য নির্ধারিত সুরক্ষামূলক পোশাক না পরি, তাহলে আমার প্রাণঘাতি আঘাত লাগার বা মৃত্যুর ঝুঁকি বেড়ে যাবে। এটি কেবল আমার নয় আমার পরিবারের উপরও প্রভাব ফেলতে পারে। তাই, আমি একজন নিরাপত্তা সচেতন ও দায়িত্বশীল মোটরসাইক্লিস্ট হওয়ার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ।

স্বাক্ষরিত: _____ তারিখ:_____

স্পষ্টাক্ষরে নাম:_____ স্বাক্ষী:_____

MI-REP

MICHIGAN RIDER EDUCATION PROGRAM

Michigan.gov/Motorcycling

SOS-116 (পরিমার্জিত: মে ২০২২) মোট মুদ্রিত কপি: ২০,০০০; মোট খরচ: ১৮,৫৮৯.৮০ ডলার; প্রতি কপির খরচ: ০.৯২৯৪ ডলার